a) Where did he went? (b) What does he want?
c) What are they doing? (d) What do they do?
Ans : a

ব্যাখ্যা : উপরের চারটি অপশনের মধ্যে Where did he went? হলো অশুদ্ধ বাক্য। বাক্যটি Past Indefinite Tense-এ আছে। Past Indefinite Tense-এ Auxiliary Verb না থাকলে Did দ্বারা প্রশ্ন করতে হয়। Did Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হওয়ায় মূল verb-এর base form হিসেবে go বসার কথা, কিন্তু বাক্যে go-এর past form হিসেবে went বসেছে। তাই অপশন (a) এর বাক্যটি অশুদ্ধ। নিচের উদাহরণটিও দেখুন-

Which of the following sentences is correct?
(a) Why you have done this?
(b) Why did you have done this?
(c) Why have you done this?
(d) Why you had done this? **Ans: c**

Rule-9 : **কোনো বাক্যের Auxiliary Verb না থাকলে প্রশ্নবোধক বাক্যের শুরুতে Tense অনুযায়ী Auxiliary Verb হিসেবে do, does, did বসে। Do, does ও did বাক্যের শুরুতে আসলে মূল verb এর base form হয়। তেমনিভাবে do not, does not, did not এর পরে মূল verb এর base form হয়। যেমন-**

Choose the correct sentence.
(a) Do he have a house?
(b) Does he have a house?
(c) Does he has a house?
(d) Do he has a house? **Ans : b**

ব্যাখ্যা : উপরের চারটি বাক্যের মধ্যে Does he have a house? হলো শুদ্ধ বাক্য। বাক্যটি Present Indefinite Tense-এ আছে। Present Indefinite Tense-এ কোনো বাক্যে Auxiliary Verb না থাকলে Subject যদি 3rd Person Singular হয় তাহলে Does দ্বারা প্রশ্ন করতে হয়। আর Present Indefinite Tense-এ কোনো বাক্যে Auxiliary Verb না থাকলে অন্য ক্ষেত্রে Do দ্বারা প্রশ্ন করতে হয়। উক্ত বাক্যের Subject 'He' হলো 3rd Person Singular, তাই Does দ্বারা প্রশ্ন করা হয়েছে। এরপর মূল verb এর base form হিসেবে have বসেছে। তাই অপশন (b) এর বাক্যটি শুদ্ধ। উল্লেখ্য যে, have এর তিনটি form হলো have-had-had. নিচের উদাহরণগুলো দেখুন-

Does he have a house? (তার কি একটি বাড়ি আছে?)
Do they have a house? (তাদের কি একটি বাড়ি আছে?)
Did he have a house? (তার কি একটি বাড়ি ছিল?)
He does not want this house. (সে এই বাড়িটি চায় না।)
He did not want this house. (সে এই বাড়িটি চায়নি।)

Rule-10 : Modal Auxiliary (can, could, may, might, should, would, ought to, use to, have to, has to ইত্যাদি)-এর পর সবসময় মূল verb এর base form হয়। কিন্তু Modal Auxiliary-এর পর be থাকে (যেমন- can be, could be, may be, might be, should be, would be, ought to be, use to be, have to be, has to be ইত্যাদি)-তাহলে মূল verb এর Past Participle form হয়। নিচের উদাহরণ দেখুন-

He can do the work.
The work can be done by him.

Rule-11 : Had better ও would rather এর পর সবসময় verb-এর base form হবে। Had better ও would rather-এর অর্থ প্রায় কাছাকাছি। Had better অর্থ উত্তম এবং would rather অর্থ বরং। উত্তম, উপদেশ বা পরামর্শ বোঝাতে সাধারণত আমরা had better ব্যবহার করে থাকি। একটি জিনিস থেকে আরেকটি জিনিস অধিকতর পছন্দনীয় অর্থাৎ তুলনা বোঝাতে সাধারণত আমরা would rather ব্যবহার করে থাকি। সাধারণত যেখানে had better ব্যবহার

Scanned with CamScanner

করা যায়, সেখানে would rather-ও ব্যবহার করা যায়। কিন্তু বাক্যে যদি তুলনা বোঝাতে than শব্দটি থাকে তাহলে সেখানে অবশ্যই would rather ব্যবহার করতে হবে। যেমন

You would rather stay at home (Correct)

You had better stay at home (Correct)

কিন্তু You had better stay at home than go out (Incorrect)

You would rather stay at home than go out (Correct)

Rule-12 : I wish বা Would that এর পর to be verb আসলে তা সব সময় were হবে। কিন্তু I wish বা Would that এর পর অন্য যে কোনো verb আসলে সেই verb-এর আগে could যুক্ত করে বসাতে হয়। যেমন-

- **Which of the following sentences is correct?**
  (a) I wish I was as tall my brother.
  (b) I wish I was as tall my brother was.
  (c) I wish I were as tall as my brother.
  (d) I wish I am as tall as my brother. **Ans: c**
- **Which of the following sentences is correct?**
  (a) I wish I fly in the sky.
  (b) I wish I flew in the sky.
  (c) I wash I can fly in the sky.
  (d) I wish I could fly in the sky. **Ans: d**

Rule-13 : কোনো Indefinite Pronoun তথা Everybody, Everyone, Somebody, Someone, Anybody, Anyone, Nobody, No one, None, Nothing, Something, Anything ইত্যাদি যদি বাক্যের Subject হয় তাহলে verb-টি সবসময় Singular হবে। যেমন-

Everybody loves an honest man.
Nobody believes a liar.
Someone has stolen my pen.
Something is better than nothing.
Anything can be happened.
None is present today.

- **Choose the correct sentence.**
  (a) Everything has been done to help him.
  (b) Everything have been done to help him.
  (c) Everything are done to help him.
  (d) Everything was did to help him. **Ans: a**
- **Choose the correct sentence.**
  (a)Everybody have gone there.
  (b) Everybody are gone there.
  (c) Everybody has gone there.
  (d) Everybody has went there. **Ans: c**

Rule-14 : সাধারণত Relative pronoun এবং তার সাথে verbটি পূর্ববর্তী word (noun/pronoun) অনুসারে হয়।

- **Select the correct sentence :**
  ক) The man was tall who stole my bag.
  খ) The man stole my bag who was tall.
  গ) The man who stole my bag was tall.
  ঘ) The man was tall who is stealing my bag. **Ans: গ**

Rule-15 : One of বাক্যের Subject হলে এরপর Plural Noun/Plural Pronoun হয় কিন্তু তার verb-টি সবসময় Singular হবে।

- **Which of the following sentences is correct?**
  (a) One of my friends are a lawyer
  (b) One of my friends is a lawyer
  (c) One of my friend is a lawyer
  (d) One of my friend are a lawyer **Ans: b**

Rule-16: 'নাড়ীর স্পন্দন অনুভব করা' বোঝাতে 'feel' শব্দ বসে। কারণ, আমরা নাড়ীর স্পন্দন অনুভব করে থাকি। তবে মনে রাখতে হবে যে, ডাক্তার 'নাড়ীর স্পন্দন পরীক্ষা করা' অর্থে 'take' শব্দটি বসে; examine বা see কোনোটিই বসে না।

- **Which one is a correct sentence?**
  ক. I examined his pulse.
  খ. I saw his pulse.
  গ. I found his pulse.
  ঘ. I feel his pulse. **Ans: d**
- **Which one is a correct sentence?**
  ক. The doctor found my pulse.
  খ. The doctor took my pulse.
  গ. The doctor examined my pulse.
  ঘ. The doctor saw my pulse. **Ans: b**

Rule-17: কোনো বিষয়ের শিক্ষক বোঝাতে সেই বিষয়ের আগে preposition হিসেবে 'in' বসে; কিন্তু কোনো বিষয়ে দক্ষ বোঝাতে 'good at' বসে। যেমন: He is a lecturer in English (সে ইংরেজি বিষয়ের প্রভাষক)। He is good at English (সে ইংরেজি বিষয়ে দক্ষ)।

- **কোনটি শুদ্ধ**
  ক. He is a lecturer in English.
  খ. He is a lecturer on English.
  গ. He is a lecturer for English.
  ঘ. He is a lecturer of English. **Ans: a**

Scanned with CamScanner

♦ **Which one is a correct sentence?**

ক. He is good in English.

খ. He is a good on English.

গ. He is good for English

ঘ. He is good at English **Ans : d**

Rule-18: কোনো কমিটিতে থাকা বা অন্তর্ভুক্ত বোঝাতে 'in' না হয়ে সবসময় 'on' বসে।

♦ নিচের কোন বাক্যটি শুদ্ধ?

(ক) He is not in the committee.

(খ) He is not at the committee.

(গ) He is not on the committee.

(ঘ) He is not with the committee. **Ans : c**

Rule-19 : একই sentence –এর বিভিন্ন word-এর সাথে appropriate preposition ব্যবহৃত হয়। অর্থাৎ একটি মাত্র prepositon সকল word এর ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে।

♦ **Identify the correct sentence :**

ক) She had faith in and hopes for the future.

খ) She had faith and hopes for the future.

গ) She had faith and hopes in the future.

ঘ) She had faith and hopes in future. **Ans : a**

MCQ Test

1. কোনটি সঠিক? (সে আমাকে জিজ্ঞেস করলো আমি পাশ করেছি কিনা)
   a. He asked me did I pass
   b. He asked me if I passed
   c. He asked me if I had passed
   d. He asked me if I have passed **Ans. c**
2. নিচের বাক্যগুলোর মধ্যে শুদ্ধ বাক্য কোনটি?
   a. I hanged my shirt on the wall
   b. I saw him playing football.
   c. One must do his duty
   d. He has no appetite in food **Ans. b**
3. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
   a. It has been raining for two days
   b. He is senior than you
   c. Do you know who am I?
   d. Airport is busy place **Ans. a**
4. কোনটি শুদ্ধ বাক্যটি শুদ্ধ?
   a. He appeared at the examination
   b. The more he gets, more he wants
   c. We write with ink
   d. He got the work being done **Ans. a**
5. কোন বাক্যটি শুদ্ধ?
   a. It rained for three days
   b. Bread and butter are necessary
   c. It has been raining for three days
   d. Shahid can do anything what he likes **Ans. c**
6. কোন বাক্যটি শুদ্ধ?
   a. I saw him write something
   b. I saw him writing something
   c. There is no place for doubt in it
   d. He is deaf for hearing **Ans. b**
7. কোনটি শুদ্ধ বাক্য?
   a. Sohel is taller than I
   b. We write with ink
   c. Sohel is taller then me
   d. I did not think it was her **Ans. a**
8. কোন বাক্যটি শুদ্ধ
   a. She was taller than either of her five sisters
   b. I was the man whom they thought was dead
   c. Who do you think he is?
   d. Either of the scholars have done well **Ans. c**
9. কোনটি বাক্যটি শুদ্ধ?
   a. He succeeded to win the prize
   b. He cannot pronounce the word
   c. See the word in the dictionary
   d. We got up in dawn **Ans. b**
10. কোন বাক্যটি শুদ্ধ?
    a. Among my friends he is eldest
    b. He is comparatively better today
    c. He is better than all the boys
    d. He is the best boy in the class **Ans. d**
11. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
    a. The news is true
    b. He gave me an advice
    c. The committee have issued its report
    d. Ten kilometers are a long walk **Ans. a**
12. কোন বাক্যটি শুদ্ধ?
    a. There is no furnitures in my room
    b. Mangoes are comparatively cheaper today
    c. Neither of us was present
    d. I do not take fruits **Ans. c**

Scanned with CamScanner CamScanner

13. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
a. There is no place in the bench
b. I got two bread
c. It is a nice poem
d. I went to my house Ans. c

14. **Choose the correct sentence.**
a. The rich are not always happy
b. Rich is not always happy
c. The rich is not happy always
d. The Rich are not always happy Ans. a

15. **Choose the correct sentence.**
a. The matter was informed to the police
b. The matter has been informed of the police
c. The police was informed of the matter
d. The police were informed of the matter. Ans. d

16. **Which of the following sentences i correct?** (সে যে জামাটি কিনেছিল সেটি ছিল নীল রংয়ের)
a. That shirt which he bought is blue in colour
b. The shirt that which he bought is blue in colour
c. Which shirt he bought is blue in colour
d. The shirt which he bought is blue in colour Ans. d

17. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
a. Walking in the garden a snake bite him
b. Grammar is the better servant than a master
c. It has been raining for three days
d. He gave the examination Ans. c

18. নিচের কোনটি শুদ্ধ বাক্য?
a. I am feeling well
b. The sceneries here are very beautiful
c. Let you and I do
d. Let you and me do it Ans. d

19. **Which one is a correct sentence? [41st BCS]**
ক. The doctor found my pulse.
খ. The doctor took my pulse.
গ. The doctor examined my pulse.
ঘ. The doctor saw my pulse. উ. গ

20. **Choose the correct sentence: [38th BCS]**
(a) He refrained to take any drastic action.
(b) He refrained on taking any drastic action.
(c) He refrained in taking any drastic action.
(d) He refrained from taking any drastic action. উ. ঘ

21. **Choose the correct sentence: [37th BCS]**
(a) All of it depend on you.
(b) All of it are depends on you.
(c) All of it depends on you.
(d) All of it are depended on you. উ. গ

22. **Which one is a correct sentence? [36th BCS]**
(a) Paper is made of wood.
(b) Paper is made from wood.
(c) Paper is made by wood.
(d) Paper is made on wood. উ. খ

23. **Identify the correct sentence: [36th BCS]**
(a) Yesterday, he has gone home.
(b) Yesterday, he did gone home.
(c) Yesterday, he had gone home.
(d) Yesterday, he went home. উ. ঘ

24. **Which is the correct sentence? [35th BCS]**
(a) He insisted on seeing her.
(b) He insisted for seeing her.
(c) He insisted in seeing her.
(d) He insisted to be seeing her. উ. ক

Scanned with CamScanner

2. Fill in the blanks with appropriate preposition [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

1. — course of time, he became a famous writer. *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. In খ. Of
   গ. For ঘ. By উ. ক
2. Ignorance is obstacle– progress. *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. to খ. for
   গ. with ঘ. from উ. ক
3. Five litres of milk is contained —the pot. *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. by খ. to
   গ. in ঘ. at উ. গ
4. I could not go —for the examination due to rain. *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. in খ. by
   গ. to ঘ. on উ. ক
5. Nasim will discuss the issue with Rafiq– phone. *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. in খ. over
   গ. by ঘ. on উ. গ
6. He prohibited me– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. to do it খ. do it
   গ. in doing it ঘ. from doing it উ. ঘ
7. I have applied for the post of a Lecturer – English. *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. at খ. of
   গ. for ঘ. in উ. ঘ
8. She argued – me about the marriage. *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. with খ. for
   গ. to ঘ. from উ. ক
9. The second World War broke– in September, 1939. *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. out খ. through
   গ. away ঘ. in উ. ক
10. I am entitled – a share of the profit. The correct preposition is– *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
    ক. to খ. for
    গ. from ঘ. into উ. ক
11. I don't think you will have any difficulty- driving licence. *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
    ক. to get খ. in getting
    গ. for getting ঘ. get উ.
12. I decided to go – with my friend as I neec some exercise. *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
    ক. to a walk খ. for walking
    গ. for a walk ঘ. walk উ.
13. The girl was reclining– the couch. *[১৩তম কলেজ নিবন্ধন-২০*
    ক. on খ. by
    গ. in ঘ. to উ.
14. When you make a promise, you must not g on it. *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
    ক. by খ. around
    গ. back ঘ. along উ.
15. The judge acquitted him – the charge. *[১২তম ক নিবন্ধন-২০১৫]*
    ক. from খ. of
    গ. on ঘ. in উ.
16. He complied – her request. *[১২তম কলেজ নিবন্ধন-২০১*
    ক. on খ. with
    গ. to ঘ. by উ.
17. The children were entrusted – the care of the uncle. *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
    ক. with খ. for
    গ. to ঘ. at উ. গ
18. Fill in the blank with appropriate preposition i the sentence :
    I am pleased– hear about your promotion. *[১১ কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. by খ. to
    গ. with ঘ. for উ.
19. Do not insist– his going there. *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. to খ. on
    গ. with ঘ. in উ.
20. He advised me – smoking. *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. give up খ. to stop
    গ. to give up ঘ. from giving up উ. গ
21. The man was – murder. *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. hung for খ. hanged for
    গ. hanged ঘ. hung to উ.

Scanned with CamScanner CamScanner

22. I don't hanker – wealth. [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. for খ. on
গ. over ঘ. after
উ. ঘ

23. Do not run– debt. [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. to খ. with
গ. from ঘ. into
উ. ঘ

24. He divided the money– the two brothers. [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. between খ. among
গ. in between ঘ. over
উ. ক

25. Della stood– the window. [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. by খ. on
গ. up ঘ. for
উ. ক

26. Your counduct admits– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. to খ. for
গ. of ঘ. off
উ. গ

27. Mukta knows – sing. [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. well to খ. to
গ. herself to ঘ. how to
উ. ঘ

28. Hardly had he entered the room when electricity– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. went off খ. went of
গ. went away ঘ. went out
উ. ক

29. The client lodged a complaint– the cashier. [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. against খ. for
গ. with ঘ. by
উ. ক

30. Select the correct preposition to complete the sentence : I went – great sufferings. [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. on খ. for
গ. through ঘ. with
উ. গ

স্কুল পর্যায়

1. He fell – a trap. [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. of খ. off
গ. into ঘ. out
উ. গ

2. The prince has no ambition – the throne. [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. to খ. with
গ. of ঘ. for
উ. ঘ

3. The man is – his son's fault. [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. blind to খ. blind of
গ. blind in ঘ. blind at
উ. ক

4. Curd is made — milk. [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. of খ. by
গ. in ঘ. from
উ. খ

5. Do not — what you can do today. [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. put on খ. put to
গ. put off ঘ. put left
উ. গ

6. She has no test — music. [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. of খ. for
গ. to ঘ. in
উ. খ

7. He parted– his friends in tears. [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. with খ. from
গ. against ঘ. beside
উ. খ

8. Credit Tk. 5,000– my account. [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. with খ. to
গ. in ঘ. for
উ. খ

9. Man has no escape – death. [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. before খ. from
গ. by ঘ. in
উ. খ

10. I have no money – hand. [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. in খ. by
গ. at ঘ. on
উ. ক

11. The fruit is sweet – the taste. [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. by খ. with
গ. for ঘ. to
উ. ক

12. The road runs– hill and plain. [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. by খ. to
গ. across ঘ. over
উ. গ

স্কুল পর্যায়-২

1. We should live— harmony — others. [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. in, with খ. with, to
গ. in, include ঘ. to, with
উ. ক

2. The old man was very weak. His health broke — under the pressure of work. [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. down খ. upon
গ. through ঘ. away
উ. ক

3. Your watch has run — [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. down খ. short
গ. good ঘ. up
উ. ক

4. He insisted — there. [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. over going খ. on my going
গ. to go ঘ. is to go
উ. খ

Scanned with CamScanner

5. **Everybody should – their old parents.** *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. look at খ. look after
গ. look up ঘ. look into উ. খ

6. **The patient will – soon.** *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. come in খ. come off
গ. come round ঘ. come by উ. গ

বিস্তারিত আলোচনা

➢ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিসহ বিভিন্ন চাকরির পরীক্ষাতে Preposition থাকেই। তাই Preposition ইংরেজিতে খুবই গুরুত্বপূর্ণ একটি টপিক। অনেকের কাছে Preposition একটি আতঙ্কের নাম। কিন্তু Appropriate Prepositions ভালোভাবে আয়ত্ত করার জন্য আপনি যখন পড়বেন, তখন একটু হালকা শব্দ করে পড়বেন যেন অন্তত আপনার কান পর্যন্ত শব্দ পৌঁছায় এবং পড়ার সময় খাতায় বারবার লিখবেন। না বুঝে কোনো Preposition মুখস্থ করা যাবে না। Preposition এর উদাহরণগুলো পড়ার সময় বাক্যের অর্থ বোঝে বোঝে পড়বেন; বাক্যে কী অর্থে কোন Preposition ব্যবহৃত হয়েছে তা খেয়াল করবেন। একদিনে একসাথে ১০টির বেশি Preposition পড়বেন না। প্রতিদিন ১০টি করে Preposition ভালোভাবে বারবার পড়লে দেখবেন অল্প কিছু দিনের মধ্যে গুরুত্বপূর্ণ সব Preposition শেষ হয়ে গেছে। এইভাবে পড়লে আপনার জন্য Preposition শেখা ও মনে রাখা অনেকটা সহজ হয়ে যাবে।

- **Abide by** (মেনে চলা) - The students must abide by the rules of discipline.
- **Abhorrent to** (ঘৃণ্য) - Corruption is abhorrent to me.
- **Abound in** (কোনো কিছুর ভিতর প্রচুর পরিমাণে বিদ্যমান থাকা) - Hilsha fish abounds in the Meghna.
- **Abound with** (কোনো কিছু দ্বারা পরিপূর্ণ হওয়া) - The Meghna abounds with hilsha fish
- **Absent from** (অনুপস্থিত) - They are absent from the meeting.
- **Absorbed in** (নিমগ্ন) - She is absorbed in deep study.
- **Abstain from** (বিরত থাকা) - Everybody should try to abstain from drug addiction.
- **Acceptable to** (গ্রহণযোগ্য) - Her offer is acceptable to me.
- **Access to** (প্রবেশাধিকার) - They have easy access to the Chairman's room.
- **According to** (অনুসারে) - She acted according to my order.
- **Account with** (হিসাব) - He has a savings account with Sonli Bank.
- **Account for** (জবাবদিহি করা) - They were unable to account for the mistake.
- **Accused of** (অভিযুক্ত) - The man was accused of theft.
- **Acquit of** (অব্যাহতি দেয়া) - The chief justice acquitted him of the charge of murder
- **Adapt to** (খাপ খাওয়ানো) - Shila cannot adapt to new place.
- **Addicted to** (আসক্তি) - Kamal is addicted to gambling
- **Adhere to** (লেগে থাকা, অটল থাকা) - You should adhere to your principle.
- **Admit of** (অবকাশ থাকা; সুযোগ থাকা) - His conduct admits of no excuse.
- **Afraid of** (ভীত) - Kamal gets afraid of the dog.
- **Agree to** (কারোর প্রস্তাবে রাজি হওয়া) - He agreed to her proposal.
- **Agree with** (ব্যক্তির সাথে একমত হওয়া) - I agree with him.
- **Aim at** (লক্ষ্য করা) - The RAB aim at the rapist.
- **Allergic to** (ভীষণ অপছন্দনীয়) - Lots of people are allergic to drinking.
- **Alternative to** (বিকল্প) - There is no alternative to question for the examinees.
- **Amenable to** (বাধ্য) - The student is not amenable to reason.
- **Angry at** (ক্ষুব্ধ) - K[illegible]al is angry at her failure.
- **Angry for** (কোনো কাজে রাগান্বিত হওয়া) - My friends were angry with me for my having done this.
- **Angry with** (কারো সাথে রাগান্বিত) - Jamal is angry with me.
- **Annoy with, for** (কোনো ব্যক্তি দ্বারা কোনো কিছুর জন্য বিরক্ত হওয়া) - Ema was annoyed with him for being late.
- **Antipathy to/towards** (ঘৃণা) - I have a strong antipathy to smoking.
- **Apathy towards** (অনাগ্রহ) - The student has a great apathy towards his studies.
- **Anxious about** (কোনো কিছুর ব্যাপারে চিন্তিত) - Shila is anxious about her examination.
- **Anxious for** (কারোর ব্যাপারে চিন্তিত) - Karim was anxious for her.
- **Apology to** (কারো কাছে ক্ষমা চাওয়া) - Kamal should ask apology to her.
- **Apology for** (কোনো কারণে ক্ষমা চাওয়া) - Kamal should ask apology to her for his mistake.
- **Appetite for** (ক্ষুধা) - He has no appetite for food.
- **Apply to** (কারো কাছে আবেদন করা) - He applied to the principal for free admission.
- **Apply for** (কোনো বিষয়ে আবেদন করা) - I applied for the job.
- **Appointed to** (নিযুক্ত) - They appointed me to this post.

Scanned with CamScanner CamScanner

- **Appointment with** (সাক্ষাতের সময়) - He has an appointment with the minister at 11:00 am.
- **Aptitude for** (যোগ্যতা) - The girl has no aptitude for music.
- **Argue against** (বিপক্ষে বলা) - She argued against the bill.
- **Argue over** (কোন বিষয়ে তর্ক করা) - The kids are arguing over which TV program to watch.
- **Argue with, about** (কারো সাথে কোনো বিষয়ে তর্ক করা) - They do not want to argue with you about the tiny matter.
- **Ashamed of** (লজ্জিত) - His parents are ashamed of his conduct.
- **Ask about** (কাউকে খোঁজ করা) - Kamal asked about Jamal.
- **Asked for** (কোনো কিছু চাওয়া) - Do not ask him for any help.
- **Assure of** (নিশ্চিত করা; আশ্বস্ত করা) - I assured you of my help.
- **At lunch** (দুপুরের খাবারে) - They were talking so much at lunch that their food went cold.
- **At stake** (ঝুঁকি, বিপন্ন) - Millions of lives will be at stake for the worldwide war.
- **At the bottom** (নিচে) - The principal asked the students to do exercise at the bottom of the page.
- **At the sight of** (দর্শনে) - Sumon was horrified at the sight of so much distress.
- **At the weekend** (সপ্তাহান্তে, ছুটির দিনে) - I shall meet with you at the weekend.
- **Attend on** (সেবা করা) - Doctors attend on patients.
- **Attend to** (মনোযোগ দেয়া) - Students should attend to their study.
- **Authority on** (বিশেষজ্ঞ) - Mr. Kamal is a leading authority on English Grammar.
- **Authority over** (কর্তৃত্ব, আধিপত্য)- She has no authority over her growing daughters.
- **Aware of** (সতর্ক, সচেতন) - You should aware of your various problems.
- **Avail (oneself) of** (সুযোগ লওয়া) - He availed himself of the opportunity.
- **Bad at** (অদক্ষ) - He is not bad at English.
- **Good at** (দক্ষ) - He is good at English.
- **Believe in** (অস্তিত্বে বিশ্বাস স্থাপন করা) - He believes in Allah.
- **Beneficial to** (উপকারী) - Green Vegetables are beneficial to health.
- **Bias against** (বিপক্ষে) - Kamal has no bias against the BCS exam system.
- **Bias towards** (পক্ষে) - Jamal has no bias towards anything particular.
- **Bless with** (কোনো কিছু দ্বারা আশীর্বাদ পুষ্ট হওয়া): He is blessed with a son.
- **Blind of** (অন্ধ) - The poor man is blind of one eye.
- **Blind to** (উদাসীন) - She is blind to her son's fault.
- **Break in** (কথার মাঝে কথা বলা) - As she was talking, he suddenly broke in, saying, 'That's a lie!'
- **Bridge over** (সেতু) - There is a new bridge over the Meghna river.
- **Brood over/on** (চিন্তা করা, উদ্বিগ্ন হওয়া)* - I know you are upset about your failing your exam, but don't brood over/on it all weekend.
- **By heart** (মুখস্থ) - Kamal learnt the poem by heart.
- **Care for** (গ্রাহ্য করা) - I do not care for you.
- **Care of** (যত্ন নেয়া) - You should take care of your health.
- **Catch at** (আকড়ে ধরা) - The baby caught at my dress as I walkede past.
- **Cause for** (চিন্তিত হওয়ার কারণ) - He has never given me any cause for concern.
- **Cause of** (কারণ) - Industry is the cause of his success.
- **Change into** (পরিবর্তিত হওয়া) - At what point does boiling water change into vapour.
- **Charge with** (অভিযুক্ত করা) - The man was charged with murder.
- **Come from** (কোনো জায়গা থেকে আসা) - He came from London.
- **Come of** (কোনো পরিবারে জন্মগ্রহণ করা) - She came of a noble family.
- **Come round** (আরোগ্য লাভ করা; সুস্থ হওয়া)- I hope you will come round soon.
- **Compare to** (ভিন্ন জিনিসের মধ্যে তুলনা করা) - They compared the heart to a pump.
- **Compare with** (সমজাতীয়ের মধ্যে তুলনা করা) - Shelly can be compared with Nazrul.
- **Compensate for** (ক্ষতিপূরণ দেয়া) - We will have to compensate you for the loss.
- **Competent for** (যোগ্য) - You are not competent for the new post.
- **Complain to** (কারো কাছে নালিশ করা) - You should not complain to his parents.
- **Complain about** (কোনো বিষয়ে নালিশ করা) -They complained about the mismanagement of the programme.
- **Concerned for** (উদ্বিগ্ন) - The parents are concerned for their growing children.

Scanned with CamScanner

- **Concern in** (জড়িত থাকা) - Kamal is not concerned in the plot.
- **Confidence in** (আত্মবিশ্বাস) - I have confidence in my ability.
- **Confident of** (আশাবাদী) - I am confident of my success.
- **Confined in** (আবদ্ধ) - They were confined in prison for a murder case.
- **Confined to** (শয্যাগত) - He was confined to bed with fever for a week.
- **Congenial to** (উপযোগী) - Fresh air is congenial to our health.
- **Congratulate on** (অভিনন্দন জানানো) - He congratulated me on my tremendous success.
- **Consist in** (কোনো কিছুর মধ্যে বিদ্যমান থাকা) - Happiness consists in contentment.
- **Consist of** (কোনো কিছুর সমন্বয়ে গঠিত) - Our family consists of four members.
- **Contrary to** (বিপরীত) - Contrary to orders, they set out alone.
- **Contribution to** (অবদান) - His invention made a major contribution to road safety.
- **Control over** (দখল) - The parents have no control over their children.
- **Cope with** (এঁটে ওঠা; তাল মিলিয়ে চলা) - They cannot cope with so much work.
- **Count on/upon** (নির্ভর, বিশ্বাস করা) - Rahim count on (upon) my help.
- **Deal in** (কোনো কিছুর ব্যবসা করা) - They deal in green vegetables.
- **Deal with** (কারো সাথে আচরণ করা) - Kamal deals in green vegetables but does not know how to deal with the customers.
- **Debar from** (বাধা দেয়া) - He was debarred from smoking.
- **Depend on** (নির্ভর করা) - A successful career merely depends on hard work.
- **Depend upon** (নিশ্চিত থাকা, আস্থা রাখা) - She depended upon his word.
- **Deprive of** (বঞ্চিত) - He is deprived of his property.
- **Derive from** (উৎসারিত হওয়া) - The line has been derived from the poem.
- **Desire for** (আকাঙ্ক্ষা করা) - He has no desire for money.
- **Desist from** (বিরত থাকা) - She desisted from making this.
- **Detrimental to** (ক্ষতিকর) - Smoking is detrimental to our health.
- **Devoid of** (বিহীন, বর্জিত) - She is devoid of commonsense.
- **Devote to** (উৎসর্গ করা) - He devotes much time to study.
- **Die by** (কোন কিছু দ্বারা মারা যাওয়া) - Kamal died by poison.
- **Die for** (জীবন উৎসর্গ করা) - Kamal died for his country.
- **Die from** (কোন কিছুর জন্য মারা যাওয়া) - The poor person died from hunger.
- **Die of** (রোগে মরা) - The orphan boy died of cancer.
- **Differ from** (ভিন্ন হওয়া) - His shirt differs from mine.
- **Differ with** (মতের অমিল হওয়া) - I differ with him on this point.
- **Different from** (আলাদা হওয়া) - His hobby is different from your hobby.
- **Difficulty in** (সমস্যা) - I don' think you will have any difficulty in getting the smart card.
- **Disappointed at** (হতাশ) - The student was disappointed at failure.
- **Discourage from** (নিরুৎসাহিত করা) - He discouraged me from going out in the morning.
- **Distinguish between** (দুইয়ের মাঝে পার্থক্য করা) - Death does not distinguish between the poor and the rich.
- **Divide between** (দুইয়ের মাঝে বণ্টন করা) - He divided the food between the two poor children.
- **Divide among** (অনেকের মাঝে বণ্টন করা) - The teacher divided the books among us.
- **Divisions among** (বিভক্তি, বিভেদ) - The divisions among the enormous groups of society are the main clashes in our society.
- **Dressed in** (সজ্জিত, পরিহিত) - The girl was dressed in silk.
- **Dull of** (বধির; কানে শুনে না) - He is dull of hearing.
- **Dwell in** (বাস করা) - She dwells in this new house.
- **Easy of** (সরল) - The teacher is easy of approach.
- **Eligible for** (যোগ্য) - You are eligible for the post.
- **End in** (ফলে পরিণত হওয়া) - My effort did not end in smoke.
- **Enter into** (কোনো কিছুতে আবদ্ধ হওয়া) - Tareq entered into a new agreement.
- **Enter** (কোনো স্থানে প্রবেশ করা বোঝাতে সরাসরি 'enter' বসে। এর সাথে কোনো **preposition** বসে না) - When Kamal entered the room everybody stopped laughing.
- **Entitled to** (অধিকারী) - He is entitled to a r+eaward for honesty.
- **Entrust to** (কাউকে কোনো কিছু বিশ্বাস করে দেয়া) - He entrusted the thing to me.

Scanned with CamScanner CamScanner

- **Entrust with** (কোনো কিছু দ্বারা কাউকে বিশ্বাস করা) - He entrusted me with the thing.
- **Equal to** (যোগ্য, সমান) - He is not equal to me.
- **Essential to** (অত্যাবশ্যক) - Food is essential to health.
- **Exception to** (ব্যতিক্রম) - There is no exception to the act.
- **Exclude from** (বাদ দেয়া) - He was excluded from the list.
- **Exempt from** (কাউকে কোনো কিছু থেকে অব্যহতি দেয়া) - They were exempted from the charge.
- **Excel in** (দক্ষ) - She is excelled in cooking.
- **Expert at** (কোনো কিছুতে করতে দক্ষ) - The girl is expert at drawing.
- **Experience in** (অভিজ্ঞতা) - He has a great experience in dealing with new customers.
- **Faced with** (সম্মুখীন হওয়া) - The vellage he lived in is faced with arsenic poisoning.
- **Fail in** (ব্যর্থ হওয়া) - He failed in getting inernet connection in his room.
- **Faith in** (বিশ্বাস) - He has a strong faith in Allah.
- **Fantasize about** (কল্পনা করা) - They fantasized about winning the lottery.
- **Fatigued by** (ক্লান্ত) - He was fatigued by hard work.
- **Fed up with** (বিরক্ত) - He is fed up with waiting for her.
- **Feed on** (খেয়ে বাঁচা) - Cows feede on grass.
- **Feed with** (কোনো কিছু খাওয়ানো) - They feeds the cow with grass.
- **Feel like** (প্রত্যাশা করা) - The family doesn't feel like going outing this season.
- **Fond of** (প্রিয়) - Children are fond of reading new book.
- **Free from** (মুক্ত) - He is now free from danger.
- **Give in** (মেনে নেওয়া) - The leader gave in to the demands of the opposition party.
- **Give up** (পরিত্যাগ করা) - You should give up smoking.
- **Go down** (ডুবে যাওয়া) - The boy went down in the river.
- **Good at** (দক্ষ) - She is good at English.
- **Guilty of** (অপরাধী) - She is guilty of theft.
- **Hanker after** (আকাঙ্ক্ষা করা) - You should not hanker after wealth.
- **Hinge on** (নির্ভর করা) - The whole matter hinges upon this clue.
- **Hit upon** (পরিকল্পনা নেয়া) - He hit upon a new plan.
- **Ignorant of** (অজ্ঞ) - He is ignorant of cultivation.
- **Important for** (গুরুত্বপূর্ণ) - It is important for children to get a quality education.
- **Importance of** (গুরুত্ব) - He emphasized the importance of learning English.
- **Imposed on** (আরোপিত) - The task was imposed on me.
- **Impute to** (অন্যায়ভাবে দায়ী করা) - Do not impute motives to her.
- **Incapable of** (অক্ষম) - I am incapable of making such a hard decision.
- **Incentive to** (উৎসাহদায়ক) - The campaign is incentive to mass awakening.
- **Indebted to** (কোনো জিনিসের জন্য কারো কাছে ঋণী থাকা)- I am indebted to Gazi Mizanur Rahman for my success.
- **Indifferent to** (উদাসীন) - His friend is indifferent to his duties.
- **Indispensable to** (অত্যাবশ্যকীয়) - Your help is indispensable to him.
- **Indulge in** (আসক্ত) - You should not indulge in Facebook.
- **Inferior to** (হীন/নীচু) - Sumi is inferior to Sima.
- **Infested with** (অতিষ্ঠ) - The room is infested with rats.
- **Innocent of** (নির্দোষ) - She is innocent of the charge.
- **Inquire for** (দেখা করতে চাওয়া) - He inquires for the manager.
- **Inquire into** (খতিয়ে দেখা) - The sub-inspector will inquire into the matter.
- **Insist on** (জেদ, পীড়াপীড়ি করা) - He insisted on seeing her.
- **In spite of** (সত্ত্বেও) - In spite of my request, he could not arrived on time.
- **Intent on** (দৃঢ় সংকল্পবদ্ধ) - He is intent on meeting there.
- **Interest in** (উৎসাহ) - He has no interest in music.
- **Interfere with** (কোনো ব্যক্তির উপর হস্তক্ষেপ করা) - She never interferes with her grown up children.
- **Interfere in** (কোনো বিষয়ে হস্তক্ষেপ করা) - Don't interfere with me in my business.
- **Jump into** (লাফ দেয়া) - The travellers jumped into the car.
- **Junior to** (কনিষ্ঠ) - He is junior to me.
- **Senior to** (জ্যেষ্ঠ) - He is senior to me.
- **Key to** (চাবিকাঠি) - Industry is the key to success.
- **Know about** (জানা) - They don't know about the matter.
- **Laugh at** (উপহাস করা) - Do not laugh at the lame.
- **Laugh with** (কারো সাথে হাসা) - I was laughing with my friends at that moment.
- **Lead to** (নিয়ে যাওয়া) - The evidence leads him to a different conclusion.
- **Learn about** (জানা) - They have recently learnt about the matter.

Scanned with CamScanner

- **Liable to, for (দায়ী)** - She is liable to punishment for neglecting her duties.
- **Liberate from (মুক্ত করা)** - Our country was liberated from Pakistan in 1971.
- **Light by (আলোকিত)** - Now -a- days many villages are lit by electricity.
- **Long for (আশা করা)** - Everone longs for happiness in his life.
- **Look at (তাকানো)** - Look at the beautiful moon.
- **Look for (খোঁজা)** - She is looking for a good job.
- **Look into (তদন্ত করা, অনুসন্ধান করা)** - The detective branch is looking into the case.
- **Look up (ডিকশনারি থেকে শব্দার্থ খোঁজা)** - You can always look up her address in the dictionary if you have forgotten it.
- **Make of (কোনো উপকরণ দ্বারা সরাসরি তৈরি বোঝাতে)** - His ring is made of gold.
- **Make from (কোনো উপকরণ দ্বারা সরাসরি তৈরি নয় এমন বোঝাতে)** - The paper is made from bamboo.
- **Make up of (গঠিত)** - The Bangladesh cricket team is made up of eleven young players.
- **Mourn for (শোক করা)** - It is useless to mourn for the dead.
- **Necessary for (আবশ্যক)** - Industry is necessary for prosperity.
- **Necessity to (প্রয়োজনীয়তা)**- Rest is necessity to me now.
- **Need for (প্রয়োজন থাকা)**- I have no need for more money.
- **Need of (প্রয়োজন)**- I am in need of more money.
- **Object to (আপত্তি করা)** - He objected to your remark.
- **Obliged to, for (কারো প্রতি কোনো কারণে কৃতজ্ঞ থাকা)** - I am obliged to him for his cooperation.
- **Oblivious of (অসচেতন)** - He is oblivious of his surroundings.
- **On TV (টেলিভিশনে)** - He watched the movie on TV.
- **Originated from (উৎপত্তি হওয়া)** - The fire originated from the kitchen.
- **Part from (কাউকে বিদায় জানানো)** - He parted from me tears.
- **Part with (কোনো কিছু ত্যাগ করা)** - I cannot part with my best friend.
- **Pass away (মরা যাওয়া)** - His mother passed away last month.
- **Pass by (পাশ দিয়ে যাওয়া)** - She passed by but didn't notice him.
- **Penalty for, with (দন্ড, জরিমানা)** - She has paid the penalty for the misuse of power with two years in prison.
- **Perfect for (সঠিক, মানানসই)** - The new book is perfect for you.
- **(Take) Pity on (দয়া, করুণা করা)** - Allah took pity on me.
- **Play with (খেলা করা/ মজা করা)** - I shall not play with him.
- **Point out (চিহ্নিত করা)** - Point out the mistakes from the book.
- **Ponder over (চিন্তা করা)** - Ponder over his advice.
- **Popular for (কোনো কিছুর কারণে জনপ্রিয়)** - The teacher is popular for her teaching.
- **Popular with (কারো দ্বারা জনপ্রিয়)** - The teacher is popular with his students.
- **Pray for (দোয়া করা)** - My parents pray for my success.
- **Prefer to (অধিকতর পছন্দ করা)** - They prefer coffee to tea. (বিঃদ্রঃ এখানে Prefer than ব্যবহার করলে ভুল। Prefer এর পর সবসময় to হয়।)
- **Preferable to (অধিকতর পছন্দনীয়)** - Death is preferable to dishonour. (বিঃদ্রঃ এখানে Preferable than ব্যবহার করলে ভুল। Preferable এর পর সবসময় to হয়।)
- **Preside over (সভাপতিত্ব করা)** - The chairperson presided over the meeting.
- **Prevail on/upon (রাজি করানো)** - She could not prevail on/upon me.
- **Prevent from (বিরত রাখা)** - He prevented me from reading this book.
- **Pride in (গর্ব)** - He takes pride in his wealth.
- **Pride oneself on (গর্ব করা)** - The woman prides herself on her beauty.
- **Proud of (গর্বিত)** - The mother was proud of her son.
- **Prior to (পূর্বে)** - This difficult task is prior to all others.
- **Proficiency in (পারদর্শী)** - He is proficiency in English
- **Provide with (সরবরাহ করা)** - She provides us with vegetables regularly.
- **Qualified for (যোগ্য)** - He is qualified for the BCS written exam.
- **Quick at (দক্ষ; পটু)** - Niger is quick at her work.
- **Rebel against (বিদ্রোহ করা)** - The soldiers rebelled against the king
- **Recover from (সেরে ওঠা, আরোগ্য লাভ করা)** - Sujon has recovered from illness just now.
- **Refrain from (বিরত থাকা; বিরত হওয়া)** - You should refrain from smoking.

Scanned with CamScanner

- **Relevant to** (প্রাসঙ্গিক, যৌক্তিক) - My answer is relevant to your question.
- **Remedy for** (প্রতিকার) - There is no easy remedy for cancer.
- **Relieve from** (মুক্তি পাওয়া) - He relieved me from pain.
- **Reliant on** (নির্ভরশীল) - He is reliant on his parents.
- **Remind of** (কাউকে কোনো কিছু মনে করিয়ে দেয়া) - I reminded him of his prpmise.
- **Repentant for** (অনুতপ্ত) - Kamal should be repentant for his misbehaviour.
- **Reputation for** (খ্যাতি) - She has reputation for kindness.
- **Respect for** (সম্মান, শ্রদ্ধা) - I have great respect for my parents.
- **Respond to** (সাড়া দেয়া) - She did not respond to my call
- **Responsible to** (কারো নিকট দায়ী থাকা) - You are responsible to me for your misdeeds.
- **Responsible for** (কোনো বিষয়ে দায়ী থাকা) - They are responsible for their duties.
- **Retire from** (অবসর নেয়া) - She retired from the government job last month.
- **Retire to** (শুতে যাওয়া) - She retired to bed.
- **Return to, from** (ফেরা) - Kamal returned to Paris by plane from Sylhet.
- **Revolt at** (বিদ্রোহ করা) - He always revolts at a crime.
- **Road to** (উপায়/ রাস্তা) - There is no easy road to learning.
- **Run into** (জড়িয়ে পড়া) - He had run into debt.
- **Run on** (বিরতিহীন চলা) - The bus is running on time.
- **Run over** (চাপা পড়া) - The boy was run over by a bus.
- **Satisfied with** (সন্তুষ্ট হওয়া) - He is satisfied with her.
- **Search for** (অনুসন্ধান) - He searched for information on the web.
- **Senior to** (বড়, জ্যেষ্ঠ) - He is senior to me.
- **Shout at** (চিৎকার করে ডাকা) - Do not shout at your parents.
- **Similar to** (সদৃশ, একই রকম) - This pen is similar to that.
- **Smile at** (হাসা) - They are smiling at themselves.
- **Smile on/upon** (অনুগ্রহ করা) - Fortune smiles on/upon the brave.
- **Solution to** (সমাধান) - None can solution to every problem.
- **Sorry for** (দুঃখিত) - He is sorry for his misdeeds.
- **Succeed in** (সফল হওয়া, সাফল্য লাভ করা) - They succeeded in winning a pardon .
- **Suffer from** (অসুখে ভোগা) - Nabil has been suffering from fever for the last three days.
- **Suited to** (উপযোগী) - Your dress is not suited to the programme.
- **Survive on** (বেঁচে থাকা, টিকে থাকা) - We can't survive on thre earth without air.
- **Sympathy for** (সহানুভূতি) - She has great sympathy for the poor.
- **Take pity on** (দয়া করা) - Take pity on the helpless people.
- **Take after** (সদৃশ হওয়া, একই রকম হওয়া) - The boy takes after his brother.
- **Taste of** (স্বাদ; অভিজ্ঞতা) - They have had some taste of problems.
- **Taste for** (রুচি; পছন্দ) - He has a great taste for music.
- **Thirst for** (তৃষ্ণা, আকাঙ্ক্ষা) - A wise man has no thirst for wealth.
- **Translate from, into** (অনুবাদ করা) - V.I. Lenin's books have been translated from Russian into many languages.
- **Treat of** (আলোচনা করা) - This book treats of democratic ideology.
- **Treat to** (খাওয়ানো) - She treated us to a dinner at the Hotel Sonargaon
- **Treat with** (ব্যবহার করা) - He treated well with all customers.
- **Under trial** (বিচারাধীন) - The murder case is under trial.
- **Unsure of** (অনিশ্চিত) - She was unsure of herself.
- **Urge upon** (আহবান জানানো) - She urged upon his son the importance of being honest.
- **Valid for** (বৈধ) - This smart card will be valid for ten years.
- **Wander around/about** (উদ্দেশ্যহীনভাবে ঘোরাঘুরি করা) – He spent the morning wandering around the old part of the city. The students wandered about in the streets.
- **Wonder at** (আশ্চার্যান্বিত হওয়া)- We wonder at the boy's wit.
- **Welcome to** (স্বাগত জানানো) - You are welcome to our new office.
- **Wish for** (প্রত্যাশা করা) - Everybody wish for happiness.
- **With a view to** (উদ্দেশ্যে) - I went to hospital with a view to seeing you.
- **Work for** (কারো জন্য কাজ করা) - She works for a construction company.

Scanned with CamScanner CamScanner

- Work with (কারো সাথে কাজ করা) - They will be working with me on the new project.
- Worry about (কোনো কিছু বা কাউকে নিয়ে উদ্বিগ্ন হওয়া)- Please, don't worry about me. I will be all right.
- Zeal for (উৎসাহ)- Kamal has great zeal for football.

MCQ Test

01. **One of the four sentences given in each question is grammatically wrong. That alternative is your answer:**
(A) Neither you nor I am in a sound position.
(B) Laziness is detrimental for Success.
(C) He begged the favour of my granting him leave
(D) Your action is not in conformity with the law **Ans: b**

02. **Your conduct admits __ no excuse.**
(A) to (B) for
(C) of (D) at **Ans: c**

03. **Rizvi requested Rini __telephone to attend the meeting.**
(A) over (B) through
(C) with (D) by **Ans: d**

04. **Many prefer donating money __distributing clothes.**
(A) than (B) but
(C) to (D) without **Ans: c**

05. **Julia has been ill __ three months.**
(A) Since (B) about
(C) in (D) for **Ans: d**

06. **There is no alternative __ training.**
(A) to (B) for
(C) them (D) of **Ans: a**

07. **Which of the following sentences is the correct one?**
(A) Paper is made of wood
(B) paper is made from wood
(B) Paper is made by wood
(D) Paper is made on wood **Ans: b**

08. **What will be the correct preposition to complete the sentence?**
'I am not good __translation'
(A) in (B) about
(C) with (D) at **Ans: d**

09. **'Hurry up! We have to go - five minutes'.**
(A) in (B) on
(C) by (D) for **Ans: a**

10. **Choose the correct sentence.**
(A) The train is cunning in time.
(B) The train is running on time.
(C) The train is running with time.
(D) The train is running to time. **Ans: b**

11. **My brother has no interest- music.**
(A) for (B) in
(c) with (D) at **Ans: b**

12. **He is devoid - commonsense.**
(A) of (B) from
(C) introduction (D) at **Ans: a**

13. **I should appreciate it if you could complete this work - Thursday.**
(A) till (B) until
(C) upto (D) by **Ans: d**

14. **He divided the money - the two children.**
(A) Over (B) In between
(C) Among (D) Between **Ans: d**

15. **He has been ill - Friday last.**
(A) From (B) On
(C) In (D) Since **Ans: d**

16. **I finally killed the fly - a rolled up newspaper.**
(A) by (B) with
(C) through (D) from **Ans: b**

17. **The man died- overeating.**
(A) by (B) of
(C) for (D) from **Ans: d**

18. **What are you so angry-?**
(A) about (B) at
(C) with (D) for **Ans: a**

19. **The children were entrusted - the care of their uncle.**
(A) with (B) for
(C) to (D) at **Ans: c**

20. **He Parted - his friends in tears.**
(A) With (B) from
(C) Against (D) beside **Ans: b**

21. **I decided to go - with my friend as I needed some exercise.**
(A) to a walk (B) for a walk
(C) for a walking (D) walk **Ans: b**

22. **My friend always goes home - foot.**
(A) by (B) with
(C) on a (D) on **Ans: d**

23. **We need two hundred dollars - this to pay for everything.**
(A) as well (B) also
(C) beside (D)besides **Ans: d**

Scanned with CamScanner CamScanner

24. My wife reminded me- .
(A) of my appointment (B) to go my appointment
(C) to my appointment (D) my appointment
Ans: a

25. I don't think you will have any difficulty - a driving license.
(A) to get (B) in getting
(C) for getting (D) get
Ans: b

26. The ministers arrived ... a decision last night.
(A) to (B) at
(C) on (D) by
Ans: b

27. The government gave - The demands of the people.
(A) in to (B) in
(C) to (D) over to
Ans: a

28. The Second world war broke - in September, 1939.
(A) through (B) away
(C) out (D) in
Ans: c

29. The captain left the boat, because it-
(A) turned down (B) turned up
(C) Turned bottom (D) turned over
Ans: d

30. Choose the right preposition for the sentence:
She argued - me about the marriage.
(A) with (B)for
(C) to (D) from
Ans: a

31. Choose the right preposition for the sentence I count - your help.
(A) after (B) upon
(C) for (D) with
Ans: b

32. Government has been entrusted - elected politicians.
(A) with (B) for
(C) to (D) at
Ans: c

33. He has paid the penalty - his crimes - five years in prison.
(A) for, with (B) at, by
(C) about, at (D) after, in
Ans: a

34. In spite of my requests, he did not-
(A) give in (B) fall in
(C) get off (D) give forth
Ans: a

35. He fantasized - winning the lottery.
(A) with (B) from
(C) after (D) about
Ans: d

36. He divided the money - the two children.
(A) among (B) between
(C) in between (D) over
Ans: b

37. The tree has been blown - by the strong wind.
(A) away (B) up
(C) off (D) out
Ans:

38. The intellectual can no longer be said to live - the margins of society.
(A) against (B) beyond
(C) inside (D) before
Ans:

39. Almost everyone fails- on the first try.
(A) in passing (B) to his driver's test
(C) to have passed his driver's test
(D) passing his driver's test
Ans:

40. Are you doing anything special__the weekend?
- Fill in the gap with appropriate preposition.
(A) in (B) for
(C) on (D) at
Ans:

41. The walls of our house have been painted...green.
- Which is the correct preposition in the blank above
(A) on preposition (B)by
(C) in (D) with
Ans:

42. Now-a-days many villages are lit — electricity.
- Which is the correct preposition in the above blank
(A) with (B) by
(C) from (D) on
Ans:

43. We have recently entered ...an agreement with the Inland co-operative society. Which of the following best fits in the blank space?
(A) on preposition (B) upon
(C) in (D) into
Ans:

44. Fill in the blanks 'What is the time - your watch?
(A) by (B) in
(C) at (D) with
Ans:

45. Fill in blank 'He has assured me....safety'
(A) with (B) at
(C) for (D) of
Ans:

46. 'He has been ill-Friday last' Fill in the blank.
(A) since (B) in
(C) from (D) on
Ans:

47. What will be the correct preposition to complete the sentence? 'I am not bad - tennis'
(A) in (B) at
(C) about (C) with
Ans:

48. The new airport should be fully operational - the end of the year.
(A) since (B) till
(C) by (D) in
Ans:

Scanned with CamScanner

3. Uses of article [*কলেজ]

কলেজ পর্যায়

1. — ink in my pen is red. *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. A খ. The
   গ. An ঘ. No article উ. খ
2. None but— brave deserve— fair. *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. a, an খ. the, the
   গ. the, no article ঘ. no article, the উ. খ
3. —water of this lake is pure. *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. a খ. an or the
   গ. the ঘ. on article উ. গ
4. At the scene, —mother arose in her. *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. a খ. the
   গ. a or the ঘ. no article উ. খ
5. – Mount Everest is the highest peak in the Himalayas. *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. A খ. An
   গ. The ঘ. No article উ. ঘ
6. – mother rose in her. *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. A খ. The
   গ. An ঘ. No article উ. খ
7. No article is used before– *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. a pronoun খ. an adjective
   গ. a noun ঘ. an adverb উ. ক
8. – mother rose in her. *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
   ক. a খ. an
   গ. no article ঘ. the উ. ঘ
9. – honesty of Rahim is enviable. *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
   ক. the খ. a
   গ. an ঘ. no article উ. ক
10. Check – beast in you. *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
    ক. the খ. a
    গ. an ঘ. no article উ. ক
11. – water of this pond is clear. Use article. *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. the খ. a
    গ. no article ঘ. an উ. ক
12. Everyday – begins at 9 O'clock and ends at 3 O'clock. *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. college খ. a college
    গ. the college ঘ. colleges উ. গ
13. Rahim went – hospital as patient. *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
    ক. the খ. a
    গ. an ঘ. no article উ. ঘ

স্কুল পর্যায়

এই টপিকটি 'স্কুল পর্যায়' নিবন্ধন পরীক্ষার অন্তর্ভুক্ত নয় এবং এবং টপিক থেকে 'স্কুল পর্যায়' নিবন্ধন পরীক্ষায় কোনো প্রশ্ন আসেনি।

স্কুল পর্যায়-২

এই টপিকটি 'স্কুল পর্যায়-২' নিবন্ধন পরীক্ষার অন্তর্ভুক্ত নয় এবং এবং টপিক থেকে 'স্কুল পর্যায়-২' নিবন্ধন পরীক্ষায় কোনো প্রশ্ন আসেনি।

বিস্তারিত আলোচনা

A, an, the এই তিনটি Adjective-কে Article বলে। আধুনিক ইংরেজিতে এদেরকে Determiner-ও বলা হয়।

Article এর প্রকারভেদ : Article প্রধানত দুই প্রকার। যথা- Definite article ও Indefinite article.

Definite article : যে Article দ্বারা সুনির্দিষ্ট করে বোঝায় তাকে Definite article বলে। The-কে Definite article বলা হয়। যেমন- The earth moves around the sun.

Indefinite article : যে Article দ্বারা অনির্দিষ্ট করে বোঝায় তাকে Indefinite article বলে। A, an-কে Indefinite article বলা হয়। যেমন- Yesterday I bought a new book and he bought an old book.

Article এর ব্যবহারের ক্ষেত্রে আমাদের বিশেষভাবে মনে রাখতে হবে যে, Article সাধারণত Countable Noun (Common Noun, Collective Noun) এর আগে article বসে; Uncountable Noun (Proper Noun, Material Noun, Abstract Noun) এর আগে সাধারণত article বসে না। তবে বিশেষ ক্ষেত্রে Uncountable Noun এর আগে article বসে।

আসুন Article এর গুরুত্বপূর্ণ নিয়মগুলো জেনে নেয়া যাক–

1. যেসব Singular countable noun vowel দ্বারা গঠিত তার আগে an বসে। যেমন– The earth is like an orange.
2. যেসব Singular countable noun consonant দ্বারা গঠিত তাদের আগে a বসে।

   যেমন– There is a mango on the table.
3. নির্দিষ্ট করে বোঝাতে Singular এবং plural countable noun এর আগে the বসে। তবে অবশ্যই মনে রাখতে হবে যে, plural countable noun এর আগে কখনো a/an বসে না;

Scanned with CamScanner CamScanner

সর্বদা the বসবে। কেননা, a/an দ্বারা একটিমাত্র বস্তু বা একটিমাত্র ব্যক্তিকে বুঝানো হয়। যেমন- I bought the book. I bought the books.

4. Vowel এর উচ্চারণ 'u' এর মতো হলে তখন তার আগে an না বসে a বসবে।

যেমন- He is a Eurapean. Rahim is a university student.

5. কোনো Vowel এর উচ্চারণ যদি 'u' এর মতো না হয়ে (আ) এর মতো হয় তাহলে তার আগে an বসে।

যেমন- He has an umbrella.

6. O এর উচ্চারণ যখন 'ওয়া'-এর মতো হবে তখন a বসবে। one এর আগে সবসময় a বসে।

যেমন- I need a one taka note.

7. Consonant এর উচ্চারণ যদি Vowel এর মতো হয় তাহলে an বসবে। যেমন- He is an honest man. He was waiting for an hour.

18. What is the noun form of the word 'successful'? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. Successfully খ. Succeed
গ. Success ঘ. Successive উ. গ

Verb of the word 'apology' is— *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. apological খ. apologise
গ. apologify ঘ. enapology উ. খ

20. What is the adjective of 'comfort'? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. Comfortation খ. Comfortably
গ. Comfortification ঘ. Comfortable উ. ঘ

21. Noun of the word 'simple' is—. *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. simply খ. simplify
গ. simplicity ঘ. simplication উ. গ

22. The correct spelling is – *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. humouros খ. humourious
গ. humorous ঘ. humorious উ. গ

23. What is the adjective of 'child'? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. Childhood খ. Childly
গ. Childish ঘ. Children উ. গ

Parts of Speech

'Parts'-শব্দের অর্থ 'অংশসমূহ' এবং 'Speech' শব্দের অর্থ 'বাক্য' বা sentence. সুতরাং Parts of Speech বলতে বোঝায় বাক্যের অংশসমূহ। অর্থাৎ বাক্যের অন্তর্গত প্রত্যেকটি অংশকে Parts of Speech বলে।

***Parts of Speech** আট প্রকার। যথা-

1. Noun 2. Pronoun 3. Adjective
4. Verb 5. Adverb 6. Preposition
7. Conjunction 8. Interjection

বাক্যে ব্যবহৃত কোনো একটি শব্দ, সেটা কি Noun হবে নাকি Verb হবে নাকি Adjective বা Adverb হবে তা নির্ধারিত হয় বাক্যে শব্দের অবস্থানের ভিত্তিতে। নিচের উদাহরণগুলো লক্ষ্য করুন।

They **go** to college.
This is the **go** of the world.

উপরিউক্ত দুটি বাক্যের প্রথমটিতে ব্যবহৃত **'go'** শব্দটি একটি 'Verb' এবং দ্বিতীয় বাক্যে ব্যবহৃত **'go'** শব্দটি একটি 'Noun.' প্রথম বাক্যটিতে **'go'** শব্দটি একটি 'Verb' তা সহজেই বোঝা যায়; কেননা 'They' শব্দটি বাক্যের subject তথা Pronoun, আর 'They' শব্দটির Verb হলো **'go'**. তাহলে প্রশ্ন হলো দ্বিতীয় বাক্যে ব্যবহৃত **'go'** শব্দটি একটি 'Noun' হলো কীভাবে?

আমরা জানি, কোন বাক্যে Article (a, an, the) এর পরে সরাসরি যদি কোন শব্দ আসে তাকে 'Noun' বলে। Article এর পর যদি দুইটি শব্দ থাকে তাহলে প্রথমটি Adjective এবং দ্বিতীয়টি হবে Noun'। Article এর পর যদি তিনটি শব্দ আসে তাহলে প্রথমটি Adverb দ্বিতীয়টি হবে Adjective এবং তৃতীয়টি হবে Noun'।

যেমন- He is a **boy**. এখানে boy শব্দটি হলো 'Noun'

He is a **good boy**. এখানে Article এর পর দুইটি শব্দ। সুতরাং প্রথম শব্দটি অর্থাৎ 'good' হলো Adjective এবং দ্বিতীয় শব্দটি অর্থাৎ 'boy' হবে Noun'; কেননা 'good' শব্দটি Noun 'boy' কে modify করেছে। আমরা জানি Noun বা Pronoun কে কেবল Adjective-ই modify করতে পারে। Noun বা Pronoun ব্যতীত অন্য কোনো word-কে যে শব্দ modify করে তাকে Adverb বলে। এবার তৃতীয় উদাহরণটি লক্ষ্য করা যাক।

He is a **very good boy.** উপরিউক্ত বাক্যটিতে Article এর পর প্রথম শব্দটি 'very' হলো Adverb. কেননা very' শব্দটি good' Adjective-কে modify করে। আমরা জানি, Adjective-কে modify করে Adverb. উক্ত বাক্যে 'good' হলো একটি Adjective; কেননা 'good' শব্দটি Noun 'boy' কে modify করেছে।

মূল আলোচনায় আসা যাক। আমরা জানি, একটি বাক্যে আট ধরনের শব্দ বা পদ ব্যবহৃত হতে পারে, আর বাক্যের ঐ আট ধরনের শব্দ বা

Scanned with CamScanner CamScanner

পদ তথা অংশই হলো Parts of Speech. নিচে এই ৮ প্রকার Parts of Speech বিস্তারিত আলোচনা করা হল-

Noun

Noun (বিশেষ্য): যে শব্দ দ্বারা কোনো কিছুর নাম প্রকাশ করা হয় তাকে Noun বলে। যেমন- Rahim, Dhaka ইত্যাদি।

*Noun এর প্রকারভেদঃ Noun প্রধানত পাঁচ প্রকার। যথাঃ

1. Proper Noun
2. Common Noun
3. Collective Noun
4. Material Noun
5. Abstract Noun

এবার আসুন পাঁচ প্রকার Noun-এর বিস্তারিত আলোচনা করা যাক।

1. **Proper Noun :** Proper Noun এর অর্থ হলো 'বিশেষ নাম'। আচ্ছা, আমরা যখন কোনো সমস্যায় পড়ি এবং এদিক-সেদিক এলোমেলোভাবে ছুটাছুটি করি তখন কোনো জ্ঞানী ব্যক্তির পরামর্শ চাইলে তখন দেখবেন তারা বলে 'Proper way-তে কাজ কর, সব ঠিক হয়ে যাবে।' এই 'Proper way' টা কী? এটি দ্বারা মূলত কোনো সুনির্দিষ্ট পন্থা বা বিশেষ পন্থাকে বোঝানো হচ্ছে। ঠিক একইভাবে Proper Noun দ্বারা এলোমেলো নাম না বুঝিয়ে 'বিশেষ নাম' অর্থাৎ সুনির্দিষ্ট একটি নামকে বোঝায়। যেমন- Rahim, Karim, Dhaka, Meghna, Tajmahal ইত্যাদি। অর্থাৎ Proper Noun কোনো একটি সুনির্দিষ্ট ব্যক্তির নাম, স্থানের নাম, অট্টালিকার নাম, নির্দিষ্ট কোনো একটি গ্রন্থের নাম বা নির্দিষ্ট কোনো বিখ্যাত ঘটনার নামকে বোঝায়। আমাদের মনে রাখতে হবে যে, Proper Noun বাক্যের যেখানেই বসুক না কেন সেটি Capital Letter দিয়ে শুরু হয়। যেমন-

   He lives in **Dhaka**. He has visited the **Tajmahal.**

2. **Common Noun :** Common Noun-এর বাংলা অর্থ হলো 'জাতিবাচক নাম' অর্থাৎ যে Noun দ্বারা একই জাতীয় অর্থাৎ একই ধরনের ব্যক্তি বা বস্তুর সাধারণ নামকে বোঝালে তাকে Common Noun বলে। আপনার বাস্তব জীবনের দিকে লক্ষ্য করুন। দেখবেন, আমরা যখন দেখি একই কথা সবাই বলে, সবার মুখে একই ধরনের কথা, তখন আমরা বলি- "এই Common কথা বাদ দিয়ে নতুন কিছু থাকলে বলো।" তার মানে দেখা যায় যে বিষয়টা সকলের কাছে বিদ্যমান তা-ই হলো Common; ঠিক একই ভাবে যে Noun দ্বারা একই জাতীয় সকলের নামকে বোঝায় তখন তাকে Common Noun বলে। যেমন-

   Girl, boy, river, player, poet, doctor, engineer ইত্যাদি।

   She is a **girl**.

   He is a **boy**.

   Sakib is a world-class **player**.

   The Meghna is the largest **river** of Bangladesh.

   আচ্ছা 'girl' শব্দটি দ্বারা কী কোনো একজন মেয়ের নামকে বোঝায়? উত্তর- অবশ্যই 'না'। যেমন Rahima হলো 'girl' দের একজনের নাম। তাহলে Rahima হলো Proper Noun, কেননা Rahima নামটি দ্বারা নির্দিষ্ট একজন মেয়েকে বোঝানো হয়েছে। কিন্তু 'girl' দ্বারা পৃথিবীর সকল 'girl'-দের বোঝানো হয়েছে। একইভাবে,'player' শব্দটি দ্বারা পৃথিবীর সকল player-কে বোঝানো হচ্ছে, এখানে নির্দিষ্ট করে কোনো একজন 'player' এর নাম বলা হয় নি, যদি নির্দিষ্ট করে একজন এর নাম বোঝানো হতো তাহলে সেটা হতো Proper Noun. যেমন- উপরের বাক্যটিতে Sakib হলো Proper Noun, যেহেতু নির্দিষ্ট করে একজন ব্যক্তির নামকে বোঝানো হয়েছে, কিন্তু 'player' শব্দটি হলো Common Noun, যেহেতু নির্দিষ্ট করে কোনো এর নামকে বোঝানো হয়নি। ঠিক একইভাবে, river শব্দটি একটি Common Noun কিন্তু হলো Meghna শব্দটি হলো Proper Noun.

3. **Collective Noun:** Collective Noun এর বাংলা অর্থ হলো 'সমষ্টিবাচক নাম' অর্থাৎ যে Noun দ্বারা একই বৈশিষ্ট্য সম্পন্ন সকলকে না বুঝিয়ে কয়েকজনকে বা কয়েকটিকে বোঝায় তাদের সমষ্টিকে Collective Noun বলে। যেমন- crowd (জনতা), army, navy, class, group, jury, committee, meeting, party, fleet (রণতরীর সমষ্টি), flock (ভেড়ার পাল), herd (গরুর পাল), shoal (মাছের ঝাঁক), swarm (মৌমাছির ঝাঁক), pack (কুকুরের পাল), team, gang (ডাকাতের দল), bunch (চাবির সমষ্টি), audience, mass, majority, elite (গণ্যমান্য ব্যক্তিবর্গ), gentry (ভদ্রমণ্ডলী), peasantry (কৃষকমণ্ডলী), bundle (গোছা), stack (গাদা, কাড়ি), shower (এক পশলা বৃষ্টি), library (বইয়ের সংগ্রহ), infantry (পদাতিক সৈন্যের দল), family.

   The **jury** finally arrived at a dicision.

4. **Material Noun:** Material Noun এর বাংলা অর্থ হলো 'বস্তুবাচক নাম' অর্থাৎ যে Noun দ্বারা কোনো পদার্থের সম্পূর্ণ অংশকে অখণ্ডভাবে বোঝায়, কিন্তু ঐ পদার্থ হতে উৎপন্ন কোন বস্তুকে বোঝায় না তাকে Material Noun বলে। মনে রাখতে হবে, Material Noun-কে ধরা যায়, ছোঁয়া যায়, বা পরিমাপ করা যায়; কিন্তু ১, ২, ৩, ৪ ... এভাবে গণনা করা যায় না। অর্থাৎ যা বাজারে কিনতে গেলে কেজি, লিটার এর পরিমাপে কিনতে হয়, তাকে Material Noun বলে। যেমন- Iron, water, oil, gas ইত্যাদি। এখানে উল্লেখ্য, চাল, গম ইত্যাদি গণনা সময় সাপেক্ষ হলেও ১, ২, ৩, ৪ ... এভাবে গণনা করা যেতে পারে। কিন্তু এগুলো যখন বাজারে কিনতে যান তখন পরিমাপ করা হয়, অর্থাৎ তখন কেজি আকারে পরিমাপ করা হয় তাই এগুলো Uncountable Noun. অর্থাৎ যে সব Noun কে পরিমাপ করা যায় কিন্তু গণনা করা যায় না তাই Material Noun.

   আমাদের আরো মনে রাখতে হবে যে, কোনো পদার্থ বা বস্তু দিয়ে যদি কোনো কিছু তৈরি করা হয়, তাহলে যাকে দিয়ে তৈরি করা হয় তাকে অর্থাৎ উপাদানটিকে Material Noun বলে

Scanned with CamScanner CamScanner

কিন্তু তৈরিকৃত বস্তুটি Common Noun হবে। যেমন- gold হলো Material Noun কিন্তু ring (আংটি) হলো Common Noun. আবার wood (কাঠ) হলো Material Noun কিন্তু chair, table হলো Common Noun. কেননা প্রকৃতিতে স্বাভাবিকভাবে gold, wood পাওয়া যায় কিন্তু ring, chair, table এগুলো মানুষ তৈরি করে। সুতরাং, আমরা বুঝতে পারলাম মানুষ যদি কোন উপাদান দ্বারা কোন কিছু তৈরি করে তবে তৈরিকৃত বস্তুটিকে Common Noun বলে এবং যে উপাদান দ্বারা বস্তুটি তৈরি করা হয়, ঐ উপাদানকে Material Noun বলে।

Iron is a useful metal.

5. **Abstract Noun:** Abstract Noun এর বাংলা অর্থ হলো 'গুণবাচক নাম' বা 'ভাববাচক নাম'। অর্থাৎ যে Noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ বা অনুভূতির নামকে বোঝায় তাকে Abstract Noun বলে। Abstract Noun এমন এক ধরনের Noun যাকে ধরা যায় না, ছোঁয়া যায় না, পরিমাপ বা গণনা করা যায় না কিন্তু অনুভব করা যায়। যেমন- Happiness, sadness, honesty ইত্যাদি।

Happiness is the ultimate target of human life.

আমরা, সুখকে (Happiness) ধরতে পারি না, ছুঁতে পারি না, দেখতে পায় না, পরিমাপ বা গণনা করতে পারি না কিন্তু অনুভব করতে পারি। অতএব, সুখ (Happiness) হলো Abstract Noun.

Compund Noun

যখন দুই বা ততোধিক শব্দ মিলে নতুন noun word গঠন করে, তাকে compound noun বলে। অর্থাৎ, যখন দুটি যুক্ত শব্দ noun হিসেবে দেখবেন, তখন compound noun হিসেবে উত্তর করবেন। অনেকটা বাংলা মিশ্র শব্দের মতো। যেমন-

Grandfather, Grandmother, Airline, Aircraft, Boyfriend, Girlfriend, Cowboy, Milkman, Postman, Railway, Timetable, Classmate, Classroom, Notebook, White-board, Bookshelf, Newspaper, Gentleman, Grasshopper, Football, Sunrise, Sunlight, Day-night, Moonlight, Key-board, Billboard, Ice-cream, Aftermath, Seafood, Seashore, Greenhouse, Mother-in-law, Father-in-law, Brother-in-law, Sister-in-law ইত্যাদি।

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

কোনো একটি নির্দিষ্ট নামকে এককভাবে বোঝালে Proper Noun বলে। যেমন- Sakib Al Hasan.

একই বৈশিষ্ট্যসম্পন্ন সকলকে সাধারণভাবে বোঝালে Common Noun বলে। যেমন- Boy.

একজনকে নয় আবার সবাইকেও নয়, কিছু সংখ্যকে বোঝালে Collective Noun বলে। যেমন- Team.

বস্তুবাচক কোনো জিনিসের নামকে বোঝালে অর্থাৎ যাকে ধরা যায়, ছোঁয়া যায়, দেখা যায় বা পরিমাপ করা যায়; কিন্তু ১, ২, ৩, ৪ ... এভাবে গণনা করা যায় না, হয়, তাকে Material Noun বলে। যেমন- Air.

যাকে ধরা যায় না, ছোঁয়া যায় না, পরিমাপ বা গণনা করা যায় না শুধু উপলব্ধি বা ধারণা করা যায় তাকে Abstract Noun বলে। যেমন- Honesty.

* Material Noun ও Abstract Noun-এর পূর্বে কোনো Article বসে না। কিন্তু নির্দিষ্ট করে বোঝাতে কেবল The বসে এবং তখন এই Noun-গুলো Common Noun হয়ে যায়। যেমন:

Iron is a useful metal. [Material Noun]

The **iron** of China is very costly. [Common Noun]

Honesty is the best policy. [Abstract Noun]

The **honesty** of Rahim is praiseworthy. [Common Noun]

*কোনো ব্যক্তির নামবাচক Proper Noun-এর পূর্বে Article a অথবা the ব্যবহৃত হলে তা Common Noun হয়ে যায়। যেমন:

Rahim is a lawyer. [Proper Noun]

A **Rahim** has come to judgment. [Common Noun]

Scott is a great novelist. [Proper Noun]

Bankim Chandra is the **Scott** of Bengal. [Common Noun]

Countable Noun ও Uncountable Noun

এই পাঁচ প্রকার Noun-কে গণনার ভিত্তিতে আবার দুই ভাগে ভাগ করা যায়। যথা-



➲ **Countable Noun:** 'Count' শব্দের অর্থ 'গণনা করা', 'Count' শব্দটি থেকেই 'Countable' শব্দটির উৎপত্তি হয়েছে। অতএব বলা যায়, যে Noun-কে ১, ২, ৩, ৪, ৫ ... এভাবে গণনা করা যায় এবং যাদের Plural form আছে, তাদেরকে Countable Noun বা 'গণনাযোগ্য বিশেষ্য' বলে। যেমন- Girl, যার অর্থ মেয়ে, যাকে গণনা করা যায় আবার 'Girl' শব্দটির Plural form হলো 'Girls.'

The **girls** are half of our society.

Proper Noun, Common Noun, Collective Noun- এই ৩টি Noun-কে একসাথে Countable Noun বলা হয়।

Scanned with CamScanner CamScanner

➲ **Uncountable Noun:** যে Noun কে গণনা করা যায় না, তাকে Uncountable Noun বলে। অর্থাৎ, Uncountable Noun-কে ১, ২, ৩, ৪, ৫, ... এভাবে গণনা করা যায় না, তবে কখনো কখনো পরিমাপ করা যেতে পারে অর্থাৎ দাঁড়িপাল্লা দিয়ে মাপা যেতে পারে। যেমন- Iron, Gold ইত্যাদি। এগুলো দাঁড়িপাল্লা দিয়ে মাপা হয় কিন্তু একটা Iron, দুইটা Iron এভাবে বলা হয় না বা কেনা হয় না; বরং আমরা বলার সময় বা কেনার বলি, 'এক কেজি, ২ কেজি।' আমাদের একটি বিষয় মনে রাখতে হবে, Uncountable Noun সবসময় Singular, এদের কোনো Plural form নেই। অর্থাৎ এরা কখনোই Plural হতে পারে না। আরেকটি বিষয় আমাদের মনে রাখতে হবে, Uncountable Noun কোনো বাক্যের Subject হলে Verb সবসময় Singular হবে; কখনো Plural হবে না। যেমন-

Air is a vital element of environment.

এ বাক্যে 'Air' শব্দটি Uncountable Noun. এর কোন Plural form নেই এবং উক্ত বাক্যে 'Air' Subject-টি singular verb হিসেবে 'is' গ্রহণ করেছে।

Material Noun ও Abstract Noun- এই ২টি Noun-কে একসাথে Uncountable Noun বলা হয়।

Pronoun

Noun এর পরিবর্তে বাক্যে যে শব্দ ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। যেমন-

Rahim is a good boy. **Rahim** always goes to school.
Rahim is a good boy. **He** always goes to school.

উপরিউক্ত বাক্যগুলোর মধ্যে প্রথম দুইটি বাক্যের Subject 'Rahim'; আর 'Rahim' হলো Proper Noun. কিন্তু শেষের দুইটি বাক্যের প্রথমটিতে Subject 'Rahim' থাকলেও পরের বাক্যটিতে 'Rahim' এর পরিবর্তে 'He' ব্যবহৃত হয়েছে। আর Proper Noun 'Rahim'-এর পরিবর্তে ব্যবহৃত 'He' শব্দটিই হলো Pronoun.

Pronoun এর প্রকারভেদ: Pronoun-কে প্রধানত ৮ ভাগে ভাগ করা যায়।

1. Personal Pronoun
2. Demonstrative Pronoun
3. Interrogative Pronoun
4. Relative Pronoun
5. Indefinite Pronoun
6. Distributive Pronoun
7. Reciprocal Pronoun
8. Reflexive and Emphatic Pronoun

1. **Personal Pronoun:** কোন ব্যক্তি বা বস্তুর পরিবর্তে যে Pronoun ব্যবহৃত হয় তাকে Personal Pronoun বলে। যেমন- I, we, he, she, they, it ইত্যাদি।

Personal Pronoun কে আবার তিনটি ভাগে ভাগ করা যায়:

Person	Subjective	Objective	Possessive
1st Person	I	Me	Mine
	We	Us	Ours
2nd Person	You	You	Yours
3rd Person	He	Him	-
	She	Her	Hers
	It	It	-
	They	Them	Theirs

আমাদের মনে রাখতে হবে, Modern English Grammar-এ এখন আর my, our, your, his, her, their, its এগুলোকে Possessive Pronoun ধরা হয় না। এগুলো মূলত Possessive Adjective. কেননা, এগুলো Noun-এর আগে বসে Adjective এর কাজ মতো কাজ করে। যেমন-

It is **my pen**. Runa is **his sister**.

উপরিউক্ত বাক্য দুটিতে my এবং his যথাক্রমে 'pen' ও 'sister' Noun দুটির এর আগে বসে Adjective মতো কাজ করেছে। অতএব এগুলো Possessive Adjective; Possessive Pronoun নয়।

নিচের উদাহরণগুলো দেখা যাক-

This pen is **mine**. This pen is **hers**. This house is **yours**. This house is **theirs**.

উপরিউক্ত বাক্যগুলোতে mine, hers, yours এবং theirs হলো Possessive Pronoun. কারণ এই শব্দগুলো কোনো Noun-এর আগে বসে নি, বরং এই শব্দগুলো Pronoun হিসেবে বাক্যে বসেছে। অতএব এগুলো Possessive Pronoun; Possessive Adjective নয়।

অতএব আমরা যখন দেখবো এই জাতীয় শব্দগুলো কোনো বাক্যে এককভাবে বসেছে তাহলে এগুলো হবে Possessive Pronoun; আর যদি দেখি এগুলো কোনো Noun-এর আগে বসেছে তাহলে এগুলো হবে Possessive Adjective. কেননা, Possessive Adjective কখনো বাক্যে একা বসতে পারে না; সবসময় Noun-এর আগে বসে।

2. **Demonstrative Pronoun:** Demonstrative Pronoun এর অর্থ হলো 'নির্দেশক Pronoun'. যে Pronoun বাক্যের প্রথমে বসে ঐ বাক্যস্থিত কোন Noun কে নির্দেশ করে তাকে Demonstrative Pronoun বলে। যেমন- This, That, These, Those ইত্যাদি। কাছে বোঝাতে এবং Singular Noun-কে নির্দেশ করতে This ব্যবহৃত হয়। পক্ষান্তরে দূরে বোঝাতে এবং Singular Noun-কে নির্দেশ করতে That ব্যবহৃত হয়। যেমন- This is my pen. That is her pen.
আবার কাছে বোঝাতে এবং Plural Noun কে নির্দেশ করতে These ব্যবহৃত হয়। পক্ষান্তরে দূরে বোঝাতে এবং Plural Noun কে নির্দেশ করতে Those ব্যবহৃত হয়। যেমন- These are my pens. Those are her pens.

Scanned with CamScanner CamScanner

অর্থাৎ This-এর past রূপ That হলো; These-এর past রূপ হলো Those.

আবার, This-এর Plural হলো These; That-এর Plural হলো Those.

কি অনেক কঠিন মনে হচ্ছে? আসুন, অনেক সহজে মনে রাখি। আচ্ছা, দেখুন তো This লিখতে বর্ণ আছে ৪টি কিন্তু These লিখতে বর্ণ আছে ৫টি। অতএব, ছোটটি হলো singular আর বড়টি হলো Plural. আবার, That লিখতে বর্ণ আছে ৪টি কিন্তু Those লিখতে বর্ণ আছে ৫টি। অতএব, ছোটটি হলো singular আর বড়টি হলো plural.

3. **Interrogative Pronoun**: Interrogative Pronoun এর অর্থ হলো 'প্রশ্নবোধক Pronoun'. অর্থাৎ যে Pronoun বাক্যের প্রথমে বসে ঐ বাক্যটিকে প্রশ্নবোধক বাক্যে তথা Interrogative বাক্যে পরিণত করে তাকে Interrogative Pronoun বলে। যেমন- Who, whom, which, whose, what ইত্যাদি।

Who are you? - (তুমি কে?)

Whom do you want? – (তুমি কাকে চাও?)

Which is your pen? – (কোনটি তোমার কলম?)

Whose is this pen? – (এই কমলটি কার?)

What are you doing? – (তুমি কী করছ?)

উল্লেখ্য যে, When, where, why, how ইত্যাদি শব্দগুলো Interrogative Pronoun নয়, এগুলো Interrogative Adverb. এই বিষয়টি অনেক প্রচলিত বইয়ে ভুল দেয়া আছে।

4. **Relative Pronoun**: আচ্ছা, 'Relative' বলতে আমরা কী বুঝি? আত্মীয়-স্বজন তথা কারো সাথে সম্পর্ক বা সম্বন্ধ বোঝাতে আমরা 'Relative' কথাটি ব্যবহার করি। Relative Pronoun এর অর্থ হলো 'সম্বন্ধবাচক Pronoun'. এই Pronoun-গুলো সাধারণত বাক্যের মাঝখানে বসে একটি প্রধান বাক্যের সাথে আরেকটি নির্ভরশীল বাক্যের সম্বন্ধ বা সম্পর্ক বুঝিয়ে দেয়। Interrogative Pronoun গুলো যখন বাক্যের মাঝখানে বসে সাধারণ বর্ণনামূলক বাক্য তৈরি করে তখন তাকে Relative Pronoun বলে। যেমন- Who, whom, which, whose, what এবং that.

আমরা আগেই জেনেছি যে, 'that' হলো Demonstrative Pronoun. তাহলে তা আবার কীভাবে Relative Pronoun হতে পারে? এর উত্তর হলো- 'That' যখন কোন বাক্যের প্রথমে বসে তখন তা Demonstrative Pronoun. আবার 'That' যখন কোন বাক্যের মাঝে বসে তখন তা Relative Pronoun. যেমন-

That is my pen.

This is the book **that** was bought by him.

উপরিউক্ত বাক্য দুটির প্রথমটিতে 'that' হলো Demonstrative Pronoun; কেননা এটি বাক্যের প্রথমে বসেছে। কিন্তু দ্বিতীয় বাক্যটিতে 'That' বাক্যের মাঝে বসেছে তাই তা Relative Pronoun.

এবার দেখা যাক এই Relative Pronoun গুলো কখন, কীভাবে ব্যবহৃত হয়।

Who: ব্যক্তিবাচক subject হিসেবে বাক্যের মাঝখানে বসে। যেমন- I know the person **who** loves me.

উপরের বাক্যটিতে who একটি subject এবং who এর verb হলো loves.

আমাদের একটি বিষয় অবশ্যই মনে রাখতে হবে যে, কোন বাক্যে একটি subject থাকলে মূল verb-ও একটি হবে। কোন বাক্যে দুইটি subject থাকলে মূল verb ও দুইটি হবে। উপরিউক্ত বাক্যে I একটি subject এবং know হলো I এর মূল verb. আবার who একটি subject এবং loves হলো who এর মূল verb.

Whom: ব্যক্তিবাচক Object হিসেবে ব্যবহৃত হয়। যেমন- A man **whom** I saw in the meeting is a politician.

উপরের বাক্যটিতে whom হলো একটি ব্যক্তিবাচক object.

Which: বস্তুবাচক বা প্রাণিবাচক Relative pronoun হিসেবে বাক্যে subject এবং object উভয় ক্ষেত্রে which ব্যবহৃত হতে পারে। অর্থাৎ ব্যক্তি ছাড়া অন্য সকল ক্ষেত্রে subject এবং object হিসেবে এই Relative pronoun ব্যবহৃত হতে পারে। যেমন-

This is the house **which** belonged to the orphanage.

এখানে which বস্তুবাচক subject হিসেবে ব্যবহৃত হয়েছে যার verb হলো belonged.

This is the house **which** my father built.

এখানে which বস্তুবাচক object হিসেবে ব্যবহৃত হয়েছে।

What: শুধু বস্তুকে নির্দেশ করতে what ব্যবহৃত হয়। What যখন বাক্যের মাঝখানে ব্যবহৃত হয় এর কোন Antecedent (Relative Pronoun এর ঠিক পূর্ববর্তী Noun/Pronoun কে Antecedent বলে) থাকে না শুধু verb থাকে। যেমন-

You can tell **what** you want.

Whose: ব্যক্তিবাচক, বস্তুবাচক এবং প্রাণিবাচক অর্থাৎ সকল ক্ষেত্রে অধিকারে বা সম্বন্ধবাচক বোঝাতে Relative Pronoun হিসেবে whose ব্যবহৃত হয়। যেমন-

This is the man **whose** book was lost.

The book **whose** colour is red.

That: ব্যক্তিবাচক, বস্তুবাচক ও প্রাণিবাচক Relative Pronoun হিসেবে বসতে পারে। অর্থাৎ 'That' শব্দটি who, whom, which এর পরিবর্তে বসতে পারে। কিন্তু 'That' এর কোন Possessive form নেই বলে whose এর পরিবর্তে 'That' বসতে পারে না। যেমন-

This is the man **who** lost his bag.

This is the man **that** lost his bag.

The man **whom** I helped was not poor.

Scanned with CamScanner CamScanner

The man **that** I helped was not poor.
A dog **which** barks seldom bites.
A dog **that** barks seldom bites.
তবে আমাদের মনে রাখতে হবে যে, 'That' ছাড়া অন্যান্য Relative Pronoun বাক্যের প্রথমেও বসতে পারে। তবে এই ক্ষেত্রে বাক্যটি Assertive-ই হবে, Interrogative বাক্য হবে না। অর্থাৎ, এই শব্দগুলো যখন কোনো বাক্যে ব্যবহৃত হয়, আর সেই বাক্যটি যদি Interrogative হয় তাহলে তাদেরকে Interrogative Pronoun বলা হবে; কিন্তু অন্য সকল ক্ষেত্রে তাদেরকে Relative Pronoun বলা হয়।

Who laughs last laughs best.
এই বাক্যে who হচ্ছে Relative Pronoun. কেননা এর দ্বারা কোনো প্রশ্ন করা হয়নি। পক্ষান্তরে-

Who are you? এই বাক্যে who হচ্ছে Interrogative Pronoun. কেননা এর দ্বারা প্রশ্ন করা হয়েছে।
আবার-

What is your father's name?
এই বাক্যে 'What' Interrogative Pronoun. কেননা এর দ্বারা প্রশ্ন করা হয়েছে।

What has happened is not clear.
এই বাক্যে what হচ্ছে Relative Pronoun. কেননা এর দ্বারা কোনো প্রশ্ন করা হয়নি। আমাদের শুধু একটি কথা মনে রাখতে হবে যে, এই শব্দগুলো Interrogative sentence এ ব্যবহৃত হলে এগুলো Interrogative Pronoun হবে।

5. **Indefinite Pronoun:** আচ্ছা, 'Indefinite' শব্দের অর্থ কী? 'Indefinite' শব্দের অর্থ হলো 'অনির্দিষ্ট'। অতএব 'Indefinite Pronoun' অর্থ হলো 'অনির্দিষ্টতাবাচক Pronoun'. যে Pronoun দ্বারা অনির্দিষ্ট কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝায় তাকে Indefinite Pronoun বলে। যেমন- Someone, somebody, anyone, anybody, something, anything, nothing, everyone, everybody, everything, nobody, none ইত্যাদি।

Someone stole my book.
Something is the better than nothing.
[উল্লেখ্য যে, Indefinite Pronoun কোনো বাক্যের Subject হলে Verb সবসময় Singular হয়।]

6. **Distributive Pronoun:** যে Pronoun এক জাতীয় একাধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেকটিকে আলাদা আলাদা বোঝায় তাকে Distributive Pronoun বলে। যেমন- Each, either, neither.

Each of the boys is intelligent.
Either of you can help me in this matter.
Neither of the boys is present today.
মনে রাখতে হবে যে, Each, either, neither যদি কোন Noun এর আগে বসে তখন তা Adjective-এ পরিণত হয়। কেননা এই শব্দগুলো Noun-কে Modify করে। আমরা জানি, Noun-কে কেবল Adjective-ই করতে পারে। তবে এই শব্দগুলো কোনো Noun-এর আগে না বসে একা একা বসলে তাকে Distributive Pronoun বলে। যেমন উপরের বাক্যগুলোতে এই শব্দগুলো কোনো Noun-এর আগে বসেনি; এতএব উপরের বাক্যগুলো এগুলো Distributive Pronoun হিসেবে ব্যবহৃত হয়েছে। এবার নিচের বাক্যগুলো দেখুন-

Each boy is present today.
Either book is new.
Neither man is perfect.
এখানে এই শব্দগুলো যথাক্রমে boy, book এবং man Noun-কে modify করেছে বলে এগুলো Distributive Adjective, Distributive Pronoun নয়।

7. **Reciprocal Pronoun:** যে Pronoun দ্বারা দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে পারস্পরিক সম্পর্ক বোঝায় তাকে Reciprocal Pronoun বলে। Reciprocal Pronoun দুইটি। যথা-

- Each other: যখন কেবল দুইজন ব্যক্তি বস্তুর মধ্যে পারস্পরিক সম্পর্ক বোঝায় তখন এটি ব্যবহৃত হয়। যেমন- Rahim and Shila love each other.
  এখানে Rahim ও Shila এই দু'জনের পারস্পরিক সম্পর্ককে বোঝানো হয়েছে।
- One another: যখন দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে পারস্পরিক সম্পর্ক বোঝায় তখন এটি ব্যবহৃত হয়। যেমন- They love one another.

এখানে দুইয়ের অধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক সম্পর্ককে বোঝানো হয়েছে।

8. **Reflexive and Emphatic Pronoun:** Personal Pronoun এর সঙ্গে যখন self বা selves যুক্ত হয়ে কোনো object হিসেবে বসে এবং বাক্যের subject-কে নির্দেশ করে তখন তাকে Reflexive Pronoun বলে। Reflexive Pronoun চেনার সহজ উপায় হচ্ছে এরা সাধারণত বাক্যের একেবারে শেষে বসে এবং কর্তা ও কর্ম একই হয়। যেমন-

She killed **herself**.
They killed **themselves**.
উপরোক্ত বাক্যসমূহে কর্তা ও কর্ম একই ব্যক্তি।

Reflexive Pronoun-গুলো হলো- myself, ourselves, himself, herself, themselves, yourself ইত্যাদি।
উল্লেখ্য যে, Singular বোঝাতে শেষে self যুক্ত হয় এবং Plural বোঝাতে শেষে selves যুক্ত হয়।

* **Emphatic Pronoun:** যে Reflexive Pronoun কোনো Subject-এর ঠিক পরে বসে তাকেই নির্দেশ করে এবং তার উপর জোর প্রদান করে তাকে Emphatic Pronoun বলে। যেমন-
I **myself** did it. (আমি নিজেই এটি করেছিলাম।)
এখানে 'I' Pronoun -এর ঠিক পরে myself বসেছে। আবার,
He **himself** went to school. (সে নিজেই স্কুলে গিয়েছে।)

Scanned with CamScanner

আমাদের মনে রাখতে হবে যে, Personal Pronoun এর সঙ্গে যখন self বা selves যুক্ত হয়ে কোনো Pronoun বাক্যের একেবারে শেষে বসে তখন তাকে Reflexive Pronoun বলে। কিন্তু বাক্যের Subject হিসেবে ব্যবহৃত কোনো Noun বা Pronoun-এর ঠিক পরে বসে তাকেই নির্দেশ করে তাকে Emphatic Pronoun বলে। Emphatic Pronoun কখনো বাক্যের একদম শেষে বসে না।

She killed **herself**. (Reflexive Pronoun)
He himself went to school. (Emphatic Pronoun)
বিশেষ দ্রষ্টব্য: Reflexive/ Emphatic Pronoun কখনো একা একা কোনো বাক্যের subject হতে পারে না।
Incorrect: **Myself** did it.
Correct: **I myself** did it.

Adjective

যে word দ্বারা কোন Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা বা পরিমাণকে বোঝায় তাকে Adjective বলে। সাধারণত কোন Noun বা Pronoun-কে 'কেমন', 'কী রকম' দ্বারা প্রশ্ন করলে যে শব্দের মাধ্যমে উত্তর পাওয়া যায় তাকে Adjective বলে। আমাদের বিশেষভাবে মনে রাখতে হবে, Adjective কেবল Noun, Pronoun বা Noun-এর সমকক্ষ কোনো শব্দকে Modify করে, অন্য কোনো শব্দকে Modify করে না। যেমন-

She is a **beautiful** girl.
The boy is **lazy**.
উপরিউক্ত বাক্যগুলোকে যদি প্রশ্ন করা হয়- 'কেমন girl' তখন উত্তর হবে beautiful girl. অতএব beautiful হলো Adjective. দ্বিতীয় বাক্যে যদি প্রশ্ন করা হয় 'কেমন'/ কী রকম boy' উত্তর হবে 'lazy boy'. অতএব lazy হলো Adjective. Adjective এর আরও কয়েকটি উদাহরণ-

He is an **Asian** citizen.
He is a **good** boy.
A **little** learning is a dangerous thing.
I ate **some** rice.
I have **enough** money.
He is the **first** boy in the class.
This book is mine.
I like **such** books.
Every boy is present today. [Adjective]
This is **our** house.

Adverb

Adverb: যে শব্দ কোনো Noun বা Pronoun ব্যতীত অন্য যে কোনো শব্দ বা Parts of Speech-কে অথবা একটি সম্পূর্ণ বাক্যকে modify করে তাকে Adverb বলে। অর্থাৎ Adverb, verb-কে modify করতে পারে, adverb, adjective-কে modify করতে পারে, adverb, adverb-কে modify করতে পারে, এমনকি adverb একটি সম্পূর্ণ বাক্যকে modify করতে পারে। যেমন-

Rahim talks **smartly**. [উক্ত বাক্যে 'talks' verb-কে modify করেছে 'smartly' adverb শব্দটি]
Shila is a **very** beautiful girl. [উক্ত বাক্যে ' beautiful' adjective-কে modify করেছে 'very' adverb শব্দটি]
Rahim talks **very** smartly. [উক্ত বাক্যে 'smartly' adverb-কে modify করেছে 'very' adverb শব্দটি]
Indeed, Rahim is a good boy. [উক্ত বাক্যে 'Indeed' adverb-টি সম্পূর্ণ বাক্যকে modify করেছে। উল্লেখ্য, কোনো adverb যদি সম্পূর্ণ বাক্যকে modify করে, তাহলে adverb-টি সাধারণত বাক্যের প্রথমে বসে।]
* অন্যভাবে বলা যায় যে, বাক্যকে কখন, কোথায়, কেন, কীভাবে দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে adverb বলে। Adverb এর কয়েকটি উদাহরণ-

He talks **loudly**.
Rahim stands **here.**
He came here **yesterday**.
I have told you **twice**.
He **always** goes to college.
Surely you are mistaken.
This is **somewhat** wrong.
I can **hardly** see you.
Yes, I know him.
He is **not** interested to meet with her.

Verb

Verb: যে শব্দ বা word দ্বারা কোনো কিছু করা, থাকা বা হওয়াকে বোঝায় তাকে Verb বলে।
They **go** to college regularly. [কোনো কিছু করাকে বোঝাচ্ছে]
They **have** many books. [কোনো কিছু থাকাকে বোঝাচ্ছে]
They **are** students. [কোনো কিছু হওয়াকে বোঝাচ্ছে]
[**বি.দ্র:** কোনো পরীক্ষার জন্যই Verb তেমন গুরুত্বপূর্ণ নয়; কেবল জানার জন্য শিখা। Verb কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষাতে আসে না বললেই চলে।]
***Verb-এর প্রকারভেদ:** Verb প্রধানত ২ প্রকার। যথা: 1) Finite Verb, 2) Non-finite Verb

Verb			
1) Finite Verb		2) Non-finite Verb	
a) Principal		b) Auxiliary	
1. Transitive	2. Intransitive	1. Primary	2. Modal

Scanned with CamScanner

1) **Finite Verb (সমাপিকা ক্রিয়া):** যে Verb দ্বারা কোনো বাক্যের কাজ বা বক্তব্য সমাপ্ত হয় এবং বাক্যের Subject-এর Person ও Number দ্বারা সীমাবদ্ধ এবং Tense অনুসারে তার রূপের পরিবর্তন হয় তাকে Finite Verb বা সমাপিকা ক্রিয়া বলে।

Rahim **goes** to college. He **attends** the class regularly.

2) **Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া):** যে Verb দ্বারা কোনো বাক্যের কাজ বা বক্তব্য সমাপ্ত হয় না এবং বাক্যের Subject-এর Person ও Number দ্বারা সীমাবদ্ধ নয় এবং Tense অনুসারে তার রূপের পরিবর্তন হয় না তাকে Non-finite Verb বা অসমাপিকা ক্রিয়া বলে। এক কথায় Finite Verb-এর বিপরীত হলো Non-finite Verb.

বাংলার মতোই, ইংরেজিতে অসমাপিকা ক্রিয়ার ইংরেজিতে to - verb অর্থাৎ Infinitive এবং কখনো কখনো Present Participle অর্থাৎ verb- ing এইরূপে Non-finite Verb হয়।

Rahim wanted **to go** to college.
Seeing the tiger I run away.

* **Finite Verb আবার ২ প্রকার:** a) Principal Verb, b) Auxiliary Verb

a) **Principal Verb:** যে Verb অন্য কোনো Verb ছাড়া স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে তাকে Principal Verb বা Main Verb বলে।

Latif **kicks** the ball.
They **play** football.
Mina **looked** happy.

*Principal Verb-কে আবার ২ ভাগে ভাগ করা যায়। যথা:
1. Transitive Verb, 2. Intransitive Verb

1. **Transitive Verb:** কোনো Verb যদি তার কর্ম সম্পাদনের জন্য যদি কর্তা ছাড়াও অন্য কাউকে বা অন্য কিছুকে প্রয়োজন হয়, তাহলে তাকে Transitive Verb বা সকর্মক ক্রিয়া বলে।

He is **eating** rice.
The beggar **wanted** some money.

Note: Transitive Verb-এর অর্থ সম্পূর্ণ করার জন্য একটি object বা কর্ম প্রয়োজন হয়। সেজন্য Transitive Verb-এ object বা কর্ম থাকে।

2. **Intransitive Verb:** কোনো Verb যদি তার কর্ম সম্পাদনের জন্য যদি কর্তা ছাড়া আর কারো প্রয়োজন না হয়, তাহলে তাকে Intransitive Verb বা অকর্মক ক্রিয়া বলে। Intransitive Verb-এ কোনো object বা কর্ম থাকে না।

The birds are **flying**.
The boy is **laughing**.

* **Transitive Verb হিসেবে Intransitive:** যখন কোনো Intransitive Verb Causitive sense-এ বা প্রযোজক ক্রিয়া রূপে ব্যবহৃত হয় তখন তা Transitive Verb হয়।

Intransitive	Transitive
The horse walks	He walks the horse
Birds fly	The boys fly their kites.

b) **Auxiliary Verb:** যে Verb-এর নিজস্ব কোনো অর্থ নেই কিন্তু ক্রিয়ার কাল বা ভাব প্রকাশ করতে Principal Verb-কে সাহায্য করে তাকে Auxiliary Verb বলে। আর সেজন্যই একে সাহায্যকারী ক্রিয়া বা Helping Verb-ও বলা হয়।

***Auxiliary verb কে আবার ২ভাগে ভাগ করা যায়।** যেমন:
1. Primary Auxiliary, 2. Modal Auxiliary

1. **Primary Auxiliary Verb:** যে Verb-গুলো Tense-এর ক্ষেত্রে Main Verb-এর সাহায্যকারী Verb হিসেবে ব্যবহৃত হয় এবং কখনো কখনো Principal Verb হিসেবে ব্যবহৃত হতে পারে তাদেরকে Primary Auxiliary Verb বলা হয়। যেমন:

He **is** going to College.
He **was** going to College.
It **has been** raining since morning.

2. **Modal Auxiliary Verb:** ক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে mood বা ধরন বোঝানোর জন্যে যে Auxiliary Verb ব্যবহৃত হয় Modal Auxiliary Verb বলে।

উল্লেখ্য যে, Modal Auxiliary Verb-এর পর সবসময় Principal Verb-এর base from বসে।

I **can** do the work alone.
You **must** abide by the rules.
He **may** not come here today.

Primary Auxiliary Verb	Modal Auxiliary Verb
Am, is, are, was, were, have, has, had, have been, has been, had been, am being, is being, are being, was being, were being, do, does, did ইত্যাদি।	Shall, should, will, would, can, could, may, might, must, need, used to, ought to ইত্যাদি।

উল্লেখ্য যে, Primary Auxiliary Verb কখনো কখনো Principal Verb হিসেবে ব্যবহৃত হতে পারে, কিন্তু Modal Auxiliary Verb কখনো Principal Verb হিসেবে ব্যবহৃত হতে পারে না।

Auxiliary Verb হিসেবে ব্যবহার	Principal Verb হিসেবে ব্যবহার
1. I **am** doing the sum.	1. I **am** well.
2. He **was** sleeping at night.	2. He **was** at home.
3. I **have** done the work.	3. I **have** a book.
4. He **had** left the school.	4. I **had** a book.

Scanned with CamScanner CamScanner

তিক্রমধর্মী আরও কয়েক প্রকার Verbs :

. **Factitive Verb :** যে 'Transitive Verb' object থাকা ক্ষেত্রে অতিরিক্ত word এর সাহায্য ছাড়া অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ রতে পারে না, তাকে Factitive Verb বলে। অর্থাৎ, এই ক্ষেত্রে ransitive Verb টির দুটি object তথা Double object কে। যেমন- They nominated him.

খানে 'nomited' verb টি Transitive Verb হওয়া সত্ত্বেও র্থের পূর্ণতা পায় না। এখানে তারা তাকে কী 'nomited' করেছে, া স্পষ্ট নয়। এখন যদি বলা হয়- 'They nominated him eader.' তখন বাক্যটি পূর্ণ অর্থ প্রকাশ করে। এই বাক্যে দুটি bject হল, 'him' এবং 'leader' এবং 'nomited' verb টি একটি Factitive Verb. এইরকম-

We ***elected*** him captain.
They ***selected*** him president.
The new campany ***appointed*** her officer.
We ***call*** him master.

Copulative Verb : যে 'Intransitive Verb' অতিরিক্ত word এর সাহায্য ছাড়া অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ করেতে পারে না, তাকে Copulative Verb বলে। যেমন- She looks.

এখানে 'look' verb টি Intransitive Verb. কিন্তু বাক্যটি পূর্ণ অর্থ প্রদান করে না। এখন যদি বলা হয়- 'She looks beautiful.' তখন বাক্যটি পূর্ণ অর্থ প্রকাশ করে। এই বাক্যে 'looks' verb টি একটি Copulative Verb. এইরকম-

He ***played*** well.
The graden ***is*** beautiful.

Cognate Verb : যদি কোনো 'Intransitive Verb' তার সমজাতীয় noun-কে object হিসেবে গ্রহণ করে Transitive Verb হিসেবে ব্যবহৃত হয়, তাকে Cognate Verb বা সমধাতুজ ক্রিয়া বলে। যেমন- They ***ran*** a race.

এখানে 'ran' verb টি Intransitive Verb এর সমজাতীয় noun হল 'race'. তাই এখানে 'ran' Verb টিকে Cognate Verb বলা যাবে।. এইরকম-

She ***sings*** a song.
He ***fought*** a fight.
They ***dreamt*** a dream.

Causitive Verb : কোনো ব্যক্তি সরাসরি নিজে কাজ না করে অন্যকে দিয়ে করানো বোঝাতে কিছু Verb ব্যবহৃত হয়। এই Verb-গুলোকে Causative Verbs বলে। অনেকগুলো আছে, তবে এখানে প্রধান ৫টি Causative Verb আলোচনা করা হলো; যেগুলো প্রায়ই পরীক্ষাতে আসে। Causative Verb-গুলো হলো let, make, help, have, get.

He help me carry the boxes.
I got my car repaired.

Impersonal Verb : যদি কোনো Verb এর subject হিসেবে Impersonal 'It' ব্যবহৃত হয়, তাহলে সে-ই Verb-কে Impersonal Verb বলে। যেমন-

It has been ***raining*** since morning.
It is snowing in winter.

Reciprocal Verb : যে Transitive Verb দ্বারা বাক্যের পারস্পরিক ক্রিয়া ও প্রতিক্রিয়ার অর্থ প্রকাশ করে, তাকে Reciprocal Verb বলে। এই ক্ষেত্রে বাক্যে সাধারণত Reciprocal Pronoun ব্যবহৃত হয়। যেমন-

The ***help*** one another.

এখানে 'help' verb টি Intransitive Verb এবং 'one another' হল Reciprocal Pronoun. এইরকম-

Rahim and Shila ***love*** each other.
They ***hate*** one another.

Reflexive Verb : যদি Transitive Verb এর subject এবং object একই ব্যক্তি বা বস্তুকে বোঝায়, সেই verb-কে Reflexive Verb বলা হয়। এই ক্ষেত্রে verb এর object হয় Reflexive Pronoun. যেমন-

She killed **herself**.
They killed **themselves**.

উপরোক্ত বাক্যসমূহে কর্তা ও কর্ম একই ব্যক্তি।

Group Verb : যদি কোনো 'Intransitive Verb' এর সামনে বা পিছনে কোনো preposition বসে 'Transitive Verb' হিসেবে ব্যবহৃত হয়, তাকে Group Verb বলে। যেমন-

The car over ***takes*** the bus.
Don't ***run*** after money.

এখানে 'takes' ও 'run' verb দুটিই Group Verb.

Preposition

যে word কোনো noun বা pronoun অথবা noun-এর সমপর্যায়ের কোনো শব্দ বা শব্দগুচ্ছের পূর্বে বসে তার সাথে বাক্যের অন্য word-এর সম্পর্ক বুঝিয়ে দেয় তাকে Preposition বলে। যেমন- with, before, after, at, in, of, to ইত্যাদি।

Rahim is going to college ***with*** Sakib. [Noun-এর পূর্বে Preposition]

Scanned with CamScanner

Rahim stood ***before*** her. [Pronoun-এর পূর্বে Preposition]

Rahim is skilled ***in*** running. [Noun- এর সমপর্যায়ের word-এর পূর্বে Preposition]

There was a small reception ***following*** the wedding. [Noun phrase তথা শব্দগুচ্ছ-এর পূর্বে Preposition; 39th BCS]

Tania was a wonderful singer, but she's ***past*** her prime. [Noun phrase তথা শব্দগুচ্ছ-এর পূর্বে Preposition; 40th BCS]

Call me if you have any problems ***regarding*** your work. [Noun phrase তথা শব্দগুচ্ছ-এর পূর্বে Preposition; 41st BCS]

What can we do ***but*** sit and wait. [Noun-এর পূর্বে Preposition; 41st BCS]

এখানে উল্লেখ্য যে, Preposition কেবল কোনো noun বা pronoun অথবা noun-এর সমপর্যায়ের কোনো word-এর পূর্বে বসতে পারে কিন্তু কোনো Sentence (বাক্য) বা Clause (খণ্ডবাক্য)-এর পূর্বে বসতে পারে না। যদি Preposition জাতীয় কোনো শব্দ Sentence (বাক্য) বা Clause (খণ্ডবাক্য)-এর এর পূর্বে বসে তখন তাকে Preposition বলে না; তাকে Conjunction বলে। কেননা, কেবল Conjunction-ই দুটি Sentence (বাক্য) বা Clause (খণ্ডবাক্য)-কে যুক্ত করতে পারে। যেমন-

He will arrive **after** Friday. [After শব্দটি Preposition হিসেবে Noun-এর পূর্বে বসেছে।]

The students arrived at college **after** the bell rang. [After শব্দটি Conjunction হিসেবে দুটি বাক্যের মাঝখানে বসেছে।]

Rahim stood **before** her. [Before শব্দটি Preposition হিসেবে Pronoun-এর পূর্বে বসেছে।]

The patient had died **before** the doctor came. [Before শব্দটি Conjunction হিসেবে দুটি বাক্যের মাঝখানে বসেছে।]

Conjunctions

Conjunction: 'Conjunction' শব্দটির অর্থ হলো 'সংযোজক অব্যয়'। অর্থাৎ, যে word একই ধরনের দুটি শব্দ (অর্থাৎ, একই ধরনের দুটি Part of Speech) বা দুটি বাক্যকে অথবা একটি বাক্যাংশকে আরেকটি বাক্যাংশের সাথে যুক্ত করার জন্য ব্যবহৃত হয় তাকে Conjunction বলে। যেমন- and, or, but, both...and, so...that, either...or, neither...nor, not only...but also, no sooner...than, scarcely...when, hardly...when ইত্যাদি।

He is smart **and** handsome. [একই ধরনের দুটি Part of Speech-কে যুক্ত করেছে। অর্থাৎ, দুটি Adjective-কে যুক্ত করেছে।]

Rahim went to college **and** Karim went to market.

He is weak **but** brave.

Learn your lesson **or** leave the class.

Either you **or** he is wrong.

Conjunction মূলত দুটি বাক্যকে অথবা একই ধরনের দুটি Part of Speech-কে যুক্ত করে। যেমন-

'I shall help you provided you obey me.' Here the underlined word is a/an– [41st BCS]

ক. adverb খ. adjective

গ. conjunction ঘ. verb **Ans: c**

Interjection

Interjection: যে শব্দ দ্বারা মনের আবেগ, অনুভূতি, উচ্ছ্বাস, শোক, দুঃখ ইত্যাদি প্রকাশ করা হয় তাকে Interjection বলে।

সুতরাং যে শব্দ মনের আকস্মিক আবেগ, অনুভূতি প্রকাশ করে তাকে Interjection বলে। Interjection চেনার সহজ উপায় হচ্ছে, Interjection সবসময় বাক্যের প্রথমে বসে এবং এই এর পরে সবসময় একটি বিস্ময়সূচক চিহ্ন (!) থাকে।

Hurrah! Today is holiday.

Alas! I am undone.

এবার আসুন অনেক মজার একটি বিষয় শিখি! যদি একটিমাত্র বাক্যে ৮ প্রকার Parts of Speech-এর সব কয়টি পাওয়া যায় তাহলে কেমন হয়? আসুন তাহলে সেই মজার বাক্যটি দেখা যাক-

Ah! My friend **and** **I** wish we could **travel** **easily** **to** **Canada** and take in all **amazing** sites.

আসুন মিলিয়ে নেয়া যাক, **Ah!** = Interjection, **and** = Conjunction, **I** = Pronoun, **travel** = Verb, **easily** = Adverb, **to** = Preposition, **Canada** = Noun, **amazing** = Adjective.

Scanned with CamScanner

Changing Words into Different Parts of Speech

কোনো একটি English Word কে এক Parts of Speech থেকে অন্য Parts of Speech এ পরিবর্তন করতে হলে বেশিরভাগ ক্ষেত্রে কিছু অর্থহীন বর্ণ তথা letter যুক্ত করতে হয়। কোনো Word এর পূর্বে তথা আগে কিছু যোগ করা হলে তাকে Prefix (উপসর্গ) বলে; আবার word এর পরে তথা শেষে কিছু যুক্ত হলে তাকে Suffix (প্রত্যয়) বলে।

🕮 Verb থেকে Noun গঠনের নিয়ম :

1. Verb এর শেষে ment যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Abate	হ্রাস পাওয়া	Abatement	হ্রাস
Agree	রাজি হওয়া	Agreement	সম্মতি
Amuse	আনন্দ দেওয়া	Amusement	আনন্দ
Attach	জুড়ে দেওয়া	Attachment	সংযুক্তি
Attain	উপার্জন করা	Attainment	উপার্জন
Better	ভালো করা	Betterment	উন্নতি
Commit	প্রতিশ্রুতিবদ্ধ হওয়া	Commitment	অঙ্গীকার/প্রতিজ্ঞা
Conceal	গোপন করা	Concealment	গুপ্তকরণ
Deploy	ছড়িয়ে পড়া	Deployment	বিস্তারণ
Detach	বিচ্ছিন্ন করা	Detachment	বিয়োজন
Develop	উন্নয়ন করা	Development	উন্নয়ন
Employ	নিয়োগ করা	Employment	নিয়োগ
Enjoy	উপভোগ করা	Enjoyment	উপভোগ
Establish	প্রতিষ্ঠা করা	Establishment	প্রতিষ্ঠা
Govern	শাসন করা	Government	শাসন
Improve	উন্নতি করা	Improvement	উন্নতি
Judge	বিচার করা	Judgement	বিচার
Manage	ব্যবস্থান করা	Management	ব্যবস্থাপনা
Pay	পরিশোধ করা	Payment	পরিশোধ
Place	স্থাপন করা	Placement	স্থাপন
Punish	শাস্তি দেওয়া	Punishment	শাস্তি
Replace	পুনঃস্থাপন করা	Replacement	পুনঃস্থাপন
Require	প্রয়োজন হওয়া	Requirement	প্রয়োজন
Retire	অবসর নেয়া	Retirement	অবসর

2. Verb এর শেষে d থাকলে d এর স্থলে tion বা sion যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Attend	মনোযোগ দেওয়া	Attention	মনোযোগ
Contend	কলহ করা	Contention	কলহ
Extend	প্রসারিত করা	Extension	প্রসার
Intend	ইচ্ছা করা	Intention	সংকল্প
Pretend	ভান করা	Pretension	ভান

Scanned with CamScanner CamScanner

3. Verb এর শেষে se/ze থাকলে sation যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Characterize	বৈশিষ্ট্য প্রদর্শন করা	Characterization	বৈশিষ্ট্য প্রদর্শন
Civilize	সভ্য করা	Civilization	সভ্যতা
Industrialize	শিল্পায়িত করা	Industrialization	শিল্পায়ন
Localize	আঞ্চলিক বৈশিষ্ট্যে সমৃদ্ধ করা	Localization	আঞ্চলিকীকরণ
Legalize	বৈধ করা	Legalization	বৈধকরণ
Nationalize	জাতীয়করণ করা	Nationalization	জাতীয়করণ
Realize	উপলব্ধি করা	Realization	উপলব্ধি
Utilize	ব্যবহার করা	Utilization	ব্যবহার
Visualize	ছবির মতো মনে আনা, প্রত্যক্ষবৎ স্মরণ করা	Visualization	প্রত্যক্ষীকরণ

4. Verb এর শেষে ume থাকলে ption যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Assume	অনুমান করা	Assumption	অনুমান
Consume	ভোগ করা	Consumption	ভোগ্য
Presume	অনুমান করা	Presumption	অনুমান
Resume	পুনরায় শুরু করা	Resumption	পুনরায় আরম্ভ

5. Verb এর শেষে de থাকলে de এর পরিবর্তে sion/tion যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Accede	দায়িত্ব গ্রহণ করা	Accession	দায়িত্ব গ্রহণ
Allude	উল্লেখ করা	Allusion	উল্লেখ
Concede	স্বীকার করা	Concession	বিশেষ অধিকার বা সুবিধা
Decide	নিষ্পত্তি করা	Decision	সিদ্ধান্ত
Provide	সংস্থান করা	Provision	রসদ
Upgrade	মান উন্নয়ন করা	Upgradation	মান উন্নয়ন

6. Verb এর শেষে tain থাকলে তার পরিবর্তে tenance বা tention যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Detain	আটক করা	Detention	আটক
Maintain	ভরণপোষণ করা	Maintenance	ভরণপোষণ
Retain	অব্যাহত/ধরে রাখা	Retention	ধারণ
Sustain	পুষ্ট করা	Sustenance	জীবন/শক্তি

7. Verb এর শেষে t/te থাকলে তার পরিবর্তে tion/tation যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Abominate	ঘৃণা করা	Abomination	ঘৃণা
Affiliate	অন্তর্ভুক্ত করা	Affiliation	অন্তর্ভুক্তি
Accommodate	আবাসিক করা	Accommodation	অস্থায়ী আবাস
Allocate	বরাদ্দ করা	Allocation	বরাদ্দ

Scanned with CamScanner

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Collect	সংগ্রহ করা	Collection	সংগ্রহ
Formulate	তৈরি করা	Formulation	গঠন
Illuminate	আলোকিত করা	Illumination	আলোকিত
Invite	নিমন্ত্রণ করা	Invitation	নিমন্ত্রণ
Locate	স্থান নির্দেশ করা	Location	অবস্থান
Narrate	বর্ণনা করা	Narration	বর্ণনা
Connect	যুক্ত করা	Connection	সংযোগ
Cultivate	আবাদ করা	Cultivation	আবাদ
Distribute	বণ্টন করা	Distribution	বণ্টন
Elect	নির্বাচন করা	Election	নির্বাচন
Elevate	উন্নীত করা	Elevation	উন্নয়ন
Eliminate	উচ্ছেদ করা	Elimination	উচ্ছেদ
Eradicate	বিমোচন করা	Eradication	বিমোচন
Estimate	নিরূপণ করা	Estimation	নিরূপন
Expect	আশা করা	Expectation	প্রত্যাশা
Operate	চালানো	Operation	চালনা
Ruminate	স্মৃতিচারণ করা	Rumination	স্মৃতিচারণ
Participate	অংশগ্রহণ করা	Participation	অংশগ্রহণ
Select	পছন্দ করা	Selection	পছন্দ
Stimulate	উত্তেজিত করা	Stimulation	উত্তেজনা
Translate	অনুবাদ করা	Translation	অনুবাদ
Transmute	রূপান্তর করা	Transmutation	রূপান্তর
Transport	বহন করা	Transportation	বহন

8. Verb এর শেষে fy থাকে fication/faction যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Amplify	সম্প্রসারণ করা	Amplification	সম্প্রসারণ
Beautify	সুন্দর করা	Beautification	সৌন্দর্য
Deify	দেবত্ব আরোপ করা	Deification	দেবত্ব আরোপণ
Falsify	মিথ্যা প্রতিপন্ন করা	Falsification	মিথ্যা প্রমাণ
Glorify	গৌরবান্বিত করা	Glorification	গৌরবান্তিকরণ
Purify	পরিষ্কার করা	Purification	রিশোধন
Pacify	প্রশমিত করা	Pacification	প্রশমন
Qualify	যোগ্য করা	Qualification	যোগ্যতা
Notify	বিজ্ঞপ্তি দেওয়া	Notification	বিজ্ঞপ্তি
Verify	সত্যতা যাচাই করা	Verification	সত্যতা
Classify	শ্রেণিবিন্যাস করা	Classification	শ্রেণিবিন্যাস
Gratify	খুশি/সন্তোষ লাভ করা	Gratification	খুশি/সন্তোষ লাভ
Stultify	বেকুব বানানো	Stultification	নিষ্ফলীকরণ
Simplify	সরল করা	Simplification	সরলীকরণ
Satisfy	সন্তুষ্ট করা	Satisfaction	সন্তুষ্টি

Scanned with CamScanner CamScanner

9. Verb এর শেষে it/ve/se /y থাকলে তার পরিবর্তে ial /al/yal যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Approve	অনুমোদন করা	Approval	অনুমোদন
Arrive	উপস্থিত হওয়া	Arrival	আগমন
Betray	বিশ্বাসঘাতকতা করা	Betrayal	বিশ্বাসঘাতকতা
Deny	সত্য অস্বীকার করা	Denial	সত্য অস্বিকার
Propose	প্রস্তাব করা	Proposal	প্রস্তাব
Refuse	অস্বীকার করা	Refusal	অস্বীকৃতি
Remove	অপসারণ করা	Removal	অপসারণ
Try	চেষ্টা করা	Trial	পরিক্ষানিরীক্ষা

10. Verb এর শেষে বিভিন্ন প্রকার Suffix যুক্ত করে Noun গঠন করা যায়। যেমন-

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Abolish	বিলুপ্ত করা	Abolition	বিলোপসাধন
Accept	গ্রহণ করা	Acceptance	গ্রহণ
Complain	অভিযোগ করা	Complaint	অভিযোগ
Concentrate	মনোনিবেশ করা	Concentration	মনোনিবেশ
Console	সান্ত্বনা দেওয়া	Consolation	সান্ত্বনা
Create	সৃষ্টি করা	Creation	সৃষ্টি
Deceive	প্রতারণা করা	Deception	প্রতারণা
Declare	ঘোষণা দেওয়া	Declaration	ঘোষণা
Defend	আত্মরক্ষা করা	Defence	প্রতিরক্ষা
Destroy	ধ্বংস করা	Destruction	ধ্বংস
Die	মরা যাওয়া	Death	মৃত্যু
Prepare	প্রস্তুত থাকা	Preparation	প্রস্তুতি
Pursue	অনুকরণ করা	Pursuit	অনুকরণ
Recognise	স্বীকার করা	Recognition	স্বীকৃতি
Reduce	কমানো	Reduction	হ্রাস
Rely	নির্ভর করা	Reliance	নির্ভরতা
Remember	স্মরণ করা	Remembrance	স্মরণ
Repeat	পুনঃউল্লেখ করা	Repetition	পুনঃউল্লেখ
Resign	পদত্যাগ করা	Resignation	পদত্যাগ
Respond	সাড়া দেওয়া	Response	সাড়া
Sell	বিক্রি করা	Sale	বিক্রিয়
Serve	সেবা করা	Service	সেবা
Emphasize	গুরুত্ব দেওয়া	Emphasis	গুরুত্বারোপ
Enter	প্রবেশ করা	Entrance	প্রবেশ
Exist	বিদ্যমান থাকা	Existence	অস্তিত্ব
Fail	ব্যর্থ হওয়া	Failure	ব্যর্থতা
Grow	জন্মানো	Growth	বৃদ্ধি
Mix	মেশান	Mixture	মিশ্রণ
Neglect	অবহেলা করা	Negligence	অবহেলা

Scanned with CamScanner

Verb	শব্দার্থ	Noun	শব্দার্থ
Please	সন্তুষ্ট করা	Pleasure	আনন্দ
Sign	স্বাক্ষর করা	Signature	স্বাক্ষর
Sing	গান গাওয়া	Song	গান
Sit	বসা	Seat	আসন
Solve	সমাধান করা	Solution	সমাধান
Speak	কথা বলা	Speech	বক্তৃতা
Steal	চুরি করা	Stealth	চৌর্যবৃত্তি
Think	চিন্তা করা	Thought	চিন্তা
Vary	ভিন্ন হওয়া	Variation	ভিন্নতা

Verb গঠনের পদ্ধতি

1. কতিপয় Word এর আগে 'be' Prefix যুক্ত করে verb গঠন করা হয়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Cloud	মেঘ	Becloud	মেঘাচ্ছন্ন করা
Devil	শয়তান	Bedevil	শয়তানি করা
Dew	শিশির	Bedew	শিশিরসিক্ত করা
Fall	পতিত হওয়া	Befall	ঘটা
Fit	উপযুক্ত	Befit	মানানসই
Flower	ফুল	Beflower	ফুলে আচ্ছাদিত করা
Fool	বোকা	Befool	বোকা বানানো
Foul	কলুষিত	Befoul	কলুষিত করা
Gloom	বিষাদ	Begloom	বিষাদাচ্ছন্ন করা
Head	মাথা	Behead	শিরশ্ছেদ করা
Late	বিলম্ব	Belate	বিলম্ব করা
Little	ছোট	Belittle	ছোট করা
Come	আসা	Become	হওয়া
Quiet	শান্ত	Bequiet	শান্ত হওয়া
Numb	অবশ	Benumb	অবশ হওয়া/করা
Night	রাত্র	Benight	তিমির আবৃত করা

2. কতিপয় Word এর আগে 'em' যুক্ত করে verb গঠন করা যায়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Bank	তীর	Embank	বাঁধ দেওয়া
Battle	যুদ্ধ	Embattle	যুদ্ধ সজ্জিত করা
Bitter	তিক্ত	Embitter	তিক্ত করা
Body	শরীর	Embody	মূর্ত করা
Bosom	বুক	Embosom	আলিঙ্গন করা
Bloom	মুকুল	Embloom	মুকুলিত হয়ো
Plane	বিমান	Emplane	বিমান উঠা
Power	ক্ষমতা	Empower	ক্ষমতাসম্পন্ন করা

Scanned with CamScanner CamScanner

3. কতিপয় Word এর আগে 'en' যোগ করে verb গঠন করা যায়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Able	সমর্থ	Enable	সমর্থ হওয়া
Act	আইন	Enact	আইনে পরিণত হওয়া
Cage	পিঞ্জর	Encage	পিঞ্জরাবদ্ধ করা
Chain	শৃঙ্খল	Enchain	শৃঙ্খলাবদ্ধ করা
Chant	সংগীত	Enchant	মুগ্ধ করা
Courage	সৎ সাহস	Encourage	উৎসাহিত করা
Danger	বিপদ	Endanger	বিপদাপন্ন করা
Fold	ভাঁজ	Enfold	ভাঁজ করা
Force	শক্তি	Enforce	শক্তি করা
Kindle	জ্বালানি	Enkindle	জ্বালানো
Large	বড়	Enlarge	প্রসারিত করা
Light	আলো	Enlight	আলোকিত করা
List	তালিকা	Enlist	তালিকাভুক্ত
Rich	ধনী	Enrich	ধনী করা
Roll	তালিকা	Enroll	তালিকাবদ্ধ করা
Slave	দাস	Enslave	দাসে পরিণত করা
Throne	সিংহাসন	Enthrone	সিংহাসনে বসা
Title	পদবি	Entitle	উপাধি দেওয়া

4. কতিপয় Word এর আগে 'ify' বা 'fy' Suffix যুক্ত করে verb গঠন করা যায়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Air	বাতাস	Airify	বাতাসে পরিণত করা
Ample	প্রচুর	Amplify	ভাবসম্প্রসারণ করা
Beauty	সৌন্দর্য	Beautify	সুন্দর করা
Class	শ্রেণি	Classify	শ্রেণিবিভাগ করা
Clear	পরিষ্কার	Clarify	ব্যাখ্যা করা
Electric	বিদ্যুতিক	Electrify	বিদ্যুতায়িত করা
Example	উদাহরণ	Exemplify	উদাহরণ দেওয়া
Fruit	ফল	Fruitify	সফল করা
Gas	গ্যাস	Gasify	গ্যাসে পরিণত করা
Just	সত্যতা	Justify	সত্যতা নির্ধারণ করা
Rare	বিরল	Rarefy	বিরল করা
Vary	ভিন্ন	Verify	যাচাই করা
Verse	কবিতা	Versify	ছন্দবদ্ধ করা

5. কতিপয় Word এর শেষে 'en' Suffix যুক্ত করে verb গঠন করা যায়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Black	কালো	Blacken	কালো করা
Broad	প্রশস্ত	Broaden	প্রশস্ত করা
Bright	উজ্জ্বল	Brighten	উজ্জ্বল করা
Deep	গভীর	Deepen	গভীর করা
Haste	তাড়া	Hasten	তাড়াতাড়ি করা

Scanned with CamScanner CamScanner

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Height	উচ্চতা	Heighten	উন্নত করা
Light	হালকা	Lighten	হালকা করা
Loose	ঢিলা	Loosen	ঢিলা করা
Strength	শক্তি	Strengthen	শক্তিশালী করা
Sweet	মিষ্টি	Sweeten	মিষ্টি করা
Tough	কঠিন	Toughen	কঠিন করা
Thick	পুরু	Thicken	পুরু করা

6. কতিপয় Word এর শেষে ' ize' Sufflx যুক্ত করে verb গঠন করা যায়। যেমন-

Noun/ Adjective		Verb	শব্দার্থ
Authority	ক্ষমতা	Authorize	ক্ষমতা অর্পণ করা
Agony	যন্ত্রণা	Agonize	যন্ত্রণা দেওয়া
Apology	ক্ষমা	Apologize	ক্ষমা চাওয়া
Civil	সভ্য	Civilize	সভ্য করা
Equal	সমান	Equalize	সমতা করা
Industrial	শিল্প সম্পর্কিত	Industrialize	শিল্পায়িত করা
Local	স্থানীয়	Localize	স্থানীয়করণ করা
Memory	স্মৃতি	Memorize	মুখস্থ করা
Normal	স্বাভাবিক	Normalize	স্বাভাবিক
Sympathy	সহানুভূতি	Sympathize	সহানুভূতি

7. কতিপয় Noun এর মধ্যকার Vowel পরিবর্তন করে Verb গঠন করা যায়। যেমন-

Noun	শব্দার্থ	Verb	শব্দার্থ
Blood	রক্ত	Bleed	রক্তপাত হওয়া বা করা
Bond	বন্ধন	Bind	বাঁধা
Choice	পছন্দ	Choose	পছন্দ করা
Drop	বিন্দু	Drip	বিন্দু বিন্দু করা
Food	খাদ্য	Feed	খাওয়ানো
Gold	স্বর্ণ	Gild	সোনায় জড়ানো
Knot	গিট	Knit	গিট দেওয়া
Sale	বিক্রি	Sell	বিক্রয় করা

8. কতিপয় Noun এর শেষের 'e' যুক্ত করে বা 'l' যোগ করে Verb গঠন করা যায়। যেমন-

Noun	শব্দার্থ	Verb	শব্দার্থ
Bath	গোসল	Bathe	গোসল করা
Breath	শ্বাস-প্রশ্বাস	Breathe	শ্বাস-প্রশ্বাস নেয়া
Cloth	বস্ত্র	Clothe	পরিধান করা
Knee	হাঁটু	Kneel	হাঁটু গেড়ে বসা
Sooth	শান্ত	Soothe	শান্ত
Thief	চোর	Thieve	চোর করা

Scanned with CamScanner CamScanner

Adjective থেকে Noun গঠনের নিয়ম

1. Adjective এর শেষে ness যোগ করার মাধ্যমে Noun গঠন করা যায়। যেমন-

Adjective	শব্দার্থ	Noun	শব্দার্থ
Appropriate	যথার্থ	Appropriateness	যথার্থতা
Audacious	দুঃসাহসী	Audaciousness	দুঃসাহসিকতা
Arid	শুষ্ক	Aridness	শুষ্কতা
Adverse	বিমুখ	Adverseness	বিমুখতা
Aware	সতর্ক	Awareness	সতর্কতা
Bond	বন্ধন	Bondness	বন্ধুত্ব
Bright	উজ্জ্বল	Brightness	উজ্জ্বলতা
Careless	উদাসীন	Carelessness	উদাসীনতা
Cheerful	আনন্দদায়ক	Cheerfulness	উৎফুল্লতা
Clumsy	কদর্য	Clumsiness	কদর্যতা
Dry	শুষ্ক	Dryness	শুষ্কতা
Eager	আগ্রহী	Eagerness	আগ্রহ
Fond	আসক্ত	Fondness	আসক্তা
Fresh	তাজা	Freshness	সজীবতা
Happy	সুখী	Happiness	সুখ
Hard	কঠিন	Hardness	কাঠিন্য
High	উচ্চ	Highness	মহানুভবতা
Kind	দয়ালু	Kindness	দয়া
Large	বড়	Largeness	বিশালতা
Little	ক্ষুদ্র	Littleness	ক্ষুদ্রতা
New	নতুন	Newness	নতুনত্ব
Restless	চঞ্চল	Restlessness	চঞ্চলতা
Short	সংক্ষিপ্ত	Shortness	সংক্ষিপ্ততা
Single	একক	Singleness	একত্ব
Ugly	কদাকার	Ugliness	কদর্যতা
Vague	অস্পষ্ট	Vagueness	অস্পষ্টতা
Vigorous	বলিষ্ঠ	Vigorousness	বলিষ্ঠতা
Worthy	প্রশংসনীয়	Worthiness	প্রশংসনীয়তা
Youthful	তারুণ্যপূর্ণ	Youthfulness	তারুণ্য

2. Adjective এর শেষে at/ate/et/te/tic থাকলে t, te বা tic এর পরিবর্তে cy যুক্ত করে Noun গঠিত যায়। যেমন-

Adjective	শব্দার্থ	Noun	শব্দার্থ
Bureaucratic	আমলাতান্ত্রিক	Bureaucracy	আমলাতন্ত্র
Intricate	জটিল	Intricacy	জটিলতা
Literate	অক্ষজ্ঞানসম্পন্ন	Literacy	সাক্ষরতা
Private	গোপনীয়	Privacy	গোপনীয়তা
Secret	গোপনীয়	Secrecy	গোপনীয়তা
Transparent	স্বচ্ছ	Transparency	স্বচ্ছতা

Scanned with CamScanner CamScanner

3. Adjective এর শেষে ar বা or থাকলে তার শেষে ity যোগ করে Noun গঠন করা হয়। যথা-

Adjective	শব্দার্থ	Noun	শব্দার্থ
Clear	পরিষ্কার	Clarity	পরিচ্ছন্নতা
Familiar	পরিচিত	Familiarity	পরিচয়
Inferior	নিকৃষ্ট	Inferiority	নিকৃষ্টতা
Junior	বয়ঃকনিষ্ঠ	Juniority	বয়ঃকনিষ্ঠতা
Senior	বয়োজ্যেষ্ঠ	Seniority	বয়োজ্যেষ্ঠতা
Superior	শ্রেষ্ঠ	Superiority	শ্রেষ্ঠত্ব
Popular	জনপ্রিয়	Popularity	জনপ্রিয়তা
Regular	নিয়মিত	Regularity	নিয়মানুবর্তিতা

4. Adjective এর শেষে el, al, il, le, ile থাকলে তাদের শেষের 'e' তুলে দিয়ে এর স্থলে ity/ty বসিয়ে Noun গঠন করা যায়। যথা-

Adjective	শব্দার্থ	Noun	শব্দার্থ
Able	সমর্থ	Ability	সামর্থ্য
Brutal	পাশবিক	Brutality	পাশবিকতা
Casual	আকস্মিক	Casuality	আকস্মিকতা
Civil	ভদ্র	Civility	ভদ্রতা
Cruel	নিষ্ঠুর	Cruelty	নিষ্ঠুরতা
Docile	শান্ত	Docility	শান্ত স্বভাব
Equal	সমান	Equality	সমতা
Fatal	মারাত্মক	Fatality	চরম বিপর্যয়
Futile	নিষ্ফল	Futility	নিষ্ফলতা
Gentle	ভদ্র	Gentility	ভদ্রতা
Legal	বৈধ	Legality	বৈধতা
Hostile	শত্রুভাবাপন্ন	Hostility	শত্রুভাবাপন্নতা
Moral	নৈতিক	Morality	নৈতিকতা
Mortal	মরণশীল	Mortality	মরণশীলতা
Noble	মহান	Nobility	মহত্ত্ব
Perpetual	অনন্ত	Perpetuity	চিরস্থায়িত্ব
Real	যথার্থ	Reality	যথার্থতা
Servile	দাসভাবাপন্ন	Servility	দাসত্ব
Simple	সরল	Simplicity	সারল্য
Total	সর্বমোট	Totality	সমগ্রতা
Vital	অপরিহার্য	Vitality	জীবনীশক্তি

5. Adjective এর শেষে th যুক্ত করে Noun গঠন করা হয়। যথা-

Adjective	শব্দার্থ	Noun	শব্দার্থ
Broad	প্রশস্ত	Breadth	প্রশস্ততা
Dear	মহার্ঘ	Dearth	দুষ্প্রাপ্যতা
Deep	গভীর	Depth	গভীরতা
Long	লম্বা	Length	লম্বা
Strong	শক্তিশালী	Strength	শক্তি
ক্ষতি/ লোকসান : বিক্রয়মূল্য ক্রয়মূল্যের তুলনায় কম হলে তাকে ক্ষতি বা লোকসান বলে। বিক্রয় মূল্যের তুলনায় ক্রয়মূল্য যে পরিমাণ হয়, সে পরিমাণকে ক্ষতি বা লোকসান বলা হয়।

লোকসান (Loss) = ক্রয়মূল্য (C.P) - বিক্রয়মূল্য (S.P)

তুলনা করার জন্য লাভ বা ক্ষতি শতকরা হিসাবে প্রকাশ করা হয়। লাভ-ক্ষতি শতকরা হিসাব সবসময় ক্রয়মূল্যের উপর নির্ভর করে। অর্থাৎ বিক্রয়মূল্য ক্রয়মূল্য চেয়ে কম হলে ক্ষতি হয়। বিক্রয়মূল্য ক্রয়মূল্য চেয়ে বেশি হলে লাভ হয় ।

১. **একজন কমলা বিক্রেতা প্রতি শত কমলা ১০০০ টাকায় কিনে ১২০০ টাকায় বিক্রি করলে তার লাভ কত হবে?**

ক. ১২০ টাকা খ. ২০০ টাকা
গ. ২৪০ টাকা ঘ. ৩০০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ক্রয়মূল্য ১০০০ টাকা; বিক্রয়মূল্য ১২০০ টাকা

∴ লাভ = (১২০০ − ১০০০) টাকা
= ২০০ টাকা

২. **একটি জিনিস ৬০ টাকা বিক্রি করলে ২০% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?**

ক. ৪০ টাকা খ. ৫০ টাকা
গ. ৬০ টাকা ঘ. ৮০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ২০% লাভে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = ১২০ টাকা

বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ৬০ টাকা হলে ক্রয়মূল্য $= \frac{১০০ \times ৬০}{১২০}$ টাকা
$= ৫০$ টাকা

৩. **একটি জিনিস ৩৬ টাকায় বিক্রি করায় যত ক্ষতি হলো, ৭২ টাকায় বিক্রি করলে তার দ্বিগুণ লাভ হতো। জিনিসটির ক্রয়মূল্য কত?**

ক. ৪৮ টাকা খ. ৫০ টাকা
গ. ৫২ টাকা ঘ. ৪২ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, জিনিসটি ৩৬ টাকায় বিক্রি করায় x টাকা ক্ষতি হলো

ফলে, " ৭২ " " " ২x " লাভ "

উভয় ক্ষেত্রে ক্রয়মূল্য সমান

∴ ৩৬ + x = ৭২ − ২x

বা, x + ২x = ৭২ − ৩৬

বা, ৩x = ৩৬ ∴ x = ১২

অর্থাৎ জিনিসটির ক্রয়মূল্য (৩৬ + ১২) বা ৪৮ টাকা।

৪. **একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করলে, জিনিসটির ক্রয়মূল্য যত টাকা, শতকরা তত টাকা লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?**

ক. ৪০ টাকা খ. ৩৬ টাকা
গ. ৫০ টাকা ঘ. ৩২ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য x টাকা

তাহলে, বিক্রয় মূল্য ৫৬ টাকায় লাভ হয় x%

x% লাভে,

বিক্রয়মূল্য (১০০ + x) টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $= \frac{১০০}{১০০ + x}$ টাকা

∴ " ৫৬ " " " $= \frac{১০০ \times ৫৬}{১০০ + x}$ "

প্রশ্নমতে, $\frac{১০০ \times ৫৬}{১০০ + x} = x$

বা, $\frac{৫৬০০}{১০০ + x} = x$

বা, $x^2 + ১০০x = ৫৬০০$

বা, $x^2 + ১০০x - ৫৬০০ = ০$

বা, $x^2 + ১৪০x - ৪০x - ৫৬০০ = ০$

বা, $x(x + ১৪০) - ৪০(x + ১৪০) = ০$

বা, $(x - ৪০)(x + ১৪০) = ০$

∴ $x = ৪০$ অথবা $x = -১৪০$

অর্থাৎ দ্রব্যটির ক্রয়মূল্য ৪০ টাকা

৫. **একটি কবিতার বই ১৫% কমিশনে বিক্রয় করা হয়। কবিতার বইটির প্রকৃত বিক্রয়মূল্য ১২০ টাকা হলে বইটি কত টাকায় ক্রয় করা যাবে?**

ক. ১০০ টাকা খ. ১০৫ টাকা
গ. ৯৫ টাকা ঘ. ১০২ টাকা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১৫% কমিশনে,

প্রকৃত বিক্রয় মূল্য ১০০ টাকা হলে ক্রয় করা যাবে ৮৫ টাকায়

" " " ১ " " " " " $\frac{৮৫}{১০০}$ "

∴ " " " ১২০ " " " " " $\frac{৮৫ \times ১২০}{১০০}$ "

$= ১০২$ টাকা।

৬. **রাজু একটি বই হাসানের কাছে ১০% ক্ষতিতে বিক্রি করল। রাজু যদি বইটি ২০% কম দামে কিনত এবং ৪৪ টাকা বেশি দামে বিক্রি করত তবে তার ৪০% লাভ হত। রাজু বইটি কত দামে কিনেছে?**

ক. ৫০ টাকা খ. ১০০ টাকা
গ. ২০০ টাকা ঘ. ৫০০ টাকা **উত্তর : গ**

ব্যাখ্যা : ১০% ক্ষতিতে বিক্রয় মূল্য (১০০ − ১০) বা ৯০ টাকা

২০% কমে বইটির ক্রয়মূল্য (১০০ − ২০) টাকা = ৮০ টাকা

৪০% লাভে বিক্রয়মূ্য (১০০ + ৪০) টাকা = ১৪০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪০ টাকা

∴ " ৮০ " " " $\frac{১৪০ \times ৮০}{১০০}$ "

$= ১১২$ টাকা

∴ বিক্রয়মূল্য (১১২ − ৯০) টাকা বা ২২ টাকা

Scanned with CamScanner CamScanner

২২ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ৪৪ টাকা " " " " " $\frac{১০০ \times ৪৪}{২২}$ "

= ২০০ টাকা

৭. ১টি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক. ৪% খ. ৬%

গ. ৫% ঘ. ৭% **উত্তর : গ**

ব্যাখ্যা : দ্রব্যটির ক্রয়মূল্য (৩৮০ + ২০) বা ৪০০ টাকা

এখন, ৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

∴ ক্ষতির হার $\left(\frac{২০}{৪০০} \times ১০০\right)\% = ৫\%$

৮. তানজিম ৫টি কলম, ২০ টাকায় বিক্রয় করায় তার ৫ টাকা ক্ষতি হলো। তার ক্রয়মূল্য কত?

ক. ২০ টাকা খ. ২৫ টাকা

গ. ১৫ টাকা ঘ. ১০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ক্ষতির ক্ষেত্রে ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি

= ২০ + ৫ = ২৫

৯. একটি দ্রব্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৮০ টাকা বেশি হলে ১০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ক. ২৮০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩৮০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর : ঘ**

ব্যাখ্যা : দ্রব্যটির ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ − ১০ = ৯০ টাকা

১০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ১০ = ১১০ টাকা

বিক্রয় পার্থক্য ২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " " ৮০ " " " $\frac{১০০ \times ৮০}{২০}$ "

= ৪০০ টাকা।

১০. এক দোকানদার ১২.৫% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রি করেন। যে মূল্য দিয়ে তিনি দ্রব্যটি বিক্রি করলেন তার চাইতে ৩০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্যের ওপর ২৫% লাভ হত। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?

ক. ৭৫ খ. ৮০

গ. ৮৫ ঘ. ৯০ ঙ. ৯৫ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১২.৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ১২.৫) টাকা

= ৮৭.৫ টাকা

আবার, ২৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২৫) = ১২৫ টাকা

বিক্রয় পার্থক্য = (১২৫ − ৮৭.৫) = ৩৭.৫ টাকা

৩৭.৫ টাকা বিক্রয় পার্থক্য হলে ক্রয়মূল্য ১০০ টাকা।

∴ ৩০ " " " " " $= \frac{১০০ \times ৩০}{৩৭.৫} = ৮০$ টাকা

১১. একটি কলম ও পেন্সিলের একত্রিত মূল্য ৪২ টাকা। যদি পেন্সিলের মূল্য কলমের মূল্যের $\frac{১}{৬}$ অংশ হয়, তবে কলমের মূল্য কত?

ক. ৩০ খ. ৩২

গ. ৩৬ ঘ. কোনোটিই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, কলমের মূল্য x টাকা

∴ পেন্সিলের মূল্য $\frac{x}{৬}$ "

$\therefore x + \frac{x}{৬} = ৪২$

$\Rightarrow \frac{৬x + x}{৬} = ৪২$

$\Rightarrow ৭x = ৪২ \times ৬$

$\Rightarrow ৭x = \frac{৪২ \times ৬}{৭}$

$\therefore x = ৩৬$

১২. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত?

ক. ২৫০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৩৫০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ১০% ক্ষতি বিক্রয়মূল্য = (১০০ − ১০) টাকা = ৯০

৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৫) টাকা = ১০৫ টাকা

দুই বিক্রয় মূল্যের পার্থক্য = (১০৫ − ৯০) টাকা = ১৫ টাকা

বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

" ৪৫ " " " " $= \frac{১০০ \times ৪৫}{১৫}$ টাকা

= ৩০০ টাকা

১৩. একটি বইয়ের মূল্য ১০০ টাকা। বিক্রয়ের সুবিধার্থে বইটির মূল্যে ১০% হ্রাস করা হলো। তিন মাস পর বইটির নতুন মূল্যের উপর আরো ৬% ছাড় দিয়ে বইটি বিক্রয় করা হলো। বইটি কত টাকায় বিক্রয় হলো?

ক. ৮৪.৫ খ. ৮৪.৬

গ. ৮৪ ঘ. কোনোটিই নয় **উত্তর : খ**

ব্যাখ্যা : বইয়ের মূল্য = ১০০ টাকা ১০% হ্রাসে মূল্য = ১০০ − ১০

= ৯০ টাকা

১০০ টাকায় হ্রাস করা হয় = ৬ টাকা

∴ ১ " " $= \frac{৬}{১০০}$ টাকা

∴ ৯০ " " $= \frac{৬ \times ৯০}{১০০}$ টাকা = ৫.৪ টাকা

বইয়ের বিক্রয় মূল্য (৯০ − ৫.৪) টাকা = ৮৪.৬ টাকা

Scanned with CamScanner CamScanner

১৪. এক ব্যক্তি ডজন ১৮ টাকা হিসেবে কমলা ক্রয় করেন। তিনি তিনটি কমলার ক্রয়মূল্যে দুটি বিক্রয় করেন। প্রতি ডজন কমলার বিক্রয় মূল্য কত?

ক. ২৪ খ. ২৭
গ. ৩৬ ঘ. ৪২ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১২টি কমলার ক্রয়মূল্য = ১৮ টাকা

১টি " " $= \frac{১৮}{১২}$ টাকা

৩টি " " $= \frac{১৮ \times ৩}{১২}$ টাকা $= \frac{৯}{২}$ টাকা

২টি কমলার বিক্রয়মূল্য $= \frac{৯}{২}$ টাকা

১ " " " $= \frac{৯}{২ \times ২}$ টাকা

১২ " " " $= \frac{৯ \times ১২}{২ \times ২}$ টাকা = ২৭ টাকা

১৫. ৩৬ টাকা ডজন দরে ক্রয় করে ২০% লাভে বিক্রয় করা হল, এক কুড়ি কলার বিক্রয়মূল্য কত?

ক. ৬০ টাকা খ. ৭২ টাকা
গ. ৬২ টাকা ঘ. ৭৫ টাকা **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩৬ টাকায় ক্রয় করে = ১২ টি কলা

১ " " " $= \frac{১২}{৩৬}$ " "

১০০ " " " $= \frac{১২ \times ১০০}{৩৬}$ " $= \frac{১০০}{৩}$ টি কলা

২০% লাভে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

২০% লাভ করতে হলে, $\frac{১০০}{৩}$ টি কলার বিক্রয়মূল্য = ১২০ টাকা

১ " " " $= \frac{১২০ \times ৩}{১০০}$ "

২০ " " " $= \frac{১২০ \times ৩ \times ২০}{১০০}$ " = ৭২ টাকা

১৬. একটি শার্টের মূল্য ২৫০ টাকা লেখা আছে। কিন্তু শার্টটি ২০০ টাকায় বিক্রয় হলো। লিখিত মূল্য প্রকৃত মূল্য হলে শতকরা কত হ্রাসকৃত মূল্যে বিক্রি হলো?

ক. ৪০ খ. ৫০
গ. ৮০ ঘ. ২০ **উত্তর : গ**

ব্যাখ্যা : ২৫০ টাকার সাপেক্ষে হ্রাসকৃত মূল্যে = ২০০ টাকা

১ " " " " $= \frac{২০০}{২৫০}$ টাকা

১০০ " " " " $= \frac{২০০ \times ১০০}{২৫০}$ টাকা
= ৮০ টাকা

১৭. এক ডজন আম ৬০ টাকায় ক্রয় করে হালি কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে?

ক. ২২ টাকা খ. ২৫ টাকা
গ. ১৫ টাকা ঘ. ১২ টাকা **উত্তর : ক**

ব্যাখ্যা : এক ডজন বা ৩ হালি আমের ক্রয়মূল্য ৬০ টাকা

∴ " " ১ " " " = ২০ টাকা

১০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য ১১০ টাকা

" " " ২০ " " " " ১১০ × ২০ ÷ ১০০
= ২২ টাকা

১৮. টাকায় এক ডজন কলা বিক্রি করায় ২০% ক্ষতি হয়। ৬০% লাভ করতে হলে টাকায় কতটি কলা বিক্রি করতে হবে?

ক. ৬টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ৯টি **উত্তর : ক**

ব্যাখ্যা : ক্রয়মূল্য ১০০ টাকা হলে,

২০% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ − ২০ = ৮০ টাকা

৬০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৬০ = ১৬০ টাকা

পূর্বের বিক্রয়মূল্য ৮০ টাকা হলে বিক্রয় করতে হবে ১৬০ টাকায়

∴ " " ১ " " " " " $= \frac{১৬০}{৮০}$ "
= ২ টাকায়

২ টাকায় বিক্রি করতে হবে ১২টি কলা

∴ ১ " " " " $\frac{১২}{২}$ = ৬টি কলা

১৯. ১০ টাকার ১ হালি লেবু কিনে ৬০ টাকায় কত হালি লেবু বিক্রয় করলে ২০% লাভ হবে?

ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৪ **উত্তর : ক**

ব্যাখ্যা : ২০% লাভে, ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

∴ " ১ টাকা হলে বিক্রয় মূল্য $= \frac{১২০}{১০০}$

∴ " ১০ টাকা হলে বিক্রয় মূল্য $= \frac{১২০ \times ১০}{১০০} = ১২$ টাকা

এখন, ২০% লাভ করতে, ১২ টাকায় বিক্রি করতে হবে ১ হালি কমলা লেবু

∴ ১ " " " " $= \frac{১}{১২}$ " " "

∴ ৬০ টাকা হলে বিক্রয় মূল্য $= \frac{৬০}{১২}$ " = ৫ হালি লেবু।

২০. ৪ টাকায় ১টি করে কমলা কিনে ২৪ টাকায় কয়টি কমলা বিক্রয় করে ২০% লাভ হবে?

ক. ৫টি খ. ৬টি
গ. ৪টি ঘ. ৩টি **উত্তর : ক**

ব্যাখ্যা : ৪ টাকায় কিনে = ১টি কমলা

১ " " $= \frac{১}{৪}$ টি কমলা

১০০ " " $= \left(\frac{১ \times ১০০}{৪}\right)$ টি কমলা = ২৫ টি কমলা

Scanned with CamScanner

১০% লাভ করতে হলে, ১০০ টাকায় কমলা বিক্রয় করতে হবে (১০০ + ১০) টাকায় = ১১০

১ " " " " " $= \frac{২৫}{১২০}$ টি কমলা

২৪ " " " " " $= \frac{২৫ \times ২৪}{১২০}$ টি কমলা = ৫টি কমলা

১ " " " " " $= \frac{২৫}{১২০}$ টি কমলা

২৪ " " " " $= \frac{২৫ \times ২৪}{১২০}$ টি কমলা = ৫টি কমলা

২১. একটি ঘড়ি ৩০০ টাকায় ক্রয় করে ৩৬০ টাকা বিক্রয় করলে ক্রয়মূল্যের উপর শতকরা লাভ কত?

ক. ১০% খ. ১৫%

গ. ২০% ঘ. ২৫% উত্তর : গ

ব্যাখ্যা : দেওয়া আছে, ঘড়ির ক্রয়মূল্য ৩০০ টাকা

ঘড়ির বিক্রয় মূল্য ৩৬০ টাকা

∴ লাভ (৩৬০ − ৩০০) টাকা = ৬০ টাকা

এখন, ৩০০ টাকায় লাভ হয় ৬০ টাকা

∴ ১ টাকায় লাভ হয় $\frac{৬০}{৩০০}$ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় $= \frac{৬০ \times ১০০}{৩০০}$ টাকা = ২০ টাকা

২২. ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = ৫ ঃ ৬; এতে শতকরা কত লাভ হয়?

ক. ২০% খ. ২১%

গ. ২৫% ঘ. কোনোটিই নয় উত্তর : ক

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য = ৫x টাকা;

লাভ = (৬x − ৫x) টাকা = x টাকা

৫x টাকায় লাভ হয় = x টাকা

১০০ " " " $= \frac{x \times ১০০}{৫x}$ টাকা = ২০ টাকা

২৩. একটি দ্রব্য ৫০০ টাকার ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে, কত টাকা লাভ হয়?

ক. ১০০ টাকা খ. ১১০ টাকা

গ. ১১৫ টাকা ঘ. ১২০ টাকা উত্তর : ক

ব্যাখ্যা : ১০% লাভে ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয় মূল্য = (১০০ + ১০) টাকা = ১১০ টাকা

১ " " " " $= \frac{১১০}{১০০}$ টাকা

৫০০ " " " " $= \frac{১১০ \times ৫০০}{১০০} = ৫৫০$ টাকা

ক্রয়মূল্য ১০% কম হলে, ক্রয়মূল্য = ৫০০ − (৫০০ × ১০%)

= (৫০০ − ৫০) = ৪৫০ টাকা

মোট লাভ = ৫৫০ − ৪৫০ = ১০০ টাকা

২৪. একজন বিক্রেতা ১০ টাকায় ৪টি করে বল ক্রয় করে ৬ টাকায় ২টি করে বল বিক্রয় করলো। সে শতকরা কত টাকা লাভ করলো?

ক. ১৭.৫% খ. ২০%

গ. ২২% ঘ. কোনোটিই নয় উত্তর : গ

ব্যাখ্যা : ৪টি বলের ক্রয়মূল্য ১০ টাকা

∴ ২টি " " $= \frac{১০ \times ২}{৪}$ টাকা = ৫ টাকা

২টি বলে লাভ হয় (৬ − ৫) টাকা = ১ টাকা

৫ টাকায় লাভ হয় ১ টাকা

∴ ১০০ " " " $= \frac{১০০ \times ১}{৫}$ টাকা = ২০ টাকা

২৫. বাজার থেকে ২৫০টি আম কিনে আনার পর তার মধ্যে ১৫টি আম পচা পাওয়া গেল। শতকরা কতটি আম ভালো ছিল?

ক. ৯১% খ. ৯২%

গ. ৯৪% ঘ. কোনোটিই নয় উত্তর : গ

ব্যাখ্যা : ভালো আমের সংখ্যা (২৫০ − ১৫)টি = ২৩৫টি

শতকরা ভাল আমের সংখ্যা $= \left(\frac{২৩৫}{২৫০} \times ১০০\right)$ টি = ৯৪টি

২৬. 10 টাকায় 12 টি দরে জিনিস ক্রয় করে 10 টাকায় 8 টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক. 25% লাভ খ. 25% ক্ষতি

গ. 50% ক্ষতি ঘ. 50% লাভ উত্তর : খ

ব্যাখ্যা : ১২টির ক্রয়মূল্য ১০ টাকা

∴ ১ " " $= \frac{১০}{১২}$ " $= \frac{৫}{৬}$ টাকা

আবার, ৮টির বিক্রয়মূল্য ১০ টাকা

∴ ১ " " $= \frac{১০}{৮}$ " $= \frac{৫}{৪}$ টাকা

∴ লাভ $= \frac{৫}{৪} - \frac{৫}{৬} = \frac{১৫ - ১০}{১২} = \frac{৫}{১২}$ টাকা

$\frac{৫}{৬}$ টাকায় লাভ হয় $\frac{৫}{১২}$ টাকা

∴ ১ " " " $= \frac{৫}{১২} \times \frac{৬}{১৫}$ "

∴ ১০০ " " " $= \frac{৫}{১২} \times \frac{৬}{১৫} \times ১০০ = ৫০$ টাকা

২৭. ৬টি কমলালেবুর ক্রয়মূল্য ৫টি কমলালেবুর বিক্রয়মূল্যে সমান হলে শতকরা লাভ কত?

ক. ২০% খ. ২৫%

গ. ৩৩.৩৩% ঘ. ১৫% উত্তর

ব্যাখ্যা : ধরি, ৬টি কমলালেবুর ক্রয়মূল্য = ১ টাকা

∴ ১টি কমলালেবুর ক্রয়মূল্য $= \frac{১}{৬}$ টাকা

সুতরাং ৫টি কমলালেবুর বিক্রয়মূল্য = ১ টাকা

∴ ১টি কমলালেবুর বিক্রয়মূল্য $= \frac{১}{৫}$ টাকা

Scanned with CamScanner CamScanner

∴ লাভ $= \left(\frac{১}{৫} - \frac{১}{৬}\right) = \frac{৬ - ৫}{৩০} = \frac{১}{৩০}$ টাকা

$\frac{১}{৬}$ টাকায় লাভ হয় $= \frac{১}{৩০}$ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় $\frac{১ \times ১০০ \times ৬}{৩০} = ২০$ টাকা বা ২০%

২৮. টাকায় ৪টি এবং টাকায় ৬টি দরে সমান সংখ্যক আমড়া কিনে এক ব্যক্তি টাকায় ৫টি করে বিক্রয় করলে তার লাভ বা ক্ষতির পরিমাণ কত?

ক. ক্ষতি ১% খ. লাভ ১%

গ. ক্ষতি ৪% ঘ. কোন লাভ লোকসান নেই **উত্তর : গ**

ব্যাখ্যা : ৪টি আমড়ার ক্রয়মূল্য = ১ টাকা

১টি " " $= \frac{১}{৪}$ টাকা

৬টি আমড়ার ক্রয়মূল্য = ১ টাকা

১টি " " $= \frac{১}{৬}$ টাকা

২টি আমড়ার ক্রয়মূল্য $= \left(\frac{১}{৪} + \frac{১}{৬}\right) = \frac{৩ + ২}{১২} = \frac{৫}{১২}$ টাকা

আবার, ৫টি আমড়ার বিক্রয়মূল্য = ১ টাকা

১" " " $= \frac{১}{৫}$ "

২" " " $= \frac{২}{৫}$ টাকা

২টি আমড়া বিক্রয় করলে ক্ষতি $= \frac{৫}{১২} - \frac{২}{৫} = \frac{২৫ - ২৪}{৬০} = \frac{১}{৬০}$ টাকা

$= \frac{৫}{১২}$ টাকায় ক্ষতি $= \frac{১}{৬০}$ টাকা

বা, ১ " " $= \frac{১২}{৬০ \times ৫}$ টাকা

∴ ১০০ " " $= \frac{১২ \times ১০০}{৬০ \times ৫}$ টাকা = ৪ টাকা

∴ ক্ষতি ৪% (উত্তর)

২৯. ক একটি জিনিস খ এর নিকট ২০% লাভে বিক্রি করে। খ জিনিসটি গ-এর নিকট ক-এর ক্রয় মূল্যে বিক্রি করে। খ-এর শতকরা কত ক্ষতি হয়?

ক. $১৬\frac{২}{৩}\%$ খ. $৬\frac{২}{৩}\%$ গ. $১৬\frac{১}{৩}\%$ ঘ. $৬\frac{১}{৩}\%$ **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, ক এর ক্রয়মূল্য = ১০০ টাকা

ক ১০০ টাকার জিনিস খ এর নিকট বিক্রয় করে = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা

খ ১২০ টাকায় জিনিস গ এর নিকট বিক্রয় করে = ১০০ টাকায়

" ১ " " " " " " " $= \frac{১০০}{১২০}$ টাকায়

" ১০০ " " " " " " $= \frac{১০০ \times ১০০}{১২০} = \frac{২৫০}{৩}$ টাকা

∴ খ এর ক্ষতি হয় $= \left(১০০ - \frac{২৫০}{৩}\right)$ টাকা

$= \frac{৫০}{৩}$ টাকা $= ১৬\frac{২}{৩}$ টাকা

৩০. ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 5 : 6 লাভ কত?

ক. 20% খ. 25%

গ. 30% ঘ. 15% **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, ক্রয়মূল্য 5x

বিক্রয়মূল্য 6x

5x টাকায় লাভ হয় x টাকা

∴ ১০০ " " " $= \frac{100x}{5x}$ টাকা = 20 "

৩১. ৩৬০০টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অন্যটি ২০% লোকসানে বিক্রয় করা হয়েছে সব মিলিয়ে কত লোকসান হয়েছে?

ক. ৯০০ টাকা খ. ৩০০ টাকা

গ. ৬০০ টাকা ঘ. লাভ লোকসান কিছুই হয়নি

উত্তর: খ

সমাধান ঃ ২০% লাভে বিক্রয়মূল্য =(১০০+২০)=১২০ টাকা

বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

" ১ " " " $= \frac{১০০}{১২০}$ টাকা

" ৩৬০০ " " " $= \frac{100 \times 3600}{120} = ৩০০০$ টাকা

আবার, ২০% লোকসানে বিক্রয়মূল্য = (১০০-২০)=৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা

বিক্রয়মূল্য ৩৬০০ টাকা হলে ক্রয়মূল্য $= \frac{100 \times 3600}{80}$ টাকা

$= ৪৫০০$ টাকা

চেয়ার দুটি মোট ক্রয়মূল্য =(৩০০০+৪৫০০) টাকা =৭৫০০ টাকা

চেয়ার দুটি মোট বিক্রয়মূল্য = (৩৬০০+৩৬০০) টাকা

= ৭২০০টাকা

∴ লোকসান = (৭৫০০-৭২০০) টাকা = ৩০০ টাকা।

৩২. ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ৪৫% খ. ৪৮.৫০%

গ. ৫২.৭৫% ঘ. ৫৬.২৫% **উত্তর: ঘ**

সমাধান ঃ এই ধরনের অংক অনেকের কাছে বড় ঝামেলাপূর্ণ মনে হতে পারে। তবে আপনি চাইলে অনেক সহজভাবে অংকটি করতে পারেন। এসব ক্ষেত্রে প্রশ্নে যে কয়টির বিক্রয়ের করার কথা বলা হয়, সেই কয়টির ক্রয় মূল্য প্রথমে বের করে নিলে সহজেই অংকগুলো সমাধান করা যায়।

Scanned with CamScanner CamScanner

যেমন- উপরের প্রশ্নটিতে বলেছে *"৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?"*

তাহলে এখানে আমাদেরকে প্রথমে ৪টি ক্রয় মূল্য বের করে নিতে হবে। যেহেতু আমরা জানি, ক্রয় মূল্যের উপর লাভ-ক্ষতি নির্ভর করে।

5 টির ক্রয় মূল্য = 4 টাকা

1 " " " $= \frac{4}{5}$ টাকা

4 টির ক্রয় মূল্য $= \frac{4 \times 4}{5}$ টাকা

$= \frac{16}{5}$ টাকা।

আবার, ৪ টির বিক্রয় মূল্য = ৫ টাকা।

সুতরাং, লাভ $= 5 - \frac{16}{5} = \frac{25-16}{5} = \frac{9}{5}$ টাকা।

$\frac{16}{5}$ টাকায় লাভ হয় $= \frac{9}{5}$ টাকা।

1 " " " $= \frac{9 \times 5}{5 \times 16}$ টাকা।

100 " " " $= \frac{9 \times 5 \times 100}{16 \times 4}$ টাকা

$= \frac{4500}{80} = 56.25$ টাকা।

☞ **স্পেশাল টেকনিক:** টাকায়/১ টাকার লাভ-ক্ষতি বের করার স্পেশাল টেকনিক। এই ধরনের অংক প্রায় পরীক্ষায়ই আসে। কিন্তু প্রচলিত নিয়মে করতে অনেক সময় লাগে। আসুন ভিন্ন নিয়মে করি। লাভ-ক্ষতির বেলায় আমরা জানি, ক্রয়মূল্যের উপর লাভ-লোকসান হিসাব করা হয়। কিন্তু টাকায়/১ টাকার বেলা উল্টোটা করবেন। অর্থাৎ, পণ্যের ক্রয় মূল্যের উপর লাভলোকসানের হিসাব না করে বিক্রয়কৃত পণ্যের সংখ্যার উপর হিসাব করুন। কেননা, টাকায়/১ টাকার অংকগুলো ছাড়া অন্য অংকগুলোর বেলায় দাম ওঠা-নামা করে কিন্তু জিনিস বা পণ্যের সংখ্যা স্থির থাকে। কিন্তু টাকায়/১ টাকার অংকগুলোর বেলায় দাম ঠিক থাকে কিন্তু জিনিস বা পণ্যের সংখ্যা ওঠা-নামা করে। তবে, এই ক্ষেত্রে শর্ত হচ্ছে পণ্যের দাম স্থির থাকবে কিন্তু পণ্যের সংখ্যা ওঠা-নামা করবে। নিচের অংকটি দেখুন-

৩৩. টাকায় তিনটি করে আম ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ৫০% খ. ৩৩%

গ. ৩০% ঘ. ৩১% **উত্তর: ক**

সমাধান : ৩ টি আমের ক্রয়মূল্য = ১ টাকা

১ " " " $= \frac{১}{৩}$ টাকা

আবার, ২ টি আমের বিক্রয়মূল্য = ১ টাকা

১ " " " $= \frac{১}{২}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $= \frac{১}{২} - \frac{১}{৩} = \frac{৩-২}{৬} = \frac{১}{৬}$ টাকা

১ " " " $= \frac{1 \times 3}{6}$ টাকা

∴ ১০০ " " " $= \frac{100 \times 3}{6}$ টাকা = ৫০ টাকা (প্রচলিত নিয়মে)

☞ **স্পেশাল টেকনিক:** টাকায় আম কিনেছিল ৩টি, টাকায় বিক্রি করেছিল ২টি। তার মানে দাম স্থির কিন্তু পণ্য তথা আমের সংখ্যা ওঠা-নাম করেছে।

তাহলে, 2টি আমে লাভ হয়= 1টি

1টি আমে লাভ হয় $= \frac{1}{2}$ টি

100টি আমে লাভ হয়= $\frac{1 \times 100}{2} = 50$টি (উত্তর: ৫০%)

৩৪. ১০০ টাকায় ২৫টি লেবু ক্রয় করে ১০০ টাকায় ২০টি করে লেবু বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

ক. ২০% খ. ২৫% গ. ৩০% ঘ. ২২% **উত্তর : খ**

ব্যাখ্যা : ২০টি লেবুর বিক্রয়মূল্য ১০০ টাকা

∴ ২৫টি " " $= \frac{১০০ \times ২৫}{২০}$ "

∴ লাভ = (১২৫ - ১০০) টাকা = ২৫ টাকা

∴ লাভের হার $= \left(\frac{২৫}{১০০} \times ১০০\right)\% = ২৫\%$

৩৫. টাকায় 10টি দরে লেবু ক্রয় করে 8টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. 20% খ. 25%

গ. 10% ঘ. 15% **উত্তর : খ**

ব্যাখ্যা : 8টি লেবুর বিক্রয় মূল্য 1 টাকা

∴ 10 " " " $= \frac{10}{8}$ " $= \frac{5}{4}$ "

লাভ $\left(\frac{5}{4} - 1\right)$ টাকা বা $\frac{1}{4}$ টাকা

1 টাকায় লাভ করে $\frac{1}{4}$ টাকা

∴ 100 " " $\left(\frac{1}{4} \times 100\right)$ টাকা = 25%

Scanned with CamScanner CamScanner

৮. অনুপাত-সমানুপাত [*স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

NTRCA এর 'কলেজ পর্যায়' সিলেবাসে 'অনুপাত-সমানুপাত' টপিকটিকে 'বীজগণিত' এর অংশে দেয়া হয়েছে। তাই, NTRCA এর সিলেবাস অনুসারে 'কলেজ পর্যায়' এর সিলেবাস অনুযায়ী 'অনুপাত-সমানুপাত' এর বিগত সালের আসা প্রশ্ন ও বিস্তারিত আলোচনা দেখুন এই বইয়ের 'বীজগণিত' এর পার্টের 'অনুপাত-সমানুপাত' এর অধ্যায়ে।

স্কুল পর্যায়

১. ৯,৮০০ টাকা ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তর এবং ক্ষুদ্রতর অংশের পার্থক্য কত টাকা হবে? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ২,১০০ খ. ২,২০০
গ. ২,৫০০ ঘ. ৩,৫০০ উ. ক

২. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৩ ও ১২ হলে মধ্যসমানুপাতিক নির্ণয় কর। *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. ৯ খ. ১৫
গ. ১০ ঘ. ৬ উ. ঘ

৩. এক গ্লাস শুড়ের শরবতে শুড় ও পানির অনুপাত 4 : 6 হলে শুড়ের পরিমাণ কত? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. 10% খ. 20%
গ. 30% ঘ. 40% উ. ঘ

৪. a : b = 4 : 7 এবং b : c = 5 : 6 হলে এর a : b : c এর মান কোনটি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*

ক. 4 : 7 : 5 খ. 5 : 6 : 7
গ. 20 : 35 : 42 ঘ. 20 : 30 : 37 উ. গ

৫. a, b, c, d ক্রমিক সমানুপাতী হলে নিচের কোনটি সঠিক? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*

ক. ab = cd খ. ac = bd
গ. ad = bc ঘ. কোনোটিই নয় উ. গ

৬. ৩ বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ ও ২ বছর ছিল। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত কত? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*

ক. ৩ ঃ ২ খ. ৭ ঃ ২
গ. ২৭ ঃ ২ ঘ. ২৭ ঃ ৫ উ. খ

৭. a : b = 4 : 5 এবং b : c = 6 : 7 হলে a : b : c = ? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*

ক. 20 : 35 : 42 খ. 24 : 30 : 35
গ. 35 : 30 : 24 ঘ. 42 : 35 : 20 উ. খ

৮. ৬০ লিটার পানি ও চিনির সংমিশ্রণের অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে আর কত লিটার চিনি মিশালে অনুপাত ৩ ঃ ৭ হবে? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. ৭০ লিটার খ. ৬০ লিটার
গ. ৮০ লিটার ঘ. ৫০ লিটার উ. গ

৯. a, b, c ক্রমিক সমানুপাতী হলে, নিচের কোন সিদ্ধান্তটি সঠিক? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. $b = ac$ খ. $c^2 = ab$
গ. $b^2 = ac$ ঘ. $b = ac$ উ. গ

১০. x : y এর বাস্তানুপাত হবে– *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*

ক. y : x খ. $y : \frac{1}{x}$
গ. $\sqrt{x} : \sqrt{y}$ ঘ. $\frac{1}{x} : \frac{1}{y}$ উ. ক

১১. A ঃ B = 3 ঃ 4 এবং B ঃ C = 6 ঃ 5 হলে, A ঃ C = কত? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*

ক. 3 ঃ 5 খ. 9 ঃ 10
গ. 10 ঃ 9 ঘ. 4 ঃ 9 উ. খ

১২. $8, 8\frac{1}{2}$, ২ এর চতুর্থ সমানুপাতী নির্ণয় করুন। *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*

ক. $২\frac{1}{২}$ খ. $৬\frac{1}{৪}$
গ. $২\frac{1}{৪}$ ঘ. $৬\frac{1}{২}$ উ. গ

১৩. ৯ এবং ১৬ এর মধ্যসমানুপাতী কত? *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*

ক. ৬ খ. ৯
গ. ১২ ঘ. ১৬ উ. গ

স্কুল পর্যায়-২

১. হীরার আয়ের ৩৫% হ্যাপীর আয়ের ২৫% এর সমান। তাদের আয়ের অনুপাত কত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. ৭ : ৫ খ. ৫ : ৭
গ. ৪ : ৩ ঘ. ৩ : ৪ উ. খ

২. ১.৫ এবং ১৩. ৫ এর মধ্য সমানুপাতটি কত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. ২.৫ খ. ৩.২
গ. ৩.৬ ঘ. ৪.৫ উ. ঘ

Scanned with CamScanner

৩. a : b = 2 : 3 এবং b : c = 6 : 7 হলে a : c = কত? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. 2 : 6 খ. 3 : 7

গ. 2 : 7 ঘ. 4 : 7 উ. ঘ

৪. ৫ ঃ ৭ এবং ৩ ঃ ১৩ অনুপাতগুলোর ধারাবাহিক অনুপাত কত? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. ১৫ ঃ ২১ ঃ ৯১ খ. ২১ ঃ ১৫ ঃ ৯১

গ. ২১ ঃ ১৫ ঃ ৬৫ ঘ. ১৫ ঃ ২১ ঃ ৩৯ উ. ক

৫. ৪, ৬, ৮ এর ৪র্থ সমানুপাতি কোনটি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. ১০ খ. ১২

গ. ২৪ ঘ. ৪৮ উ. খ

৬. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৪ বছর এবং অনুপাত ৭ ঃ ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ৩১ ঃ ১৬ খ. ২৬ ঃ ১১

গ. ১৭ ঃ ১২ ঘ. ২ ঃ ১ উ. খ

৭. ৪, ৮ ও ১০ এর ৪র্থ সমানুপাতিক কোনটি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ১২ খ. ২০

গ. ৪০ ঘ. ৩২ উ. খ

৮. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসডি ও পানির অনুপাত ৩ ঃ ৭ হবে? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ২৫ লিটার খ. ৩০ লিটার

গ. ৩৫ লিটার ঘ. ৪০ লিটার উ. ঘ

৯. ২৫ ঃ ৮১ দ্বিভাজিত অনুপাত কোনটি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ৮১ ঃ ২৫ খ. ৫ ঃ ৯

গ. $\frac{২৫}{২} ঃ \frac{৮১}{২}$ ঘ. ৯ ঃ ৫ উ. খ

বিস্তারিত আলোচনা

অনুপাত (Ratio): অনুপাত হচ্ছে একটি ভগ্নাংশ, যার প্রথম রাশিকে লব এবং দ্বিতীয় রাশিকে হর বলা হয়।

☞ অনুপাত এমন একটি ভগ্নাংশ, যার কোনো একক নেই।

☞ অনুপাতকে 'ঃ' এই গাণিতিক চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়।

• যেমন: ৭ টাকা ও ৩ টাকার অনুপাত $\frac{৭}{৩}$ । একে ৭ঃ ৩ আকারে লেখা হয়।

সুতারাং $\frac{৭}{৩} = ৭ ঃ ৩$

৭ ঃ ৩ কে পড়া হয় ৭ অনুপাত ৩।

সরল অনুপাত (Simple ratio) ঃ কোনো অনুপাতে যদি দুইটি রাশি থাকে তাহলে তাকে সরল অনুপাত বলে।

• সরল অনুপাতের প্রথম রাশিকে পূর্ব রাশি এবং দ্বিতীয় রাশিকে উত্তর রাশি বলে।

যেমনঃ ৭ ঃ ৩ এর পূর্বরাশি হলো ৭ এবং উত্তর হলো ৩।

অনুপাত সম্পর্কিত সাধারণ নিয়মঃ

ক) কোনো অনুপাতের পূর্ব রাশি ও উত্তর রাশিকে ০ ব্যতীত একই সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে প্রদত্ত অনুপাতের মানের কোনো পরিবর্তন হয় না। যেমন-

৫ ঃ ৮ = (৫×১০) ঃ (৮×১০) = ৫০ ঃ ৮০

৫০ ঃ ৮০ (৫০÷১০) ঃ (৮০÷১০)= ৫ ঃ ৮

খ) ভগ্নাংশের মতই অনুপাতকে লঘিষ্ঠ আকারে পরিণত করা যায়। যেমন,

৫০ ঃ ৮০= ৫ ঃ ৮ | পূর্ব রাশি ও উত্তর রাশিকে ১০ দ্বারা ভাগ করে|

বিভিন্ন প্রকার অনুপাতঃ

ক) **ব্যস্তানুপাত (Inverse ratio):** সরল অনুপাতের উত্তর রাশিকে পূর্ব রাশি এবং পূর্ব রাশিকে উত্তর রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে সরল অনুপাতটির ব্যস্ত অনুপাত বলা হয়। অর্থাৎ, উল্টোটা করা।

যেমন, ৫ ঃ ৮ এর ব্যস্ত অনুপাত ৮ ঃ ৫।

এখানে, সরল অনুপাতের ৫ এর স্থলে ৮ এবং ৮ এর স্থলে ৫ বসেছে।

খ) **মিশ্র বা যৌগিক অনুপাত (Mixed or compound ratio) :** একাধিক সরল অনুপাতের পূর্ব রাশিগুলোর গুণফলকে পূর্ব রাশি ও উত্তর রাশিগুলোর গুণফলকে উত্তর রাশি ধরে যে অনুপাত হয়, তাকে মিশ্র অনুপাত বলা হয়।

যেমন, ৫ ঃ ৭, ৩ ঃ ৬ ও ২ ঃ ৯, এখানে তিনটিই এক একটি সরল অনুপাত। তাদের পূর্ব রাশিগুলোর গুণফল ৩০ এবং উত্তর রাশিগুলোর গুণফল ৩৭৮। সুতরাং প্রদত্ত অনুপাত তিনটির মিশ্র অনুপাত ৩০ ঃ ৩৭৮।

গ) **দ্বিগুণানুপাত (Duplicate ratio) :** কোনো সরল অনুপাতের পূর্ব রাশির বর্গকে পূর্ব রাশি এবং উত্তর রাশির বর্গকে উত্তর রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে প্রদত্ত অনুপাতের দ্বিগুণানুপাতিক বলা হয়।

যেমন : ৫ ঃ ৪ এর দ্বিগুণঅনুপাত $৫^২ ঃ ৪^২ = ২৫ ঃ ১৬$।

ধারাবাহিক অনুপাত (Successive atio): দুইটি অনুপাত ক ঃ খ এবং খ ঃ গ হলে, তাদের সাধারণত ক ঃ খ ঃ গ আকারে লেখা যায়। একে ধারাবাহিক অনুপাত বলা হয়।

উদাহরণঃ

♦ a:b=4 ঃ 7 এবং b:c = 5 ঃ 6 হলে তবে a ঃ b ঃ c =কত?

ক. 4 : 7 : 6 খ. 20 : 35 : 24

গ. 20 : 35 : 42 ঘ. 24 : 35 : 30 উত্তর: গ

সমাধানঃ প্রথম অনুপাত =a : b=4 : 7=(4×5) : (7×5)= 20 : 35

দ্বিতীয় অনুপাত = b : c = 5 : 6=(5×7) : (6×7)= 35 : 42

a : b : c = 20 : 35 : 42

Scanned with CamScanner CamScanner

সমানুপাত (Proportion) : চারটি রাশির প্রথম ও দ্বিতীয়টির অনুপাত এবং তৃতীয় ও চতুর্থটির অনুপাত পরস্পর সমান হলে, ঐ চারটি রাশি একটি সমানুপাত উৎপন্ন করে।

যেমন: ৩ টাকা, ৯টাকা, ৪ টাকা এবং ১২ টাকা রাশি চারটি একটি সমানুপাত তৈরি করে।

কেননা, প্রথম দুইটি রাশির অনুপাত $\frac{৩}{৯}=\frac{১}{৩}$ এবং দ্বিতীয় দুইটি রাশির অনুপাত $\frac{৪}{১২}=\frac{১}{৩}$। এই সমানুপাতকে ৩ ঃ ৯ = ৪ ঃ ১২ লিখে প্রকাশ করা হয়।

- সমানুপাতের চারটি রাশিকে সমানুপাতী বলে।
- সমানুপাতের চতুর্থ রাশিকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় রাশির চতুর্থ সমানুপাতী বলা হয়।
- সমানুপাতের প্রথম ও চতুর্থ রাশিকে প্রান্তীয় রাশি বলা হয়।
- সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে মধ্য রাশি বলে।
- সমানুপাতের, ১ম রাশি×৪র্থ রাশি = ২য় রাশি×৩য় রাশি হয়।
- সমানুপাতের চারটি রাশি এক জাতীয় হওয়া আবশ্যক নয়। প্রত্যেক অনুপাতের রাশি দুইটি একজাতীয় হলেই চলবে।

উদাহরণঃ

◆ ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?

ক. ১২ খ. ১৬

গ. ১৭ ঘ. ৮ **উত্তরঃ ক**

সমাধানঃ ধরি, চতুর্থ সমানুপাতিক =ক

৩ ঃ ৯= ৪ ঃ ক

বা, $\frac{৩}{৯}=\frac{৪}{ক}$

$\therefore = \frac{4\times 9}{3}=12$

ক্রমিক সমানুপাত : তিনটি প্রদত্ত রাশির প্রথম ও দ্বিতীয়টির অনুপাত এবং দ্বিতীয় ও তৃতীয়টির অনুপাত পরস্পর সমান হলে, সমানুপাতটিকে ক্রমিক সমানুপাত বলা হয়।

যেমন: মনে করি, তিনটি রাশি যথাক্রমে ৩ কেজি, ৬ কেজি ও ১২ কেজি। এ রাশিগুলো দ্বারা দুইটি অনুপাত ৩ ঃ ৬ এবং ৬ ঃ ১৩ গঠন করা যায়। এখানে, ৩ ঃ ৬= ৬ ঃ ১২। এরকমের সমানুপাতকে ক্রমিক সমানুপাত বলে।

- ক্রমিক সমানুপাতের তিনটি রাশি এক জাতীয়।
- ক্রমিক সমানুপাতের, ১ম রাশি ×৩য় রাশি = (২য় রাশি)^২।
- ক্রমিক সমানুপাতের দ্বিতীয় রাশিকে প্রথম ও তৃতীয় রাশির মধ্য সমানুপাতী বা মধ্য রাশি বলে।

মিশ্রণ (Mixture) ঃ সাধারণত বিভিন্ন ধরনের দুই বা ততোধিক জিনিস একসাথে মিশিয়ে মিশ্রণ তৈরি করা হয়। যে জিনিসগুলো দিয়ে মিশ্রণে তৈরি করা হয়, তাদেরকে সেই মিশ্রণের উপাদান বলা হয়।

- যে কোনো আনুপাতিক হারে উপাদান মিশিয়ে মিশ্রণ তৈরি করা যেতে পারে।

যেমন, ৫ কেজি তামার সাথে ২ কেজি দস্তা মিশিয়ে পিতল তৈরি হতে পারে। এক্ষেত্রে পিতল হলো একটি 'মিশ্রণ', এবং তামা ও দস্তা হবে এ মিশ্রণের এক একটি উপাদান। এই মিশ্রণের তামা ও দস্তার অনুপাত = ৫ কেজি ঃ ২ কেজি।

১. অনুপাত কী?

ক. একটি পূর্ণসংখ্যা খ. একটি মৌলিক সংখ্যা

গ. একটি ভগ্নাংশ ঘ. একটি জোড় সংখ্যা **উত্তর : খ**

২. সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে বলে–

ক. মধ্য রাশি খ. প্রান্ত রাশি

গ. মিশ্র রাশি ঘ. ক্রমিক রাশি **উত্তর : ক**

৩. দুটি সংখ্যা 'a' ও 'b'-এর মধ্যে অনুপাত নির্ধারণের একটি সূত্র হলো–

ক. $\frac{a}{b}$ খ. $\frac{a}{a+b}$

গ. $\frac{a+b}{a}$ ঘ. কোনোটিই নয় **উত্তর : ক**

৪. দুইটি রাশির অনুপাত ৯ ঃ ১৫। পূর্ব রাশি ৩৬ হলে উত্তর রাশি কত?

ক. ২০ খ. ৪

গ. ৬০ ঘ. ৭৫ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি উত্তর রাশি = x

শর্তমতে, ৯ ঃ ১৫ = ৩৬ ঃ x

বা, $\frac{৯}{১৫}=\frac{৩৬}{x}$

$\therefore x=\frac{৩৬\times ১৫}{৯}=৬০$

৫. ৫ ঃ ১৮, ৭ ঃ ২ এবং ৩ ঃ ৬-এর মিশ্র অনুপাত কত?

ক. ৭২ ঃ ১০৫ খ. ৭২ ঃ ৩৫

গ. ৩৫ ঃ ৭২ ঘ. ১০৫ ঃ ৭২ **উত্তর : গ**

ব্যাখ্যা : এখানে, তৃতীয় অনুপাত, ৩ ঃ ৬ = ১ ঃ ২

৫ ঃ ১৮, ৭ ঃ ২ এবং ৩ ঃ ৬ এর মিশ্র অনুপাত = (৫ × ৭ × ১) ঃ (১৮ × ২ × ২) = ৩৫ ঃ ৭২

৬. ৪, ৮ ও ১০ এর ৪র্থ সমানুপাতি কোনটি?

ক. ১২ খ. ২০

গ. ৪০ ঘ. ৩২ **উত্তর : খ**

Scanned with CamScanner

ব্যাখ্যা : ধরি, ৪র্থ সমানুপাতি x

১ম সংখ্যা × ৪র্থ সংখ্যা = ২য় সংখ্যা × ৩য় সংখ্যা

$\Rightarrow 8 \times x = ৮ \times ১০$

$\Rightarrow x = \frac{৮ \times ১০}{8}$

$\therefore x = ২০$

৭. চারটি সমানুপাতি রাশির প্রান্তীয় রাশিদ্বয়ের গুণফল ৪৮ হলে মধ্য রাশিদ্বয়ের গুণফল কত?

ক. ৪০ খ. ৪৮

গ. ৬০ ঘ. ৮৪ **উত্তর : খ**

ব্যাখ্যা : চারটি সমানুপাতিক রাশির ক্ষেত্রে মধ্য রাশিদ্বয়ের গুণফল = প্রান্তীয় রাশিদ্বয়ের গুণফল = ৪৮

৮. ৩, ৯ ও ৪-এর চতুর্থ সমানুপাতিক কত?

ক. ১২ খ. ১৬

গ. ১৬ ঘ. ৮ **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, চতুর্থ সমানুপাতিক = ক

৩ ঃ ৯ = ৪ ঃ ক

বা, $\frac{৩}{৯} = \frac{৪}{ক}$

$\therefore ক = \frac{৪ \times ৯}{৩} = ১২$

৯. ৬০ মিটার দীর্ঘ রশিকে ৩ ঃ ৭ ঃ ১০ অনুপাতে ভাগ করলে দীর্ঘতম অংশটির দৈর্ঘ্য কত মিটার?

ক. ৩০ খ. ২০

গ. ৪০ ঘ. ১০ **উত্তর : ক**

ব্যাখ্যা : শর্তমতে, $৩x + ৭x + ১০x = ৬০$

$\Rightarrow ২০x = ৬০$

$\therefore x = ৩$

$\therefore$ দীর্ঘতম অংশটির দৈর্ঘ্য = (১০ × ৩) বা ৩০ মি.

১০. করিম ও রহিমের নম্বরের অনুপাত ৩ ঃ ৪ এবং রহিম ও মোহনের নম্বরের অনুপাত ৬ ঃ ৭ হলে করিম ও মোহনের নম্বরের অনুপাত–

ক. ৪ ঃ ৭ খ. ২ ঃ ৩

গ. ২ ঃ ৭ ঘ. ৯ ঃ ১৪ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : করিম ও রহিমের নম্বরের অনুপাত = ৩ ঃ ৪

= ৯ ঃ ১২

আবার, রহিম ও মোহনের নম্বরের অনুপাত = ৬ ঃ ৭

= ১২ ঃ ১৪

$\therefore$ করিম ও মোহনের নম্বরের অনুপাত = ৯ ঃ ১৪

১১. একজন লোক মাসে ২০,০০০ টাকা আয় করেন এবং ১৮,০০০ টাকা ব্যয় করেন। তার ব্যয়ের সাথে সঞ্চয়ের অনুপাত হবে কত?

ক. ১ ঃ ১০ খ. ১ ঃ ৯

গ. ৯ ঃ ১ ঘ. ১০ ঃ ১ **উত্তর : গ**

ব্যাখ্যা : সঞ্চয় = ২০,০০০ − ১৮,০০০ = ২,০০০ টাকা

$\therefore$ ব্যয় ঃ সঞ্চয় = ১৮,০০০ ঃ ২,০০০ = ৯ ঃ ১

১২. একটি শ্রেণিতে ছাত্র এবং ছাত্রীর সংখ্যার অনুপাত ৯ ঃ ৫। মোট শিক্ষার্থীর সংখ্যা ১০৫০ হলে ছাত্রের সংখ্যা কত?

ক. ৮৯০ খ. ৭৮৫

গ. ৬৭৫ ঘ. ৭৩০ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, ছাত্র সংখ্যা ৯x জন

ছাত্রী " ৫x "

$\therefore ৯x + ৫x = ১০৫০$

$\Rightarrow ১৪x = ১০৫০$

$\Rightarrow x = \frac{১০৫০}{১৪}$

$\Rightarrow x = ৭৫$

$\therefore$ ছাত্র সংখ্যা = (৯ × ৭৫) জন = ৬৭৫ জন।

১৩. বনি, ডলি ও লিলির মধ্যে ১,২৬০ টাকা এমনভাবে ভাগ করে দেয়া হলো যেন, ডলি লিলির সমান টাকা পায় এবং বনি ডলির দ্বিগুণ টাকা পায়। এতে বনি কত টাকা পেল?

ক. ৩১৫ খ. ৫৩০

গ. ৬৩০ ঘ. ৫২৫ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, ডলি পায় x টাকা

$\therefore$ লিলি " x টাকা

$\therefore$ বনি " 2x টাকা

$\therefore x + x + 2x = ১২৬০$

$\Rightarrow 4x = ১২৬০$

$\Rightarrow x = \frac{১২৬০}{4}$

$\therefore x = ৩১৫$

$\therefore$ বনি পায় (২ × ৩১৫) টাকা = ৬৩০ টাকা

১৪. দুইটি সংখ্যার বিয়োগফল ৬৬ এবং তাদের অনুপাত ৭ ঃ ৫ হলে সংখ্যাদ্বয় কত?

ক. ২৩১, ১৬৫ খ. ২২৩, ১১৬

গ. ২২২, ১২০ ঘ. ১৯০, ১২৪ **উত্তর : ক**

Scanned with CamScanner CamScanner

ব্যাখ্যা : ধরি, সংখ্যাদ্বয় ৭x ও ৫x

প্রশ্নমতে, ৭x − ৫x = ৬৬

বা, ২x = ৬৬

∴ x = ৩৩

∴ নির্ণেয় সংখ্যাদ্বয় = (৭ × ৩৩) ও (৫ × ৩৩)

= ২৩১ ও ১৬৫

১৫. করিম ও রহিম এর বেতনের অনুপাত ৭ ঃ ৫; করিমের বেতন রহিমের বেতন অপেক্ষা ৪০০ টাকা বেশি। রহিমের বেতন কত?

ক. ৯০০ টাকা খ. ১,০০০ টাকা

গ. ১,১০০ টাকা ঘ. ১,৬০০ টাকা উত্তর : খ

ব্যাখ্যা : ধরি, করিমের বেতন ৭x টাকা

রহিমের বেতন ৫x টাকা

শর্তমতে, ৭x − ৫x = ৪০০

বা, ২x = ৪০০

∴ x = ২০০

∴ রহিমের বেতন ৫x টাকা = (৫ × ২০০)

= ১০০০ টাকা।

১৬. ক, খ ও গ এর বেতনের অনুপাত ৭ ঃ ৫ ঃ ৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে, ক এর বেতন কত ?

ক. ৫৫৫টাকা খ. ৩৩৩টাকা

গ. ৭৭৭টাকা ঘ. ৮৮৮টাকা উত্তর: গ

সমাধানঃ ধরি, ক, খ ও গ এর বেতন ৭x, ৫x, ৩x

শর্তমতে, ৫x - ৩x =২২২;

বা, ২x =২২২

∴ x =১১১,

∴ ক এর বেতন = ৭x =৭৭৭

১৭. ৩৫ লিটার দ্রবণে পানি এবং সিরাপের অনুপাত ৩ ঃ ৪। দ্রবণে কত লিটার সিরাপ আছে?

ক. ১৫ লিটার খ. ২০ লিটার

গ. ২১ লিটার ঘ. ২৪ লিটার উত্তর : খ

ব্যাখ্যা : অনুপাতদ্বয়ের যোগফল = (৩ + ৪)

= ৭

∴ মিশ্রণে সিরাপের পরিমাণ = ৩৫ এর $\frac{৪}{৭}$ লিটার

= ২০ লিটার

১৮. একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ ঃ ১। দুধের পরিমাণ যা পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয়, তবে পানির পরিমাণ কত?

ক. ২ লিটার খ. ৪ লিটার

গ. ৬ লিটার ঘ. ১০ লিটার উত্তর : ?

ব্যাখ্যা : অনুপাতদ্বয়ের বিয়োগফল = ৫-১ = ৪

৪ অনুপাত সমতুল্য = ৮ লিটার

১ অনুপাত সমতুল্য = $\frac{৮}{৪}$ লিটার

= ২ লিটার।

অথবা, ধরি পানির পরিমাণ ক লিটার

∴ দুধের পরিমাণ ৫ ক লিটার

প্রশ্নমতে, ৫ক − ক = ৮ লিটার

∴ ক = ২ লিটার।

১৯. ৪২ গ্রাম ওজনের একটি গয়নায় সোনা ও তামার অনুপাত ৪ ঃ ৩। এতে আর কত সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৫ ঃ ৩ হবে?

ক. ৬ গ্রাম খ. ৮ গ্রাম

গ. ৫ গ্রাম ঘ. ১০ গ্রাম উত্তর: ক

সমাধান ঃ অনুপাতগুলোর যোগফল = ৪+৩=৭

৭ অনুপাত সমতুল্য = ৪২ গ্রাম

১ ,, ,, = ৬ গ্রাম

সুতারাং ৬ গ্রাম সোনা মেশালে অনুপাত হবে = (৪+১)ঃ ৩

= ৫ ঃ ৩

২০. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ ঃ ১। এতে কি পরিমাণ সোনা মিশালে অনুপাত ৪ ঃ ১ হবে?

ক. ১২ গ্রাম খ. ৪ গ্রাম

গ. ৩ গ্রাম ঘ. ৬ গ্রাম উত্তর: খ

সমাধান ঃ অনুপাতগুলোর যোগফল = ৩+১=৪

৪ অনুপাত সমতুল্য = ১৬ গ্রাম

১ ,, ,, = ৪ গ্রাম

সুতারাং ৪ গ্রাম সোনা মেশালে অনুপাত হবে = (৩+১)ঃ ১

Scanned with CamScanner CamScanner

গণিত (বীজগণিত)

NTRCA সিলেবাসভুক্ত অধ্যায়সমূহ

১. উৎপাদক [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 660

২. বর্গ ও ঘনসম্বলিত সূত্রাবলী ও প্রয়োগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 665

৩. গ.সা.গু. [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 676

৪. বাস্তব সমস্যা সমাধানে বীজগাণিতিক সূত্র গঠন ও প্রয়োগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 679

৫. সূচক ও লগারিদমের সূত্র ও প্রয়োগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 687

৬. অনুপাত ও সমানুপাত [*কলেজ] 699

Scanned with CamScanner

১. উৎপাদক [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন-২০২২]

ক. $(1 + a - b)(1 - a + b)$

খ. $(1 + a + b)(1 - a + b)$

গ. $(1 + a + b)(1 - a - b)$

ঘ. $(1 - a + b)(1 - a - b)$ উ. ক

২. $-4a^2 + 23a + 6$ এর উৎপাদক কোনটি? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]

ক. $(6 - a)(4a - 1)$ খ. $(a - 6)(4a + 1)$

গ. $(a - 6)(4a - 1)$ ঘ. $(6 - a)(4a + 1)$ উ. ঘ

৩. $a^2 - c^2 - 2ab + b^2$ এর সঠিক উৎপাদক কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]

ক. $(a + b + c)(a - b + c)$ খ. $(a - b - c)(a - b + c)$

গ. $(a - b - c)(a + b - c)$ ঘ. $(a + b + c)(a - b - c)$

উ. খ

৪. $-15 + x + 2x^2$ এর উৎপাদক কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]

ক. $(x + 3)(2x - 5)$ খ. $(x - 3)(2x + 5)$

গ. $(x + 3)(2x + 5)$ ঘ. $(x - 3)(2x - 5)$ উ. ক

৫. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশির একটি উৎপাদক হচ্ছে– [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]

ক. $x + 2$ খ. $x - 2$

গ. $x + 1$ ঘ. $x - 1$ উ. গ

৬. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক– [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]

ক. $x + y + 1$ খ. $x + y - 1$

গ. $x - y$ ঘ. $x - y - 1$ উ. খ

৭. $x^2 + x - (a + 1)(a + 2)$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন। [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]

ক. $(x - a + 2)(x - a - 1)$ খ. $(x + a - 1)(x + a + 2)$

গ. $(x + a + 2)(x - a - 1)$ ঘ. $(x + a + 1)(x - a - 2)$ উ. গ

৮. $x^3 - x - 6$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ কোনটি? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]

ক. $(x + 2)(x^2 + 2x + 3)$ খ. $(x - 2)(x^2 + 2x + 3)$

গ. $(x - 2)(x^2 - 2x + 3)$ ঘ. $(x + 2)(x^2 - 2x + 3)$ উ. খ

৯. $x^2 + x - (a + 1)(a + 2)$-এর উৎপাদক– [৭ম কলেজ নিবন্ধন-২০১১]

ক. $(x - a - 1)(x - a + 2)$ খ. $(x + a + 1)(x - a - 2)$

গ. $(x - a + 1)(x + a - 2)$ ঘ. $(x - a - 1)(x + a + 2)$

উ. ঘ

১০. $x^3 - 7x - 6$-এর উৎপাদক কত? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]

ক. $(x + 1)(x - 2)(x - 3)$ খ. $(x - 1)(x + 2)(x - 3)$

গ. $(x + 1)(x + 2)(x - 3)$ ঘ. $(x - 1)(x - 2)(x - 3)$

উ. গ

স্কুল পর্যায়

১. নিচের কোনটি $x^3 - 6x^2 + 11x - 6$ এর উৎপাদক নয়? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]

ক. $x - 1$ খ. $x - 2$

গ. $x - 3$ ঘ. $x - 4$ উ. ঘ

২. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক– [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]

ক. $x + 2$ খ. $x - 2$

গ. $x + 1$ ঘ. $x - 1$ উ. গ

৩. $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদকে বিশ্লেষণ কত? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]

ক. $(x + y)(x + 3y)(x + 5y)$

খ. $(x + y)(x + 2y)(x + 3y)$

গ. $(x + y)(x + 4y)(x + 3y)$

ঘ. $(x - y)(x + y)(x + 2y)$ উ. খ

৪. $2a^2 + 6a - 80$ এর উৎপাদক কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]

ক. $2(a - 8)$ খ. $(a + 5)$

গ. $(a - 4)$ ঘ. $(a + 8)$ উ. ঘ

৫. $x^2 - y^2$ এর উৎপাদক কত? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]

ক. $(x + y)(x + y)$ খ. $(x + y)(x - y)$

গ. $(x - y)(x - y)$ ঘ. $(y + x)(y - x)$ উ. খ

৬. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক– [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]

ক. $x + y + 1$ খ. $x - y$

গ. $x + y - 1$ ঘ. $x - y - 1$ উ. গ

৭. $2y^4 - 14y^2 + 2$ এর উৎপাদকে বিশ্লেষণ কোনটি? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]

ক. $(2y^2 + 6y + 2)(y^2 - 3y + 1)$

খ. $(2y^2 - 7y + 1)(2y^2 + 7y + 1)$

গ. $2(y^2 + 3y + 1)(y^2 - 3y + 1)$

ঘ. $2(y^2 + 3y + 1)(y^2 - 3y + 1)$ উ. গ

৮. $f(x) = x^3 + 2x^2 - 3$ হলে, $f(-3)$ = এর মান কত? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]

ক. -12 খ. -48

গ. 42 ঘ. 12 উ. ক

৯. $x^3 - x$ এর উৎপাদকে বিশ্লেষণ কোনটি? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]

ক. $(x - 1)(x^2 + x + 1)$ খ. $(x + 1)(x^2 - x + 1)$

গ. $x(x - 1)(x - 1)$ ঘ. $x(x + 1)(x - 1)$ উ. ঘ

Scanned with CamScanner
CamScanner

স্কুল পর্যায়-২

১. $\frac{1}{2}x^2 - 3x + 4$ এর উৎপাদক কোনটি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. $\frac{1}{2}(x-4)(x+2)$ খ. $\frac{1}{2}(x+4)(x-2)$

গ. $\frac{1}{2}(x+4)(x+2)$ ঘ. $\frac{1}{2}(x-4)(x-2)$ **উ. ঘ**

২. $x^2 - y(y-2) - 1$ এর উৎপাদক নিচের কোনটি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. $(x-y-1)(x-y+1)$

খ. $(x-y+1)(x+y-1)$

গ. $(x+y+1)(x-y-1)$

ঘ. $(x-y)(x+y+1)$ **উ. খ**

৩. $f(x) = 2x^2 + 3x - 1$ হলে $f(0)$ = কত? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. 6 খ. 4

গ. 1 ঘ. −1 **উ. ঘ**

৪. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক নিচের কোনটি? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. $x+y+1$ খ. $x+y-1$

গ. $x-y-1$ ঘ. $x-y$ **উ. খ**

৫. $x - \frac{1}{x} = \sqrt{2}$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. 0 খ. 2

গ. $5\sqrt{2}$ ঘ. $6\sqrt{2}$ **উ. গ**

৬. $6x - 7x - 5$ এর উৎপাদক নিচের কোনটি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*

ক. $(2x+1)(3x-5)$

খ. $(2x-1)(3x+5)$

গ. $(2x+5)(3x-1)$

ঘ. $(2x-5)(3x+1)$ **উ. ক**

৭. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কোনটি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. $(1+a+b)(1-a+b)$

খ. $(1+a+b)(1-a-b)$

গ. $(1+a+b)(1+a-b)$

ঘ. $(1+a-b)(1-a+b)$ **উ. ঘ**

৮. $x^4 + x^2 + 1$ এর উৎপাদক কোনটি? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. $(x^2+x+1)(x^2+x-1)$

খ. $(x^2-x+1)(x^2+x-1)$

গ. $(x^2+x+1)(x^2-x+1)$

ঘ. $(x^2+x+1)(x^2+x+1)$ **উ. গ**

বিস্তারিত আলোচনা

☞ **উৎপাদক (Factor) :** যদি দুই বা ততোধিক রাশির গুণফলের জন্য কোন নতুন রাশি পাওয়া যায় তবে প্রথমোক্ত রাশিগুলোর প্রত্যেকটিকে শেষোক্ত রাশিটির উৎপাদক বা গুণনীয়ক বলা হয়। অর্থাৎ উৎপাদক অর্থই হলো একটি রাশির যতগুলো সম্ভব গুণনীয়ক বের করা। যেমন $x^2 - y^2$ এর দুটি উৎপাদক হলো যথাক্রমে $(x+y)$ এবং $(x-y)$

[নোট : একটি বৃহত্তম রাশির মান শূন্য (০) হলে উহার উৎপাদক গুলোর মান পৃথক পৃথক ভাবে শূন্য হয়।]

যেমন : $x^2 - y^2 = 0 \Rightarrow (x+y)(x-y) = 0$

হয়, $x + y = 0$ অথবা $x - y = 0$

প্রদত্ত রাশিকে আমরা সাধারণত চারটি পদ্ধতিতে বিশ্লেষণ করে থাকি। ১. কমন বা সাধারণ পদ্ধতি, ২. সূত্রের সাহায্যে, ৩. Middle term বা মধ্য রাশির প্রয়োগ, ৪. Function বা ভাগশেষ উপপাদ্যের সাহায্যে।

আমাদের বিশেষভাবে মনে রাখতে হবে যে, উৎপাদক বিশ্লেষণ শেষ হবে ব্র্যাকেটের সাহায্যে। অর্থাৎ উৎপাদকের রেজাল্ট বের হবে ব্র্যাকেট আকারে।

☞ **সূত্রের সাহায্যে দুটি পদ্ধতিতে করতে হয়।** ক. বর্গ রাশির সূত্রের সাহায্যে এবং খ. ঘন রাশির সূত্রের সাহায্যে

১. $(x-1)^2 - 25$ এর উৎপাদক কত?

ক. $(x-4)(x+6)$ খ. $(x+4)(x-6)$

গ. $(x+24)(x-24)$ ঘ. $(x-24)(x+26)$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $(x-1)^2 - 25$

$= (x-1)^2 - 5^2$

$= (x-1+5)(x-1-5)$

$= (x-6)(x+4)$

২. $a^4 + 4$ এর উৎপাদক কত?

ক. $(a^2+2a+2)(a^2-2a+2)$

খ. $(a^2+2a-2)(a^2-2a+2)$

গ. $(a^2-2a+2)(a^2-2a+2)$

ঘ. $(a^2+2a+2)(a^2+2a+2)$ **উত্তর : ক**

ব্যাখ্যা : $a^4 + 4 = (a^2)^2 + 2.a^2.2 + 2^2 - 2.a^2.2$

$= (a^2+2)^2 - (2a)^2$

$= (a^2+2+2a)(a^2+2-2a)$

$= (a^2+2a+2)(a^2-2a+2)$

৩. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক?

ক. $x+y+1$ খ. $x+y-1$

গ. $x-y$ ঘ. $x-y-1$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $x^2 - (y^2 - 2y + 1^2)$

$= x^2 - (y-1)^2$

$= (x+y-1)(x-y+1)$

Scanned with CamScanner

CamScanner

৪. $x^2 - 1 - y(y-2)$ এর উৎপাদক কত?

ক. $(x-y-1)(x-y+1)$ খ. $(x-y+1)(x+y-1)$

গ. $(x+y-1)(x-y+1)$ ঘ. $(x-y)(x+y+1)$ উত্তর : গ

ব্যাখ্যা : $x^2 - 1 - y(y-2)$

$= x^2 - 1 - y^2 + 2y$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y-1)^2$

$= (x+y-1)(x-y+1)$

৫. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কত?

ক. $(1+a+b)(1-a+b)$ খ. $(1+a+b)(1-a-b)$

গ. $(1-a+b)(1-a-b)$ ঘ. $(1+a-b)(1-a+b)$

উত্তর : ঘ

ব্যাখ্যা : $1 - a^2 + 2ab - b^2$

$= 1 - (a^2 - 2ab + b^2)$

$= 1 - (a-b)^2$

$= (1+a-b)(1-a+b)$

৬. $x^4 + x^2 + 1$ এর একটি উৎপাদক $x^2 + x + 1$ অপরটি কত?

ক. $x^2 + x + 1$ খ. $x^2 - x + 1$

গ. $x^2 - x$ ঘ. $x + 1$ উত্তর : খ

ব্যাখ্যা : $x^4 + x^2 + 1 = (x^2)^2 + 2x^2 + 1^2 - x^2$

$= (x^2+1)^2 - x^2 = (x^2 + x + 1)(x^2 - x + 1)$

৭. $a^3 + b^3$ এর উৎপাদক কত?

ক. $(a+b)(a+b)(a+b)$ খ. $(a+b)(a^2+b^2)$

গ. $(a-b)(a+b)(a^2+b^2)$ ঘ. $(a+b)(a^2-ab+b^2)$

উত্তর : ঘ

ব্যাখ্যা : $a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$

৮. $p^6 - q^6$ এর উৎপাদক কত?

ক. $(p^3 - q^3)(p^3 + q^3)$

খ. $(p+q)(p^2 - pq + q^2)(p^3 - q^3)$

গ. $(p^2 + q^2)(p^2 - pq + q^2)(p^2 + pq + q^2)$

ঘ. $(p+q)(p-q)(p^2 - pq + q^2)(p^2 + pq + q^2)$ উত্তর : ঘ

ব্যাখ্যা : $p^6 - q^6 = (p^3)^2 - (q^3)^2 = (p^3 + q^3)(p^3 - q^3)$

$\Rightarrow (p+q)(p-q)(p^2 - pq + q^2)(p^2 + pq + q^2)$

Middle Term Factor বা মধ্য রাশির প্রয়োগ

☞ চেনার উপায় :

i. তিনটি পদ বা তারও বেশি বিদ্যমান থাকে।

ii. ২য় পদে ১ম পদের অর্ধেক Power বিদ্যমান থাকে। যেমন : ১ম পদে আছে x^2 এর অর্ধেক আছে ২য় পদে x থাকবে।

iii. ১ম পদ ও ৩য় পদ পূর্ণবর্গ নাও হতে পারে। যেমন : $2x^2$ ও 3 পূর্ণবর্গ নয়।

➢ সহজে সমাধান করার উপায়

i. প্রথমে ইংরেজি বর্ণযুক্ত পদগুলো থাকবে এরপর ধারাবাহিকভাবে সংখ্যাবাবদ পদ থাকবে।

ii. তিনটি পদযুক্ত উৎপাদককে এমনভাবে ভাবতে হবে যেন যোগ-বিয়োগ করে মাঝখানের মূল পদটি পাওয়া যায় এবং গুণ করলে যেন প্রথম পদ ও তৃতীয় পদের গুণফলের সমান হয়।

iii. মাঝখানের পদ ভাঙ্গার পর এমনভাবে কমন নিতে হবে যেন দুইটি ব্রাকেটের ভিতর একই রকম রাশি হয়।

iv. কোনো কিছু কমন না গেলে 1 বা −1 কমন নিয়ে ব্র্যাকেটের ভিতরের 2টি রাশি একই রকম করতে হবে।

১. $2x^2 - x - 3$ এর উৎপাদক কোনটি?

ক. $(2x+3)(x+1)$ খ. $(2x+3)(x-1)$

গ. $(2x-3)(x-1)$ ঘ. $(2x-3)(x+1)$ উত্তর : খ

ব্যাখ্যা : $2x^2 - x - 3 = 2x^2 - 3x + 2x - 3$

$= x(2x-3) + 1(2x-3)$

$= (x+1)(2x-3)$

২. $2x^2 + x - 15$ এর উৎপাদক কোনটি?

ক. $(x+3)(2x-5)$ খ. $(x-3)(2x-5)$

গ. $(x-3)(2x+5)$ ঘ. $(x+3)(2x+5)$ উত্তর : ক

ব্যাখ্যা : $2x^2 + x - 15 = 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x+3) - 5(x+3)$

$= (x+3)(2x-5)$

৩. $a^3 - 7a - 6$ এর উৎপাদক কত?

ক. $(a+1)(a-2)(a-3)$ খ. $(a-1)(a+2)(a-3)$

গ. $(a+1)(a+2)(a-3)$ ঘ. $(a-1)(a-2)(a-3)$

উত্তর : গ

ব্যাখ্যা : $a^3 - 7a - 6$

$= a^3 + a^2 - a^2 - a - 6a - 6$

$= a^2(a+1) - a(a+1) - 6(a+1)$

$= (a+1)(a^2 - a - 6)$

$= (a+1)(a^2 - 3a + 2a - 6)$

$= (a+1)\{a(a-3) + 2(a-3)\}$

$= (a+1)(a+2)(a-3)$

৪. $x^3 + 3x + 36$ এর একটি উৎপাদক নিচের কোনটি?

ক. $x+3$ খ. $x+4$

গ. $x-3$ ঘ. $x+6$ উত্তর : ক

ব্যাখ্যা : ধরি, $f(x) = x^3 + 3x + 36$

$\therefore f(-3) = (-3)^3 + 3(-3) + 36$

$= -27 - 9 + 36 = 0$

$\therefore (x+3)$ হলো $f(x)$ এর একটি উৎপাদক।

Scanned with CamScanner
CamScanner

৫. $x^2 - y^2$ এর উৎপাদক কত?
ক. $(x + y)(x + y)$ খ. $(x + y)(x - y)$
গ. $(x - y)(x - y)$ ঘ. $(y + x)(y - x)$ উত্তর : খ

৬. $x^3 - 7x - 6$ এর উৎপাদক কত?
ক. $(x - 1)(x - 2)(x - 3)$
খ. $(x - 1)(x + 2)(x - 3)$
গ. $(x + 1)(x + 2)(x - 3)$
ঘ. $(x - 1)(x - 2)(x - 3)$ উত্তর : গ

৭. $a^4 + 4$ এর উৎপাদক কি কি?
ক. $(a^2 + 2a + 2)(a^2 + 2a - 2)$
খ. $(a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$
গ. $(a^2 - 2a + 2)(a^2 + 2a - 2)$
ঘ. $(a^2 - 2a - 2)(a^2 - 2a + 2)$ উত্তর : খ

ব্যাখ্যা : $a^4 + 4 = (a^2)^2 + 2^2$
$= (a^2 + 2)^2 - 2.a^2.2$
$= (a^2 + 2)^2 - 4a^2$
$= (a^2 + 2)^2 - (2a)^2$
$= (a^2 + 2 + 2a)(a^2 + 2 - 2a)$
$= (a^2 + 2a + 2)(a^2 - 2a + 2)$

৮. $x^4 + x^2 + 1$ এর উৎপাদক কোনটি?
ক. $(x^2 + x + 1)(x^2 + x - 1)$
খ. $(x^2 - x + 1)(x^2 + x - 1)$
গ. $(x^2 + x + 1)(x^2 - x + 1)$
ঘ. $(x^2 + x + 1)(x^2 + x + 1)$ উত্তর : গ

ব্যাখ্যা : $x^4 + x^2 + 1 = (x)^4 + 2.x^2.1 + (1)^2 - (x)^2$
$= (x^2 + 1)^2 - (x)^2$
$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$

৯. $x^2 - y^2 + 4y - 4$ এর একটি উৎপাদক–
ক. $x + y - 2$ খ. $x + y + 2$
গ. $x - y - 2$ ঘ. $x - 2y + 1$ উত্তর : ক

ব্যাখ্যা : $x^2 - y^2 + 4y - 4$
$= x^2 - (y^2 - 4y + 4)$
$= x^2 - (y - 2)^2$
$= (x + y - 2)(x - y + 2)$

ব্যাখ্যা : $x^2 + 2xy - 2y - 1$
$= x^2 - 1 + 2xy - 2y$
$= (x + 1)(x - 1) + 2y(x - 1)$
$= (x - 1)(x + 2y + 1)$

১০. $x^3 - 8$ এর উৎপাদক কোনটি?
ক. $x - 2$ খ. $x - 4$
গ. $x^2 - x - 2$ ঘ. $x^2 - 2x - 2$ উত্তর : ক

ব্যাখ্যা : $x^3 - 8 = x^3 - 2^3$
$= (x - 2)(x^2 + 2x + 4)$

১১. $a^3 - 21a - 20$ রাশিটির একটি উৎপাদক হবে নিচের কোনটি?
ক. $(a + 2)$ খ. $(a - 2)$
গ. $(a + 1)$ ঘ. $(a - 1)$ উত্তর : গ

ব্যাখ্যা : $a^3 - 21a - 20 = a^3 + a^2 - a^2 - a - 20a - 20$
$= a^2(a + 1) - a(a + 1) - 20(a + 1)$
$= (a + 1)(a^2 - a - 20)$
$= (a + 1)(a^2 - 5a + 4a - 20)$
$= (a + 1)\{a(a - 5) + 4(a - 5)\}$
$= (a + 1)(a + 4)(a - 5)$

১২. $x^2 + 7x + p$ যদি $x - 5$ দ্বারা বিভাজ্য হয় তবে, p এর মান কত হবে?
ক. 30 খ. – 30
গ. – 60 ঘ. 5 উত্তর : গ

ব্যাখ্যা : যেহেতু $(x - 5)$ দ্বারা $x^2 + 7x + p$ বিভাজ্য।
$\therefore (5)^2 + 7(5) + p = 0$ হবে।
$\Rightarrow 25 + 35 + p = 0$
$\Rightarrow p = -60$
$\therefore p = -60$

১৩. $2x^2 - x - 15$ এর উৎপাদক হবে–
ক. $(x + 6)(x - 5)$ খ. $(x - 5)(x - 6)$
গ. $(2x + 5)(x - 3)$ ঘ. $(x + 3)(2x - 5)$
উত্তর : গ

ব্যাখ্যা : $2x^2 - x - 15$
$= 2x^2 - 6x + 5x - 15$
$= 2x(x - 3) + 5(x - 3)$
$= (2x + 5)(x - 3)$

১৪. $x^2 + x - 20$ এর উৎপাদক কত?
ক. $(x + 5)(x - 4)$ খ. $(x - 5)(x + 5)$
গ. $(x - 5)(x + 4)$ ঘ. $(x - 4)(x + 4)$ উত্তর : ক

ব্যাখ্যা : $x^2 + x - 20$
$= x^2 + 5x - 4x - 20$
$= x(x + 5) - 4(x + 5)$
$= (x + 5)(x - 4)$

১৫. $a^3 - 21a - 20$ এর একটি উৎপাদক হলো–
ক. $(a + 2)$ খ. $(a + 1)$
গ. $(a - 2)$ ঘ. $(a - 1)$ উত্তর : খ

Scanned with CamScanner
CamScanner

ব্যাখ্যা : $a = -1$ বসালে পাই

$a^3 - 21a - 20 = (-1)^3 - 21(-1) - 20$

$= -1 + 21 - 20 = 0$

∴ $(a + 1)$ হবে রাশিটির একটি উৎপাদক।

$a^3 - 21a - 20 = a^3 + a^2 - a^2 - a - 20a - 20$

$= a^2(a + 1) - a(a + 1) - 20(a + 1)$

$= (a + 1)(a^2 - a - 20)$

১৬. $x^4 + x^2 + 1$ এর একটি উৎপাদক $x^2 + x + 1$ হলে অপরটি কত?

ক. $x^2 - 1$ খ. $x^2 + x + 1$

গ. $x^2 - x + 1$ ঘ. $x^2 + 1$

ব্যাখ্যা : $x^4 + x^2 + 1$

$\Rightarrow x^4 + 2x^2 + 1 - x^2$

$\Rightarrow (x^2)^2 + 2.x^2.1 + 1^2 - x^2$

$\Rightarrow (x^2 + 1)^2 - x^2$

$(x^2 + x + 1)(x^2 - x + 1)$

∴ অপর উৎপাদকটি $= x^2 - x + 1$ (উত্তর)

১৭. $7p^2 - p - 8$ এর একটি উৎপাদক হবে–

ক. $7p$ খ. $8-7p$

গ. $7p-8$ ঘ. $p-4$

ব্যাখ্যা : দেয়া আছে, $7p^2 - p - 8$

$= 7p^2 - 8p + 7p - 8$

$= 7p^2 + 7p - 8p - 8$

$= 7p(p + 1) - 8(p + 1)$

$= (p + 1)(7p - 8)$

১৮. $x^4 + x^2 + 1$ এর একটি উৎপাদক $x^2 + x + 1$ অপর উৎপাদকটি কত?

ক. $x^2 - x + 1$ খ. $x^3 + 1$

গ. $x + 1$ ঘ. $x^2 + x + 1$

ব্যাখ্যা : $x^4 + x^2 + 1 = x^4 + x^3 + x^2 - x^3 - x + x^2 + x + 1$

$= x^2(x^2 + x + 1) - x(x^2 + x + 1) + 1(x^2 + x + 1)$

$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$

∴ অপর উৎপাদকটি হলো $(x^2 - x + 1)$ (উত্তর)

১৯. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক–

(ক) $x + y + 1$ (খ) $x + y - 1$

(গ) $x - y$ (ঘ) $x - y - 1$

ব্যাখ্যা : $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

∴ $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক হলো $(x + y - 1)$ (উত্তর)

২০. $m^2 + 8m + 15$ এর উৎপাদক–

(ক) $(m + 5)(m - 3)$ (খ) $(m - 5)(m + 3)$

(গ) $(m + 5)(m + 3)$ (ঘ) $(m - 5)(m - 3)$

ব্যাখ্যা : $m^2 + 8m + 15$

$= m^2 + 5m + 3m + 15$

$= m(m + 5) + 3(m + 5)$

$= (m + 5)(m + 3)$ (উত্তর)

২১. $x^2 - 10xy - 11y^2$-এর উৎপাদক–

ক. $(x - y)(x + 11y)$ খ. $(x - 11y)(x + y)$

গ. $(x + 4y)(x + 5y)$ ঘ. $(x - 5y)(x + 4y)$

ব্যাখ্যা : $x^2 - 10xy - 11y^2$

$= x^2 + xy - 11xy - 11y^2$

$= x(x + y) - 11y(x + y)$

$= (x + y)(x - 11y)$

$= (x - 11y)(x + y)$ (উত্তর)

Scanned with CamScanner
CamScanner

২. বর্গ ও ঘনসম্বলিত সূত্রাবলী ও প্রয়োগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. $x - y = 2$ এবং $xy = 24$ হলে $x + y$ এর মান- *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*

ক. ± 4 খ. ± 5

গ. ± 7 ঘ. ± 10 উ. ঘ

২. m এর মান কত হলে $x^2 + x - m$ একটি পূর্ণবর্গ রাশি হবে। *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{4}$

গ. $-\frac{1}{2}$ ঘ. $-\frac{1}{4}$ উ. ঘ

৩. $x - \frac{1}{x} = \frac{3}{2}$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*

ক. 36 খ. 63

গ. $\frac{36}{8}$ ঘ. $\frac{63}{8}$ উ. ঘ

৪. $9p^2 + 14p$ সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $\frac{49}{9}$ খ. $\frac{14}{9}$

গ. $\frac{7}{3}$ ঘ. 7 উ. ক

৫. $m - n = x$ এবং $mn = 6x^2$ হলে $m^3 - n^3 =$ কত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $19x^2$ খ. $19x^3$

গ. $18x^2$ ঘ. $18x^3$ উ. খ

৬. $x - \frac{1}{x} = 52$ হলে $\left(x + \frac{1}{x}\right)^2$ এর মান কত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. 25 খ. 27

গ. 28 ঘ. 29

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। $x - \frac{1}{x} = 5$ হলে তখন সঠিক উত্তর হবে = 29।

এখানে, $\left(x + \frac{1}{x}\right)^2$

$= \left(x - \frac{1}{x}\right)^2 + 4x.\frac{1}{x}$

$= 5^2 + 4$

$= 25 + 4$

$= 29$

৭. $x^2 + \frac{1}{x^2} = 3$ হলে $\frac{x^6 + 1}{x^3}$ এর মান কত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $3\sqrt{5}$ খ. $4\sqrt{5}$

গ. $2\sqrt{5}$ ঘ. $\sqrt{5}$ উ. গ

৮. প্রথম p সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. p^{2-1} খ. p^2

গ. $p^2 + 1$ ঘ. কোনোটিই নয় উ. খ

৯. $x^2 + y^2 = 18$ এবং $xy = 7$ হলে $(x - y)^2$ এর মান কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. 4 খ. 5

গ. 6 ঘ. 7 উ. ক

১০. $\sqrt[3]{\sqrt[3]{a^3}}$ = কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. a^3 খ. $a^{\frac{1}{3}}$

গ. a ঘ. 1 উ. খ

১১. $x + \frac{1}{x} = 4$ হলে $\frac{x}{x^2 - 3x + 1}$ এর মান কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. 4 খ. 3

গ. 2 ঘ. 1 উ. ঘ

১২. $\frac{\sqrt{2}}{\sqrt{6} + 2}$ = কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. $\sqrt{3} + \sqrt{2}$ খ. $3 - \sqrt{2}$

গ. $\sqrt{3} - \sqrt{2}$ ঘ. $\sqrt{3} + 2$ উ. গ

১৩. $x + \frac{1}{x} = 5$ হলে, $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$

গ. $\frac{1}{4}$ ঘ. $\frac{1}{6}$ উ. ঘ

১৪. $x = 1 + \sqrt{3}$ হলে, x^3 = কত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. $4 + 3\sqrt{3}$ খ. $5 + 6\sqrt{3}$

গ. $10 + 9\sqrt{3}$ ঘ. $10 + 6\sqrt{3}$ উ. ঘ

১৫. যদি $a + b + c = 5$ এবং $a^2 + b^2 + c^2 = 9$ হয়, তবে $ab + bc + ca$ = কত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. 16 খ. 8

গ. 34 ঘ. 12 উ. খ

Scanned with CamScanner
CamScanner

১৬. যদি $x^2 + \frac{1}{x^2} = 38$ হয়, তবে $x - \frac{1}{x} = ?$ *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*

ক. ± 40 খ. ± 6
গ. ± 7 ঘ. ± 5 উ. খ

১৭. $a + b = 17$ এবং $ab = 60$ হলে; $(a - b)^2$ এর মান কত? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*

ক. 49 খ. 64
গ. 36 ঘ. 125 উ. ক

১৮. $x - \frac{1}{x} = 7$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*

ক. 334 খ. 322
গ. 364 ঘ. 354 উ. গ

১৯. $x - \frac{1}{x} = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*

ক. 2 খ. 4
গ. 6 ঘ. 8 উ. খ

২০. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x - y)^2$ এর মন কত? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*

ক. 6 খ. 3
গ. 9 ঘ. 12 উ. গ

২১. $x + \frac{1}{x} = \sqrt{2}$ হলে, $x^4 + \frac{1}{x^4} = ?$ *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. -2 খ. 2
গ. 4 ঘ. 14 উ. ক

২২. $x + y = 2$, $x^2 + y^2 = 4$ হলে, $x^3 + y^3 =$ কত? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. 25 খ. 16
গ. 9 ঘ. 8 উ. ঘ

২৩. $\frac{ab + b^2}{ab} \div \frac{a + b}{a} =$ কত? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. $\frac{a + b}{a^2}$ খ. $\frac{a}{b}$
গ. 1 ঘ. $\frac{a - b}{a^2}$ উ. গ

২৪. $\left(\sqrt{3} \times \sqrt{5}\right)^4$ এর মান কত? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*

ক. 30 খ. 60
গ. 225 ঘ. 115 উ. গ

২৫. $4a^2 + 9b^2$ রাশিটির সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*

ক. 6ab খ. 12ab
গ. 18ab ঘ. 24ab উ. খ

২৬. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*

ক. 9 খ. 10
গ. 12 ঘ. কোনোটিই নয় উ. খ

২৭. $x - y = 1$, $xy = 56$ হলে $x + y =$ কত? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*

ক. 16 খ. 15
গ. 225 ঘ. 221 উ. খ

২৮. $x = 3 + 2\sqrt{2}$ হলে x^{-1} এর সঠিক মান হবে– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*

ক. $3 + 2\sqrt{2}$ খ. $\sqrt{3} + \sqrt{2}$
গ. $3 - 2\sqrt{2}$ ঘ. $\sqrt{3} - \sqrt{2}$ উ. গ

২৯. $x - \frac{1}{x} = 3$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*

ক. 25 খ. 115
গ. 18 ঘ. কোনোটিই নয় উ. ঘ

৩০. $x + \frac{1}{x} = 2$ হলে $\frac{x}{x^2 - x + 1}$ এর মান কত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*

ক. 1 খ. 2
গ. 3 ঘ. 4 উ. ক

স্কুল পর্যায়

১. যদি $a^2 + \frac{1}{a^2} = 51$ হয়, তবে $\left(a - \frac{1}{a}\right)$ এর মান কত? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ± 9 খ. ± 7
গ. ± 5 ঘ. ± 3 উ. খ

২. $4x^2 - 20x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. 4 খ. 9
গ. 16 ঘ. 25 উ. ঘ

৩. $ax^2 + b$ এর মান $x = 1$ হলে 1 এবং $x = 3$ হলে 25 হয়। $x = 2$ হলে এর মান কত? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. 5 খ. 10
গ. 15 ঘ. 20 উ. খ

৪. যদি $x + \frac{1}{x} = -5$ হয়, তবে $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. $\frac{1}{4}$ খ. 4
গ. -4 ঘ. $-\frac{1}{4}$ উ. ঘ

Scanned with CamScanner
CamScanner

